জুলাই ২০২৬। বর্ষ ৩১। সংখ্যা ৩৫৯


# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com




বিশ্বকাপের জ্বরে বিশ্ব

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী



ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা

প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর

সৃজনশীল অর্থনীতির প্রেক্ষাপট ও বাংলাদেশ

AI থেকে AGI

## চাকরি প্রস্তুতি

- NTRCA [illegible] বিষয়ভিত্তিক প্রস্তুতি
- Bank Job Model Test
- পুলিশ সার্জেন্ট ও এএসআই
- PSC নন-ক্যাডার লিখিত
- সমন্বিত নিয়োগ প্রস্তুতি
- স্বাস্থ্য সহকারী নিয়োগ



জাতীয় বাজেট ২০২৬-২০২৭

প্রশ্ন সমাধান • ভর্তি প্রস্তুতি : ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি



# তথ্য প্রবাহ

## মে মাসের বাকি অংশ

**বাংলাদেশ • ১৮ মে ২০২৬**

— প্রজ্ঞাপন জারি করে ভূরুঙ্গামারী, কুহিয়া, মাতামুহুরী, চন্দ্রগঞ্জ ও মোকামতলাকে নতুন উপজেলা গঠন করা হয়।

**বাংলাদেশ • ১৯ মে ২০২৬**

— ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটসহ দেশের ৪৯টি পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউটের নামের সঙ্গে 'সরকারি' শব্দটি যুক্ত করা হয়।

— সুপ্রীম কোর্ট সচিবালয় বিলুপ্ত করে এই সচিবালয়ের সিনিয়র সচিবসহ ১৫ জন কর্মকর্তাকে আইন মন্ত্রণালয়ে ফেরত নেওয়া হয়।

— ঢাকার কুর্মিটোলা জেনারেল হাসপাতালের নাম পরিবর্তন করে 'কুর্মিটোলা মাল্টিকেয়ার স্পেশালাইজড হাসপাতাল' নামকরণ করা হয়।

**আন্তর্জাতিক**

— দু'দিনের সফরে চীন পৌছান রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

— মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ইরানে যুদ্ধ পরিচালনার ক্ষমতা সীমিত করার প্রস্তাব মার্কিন সিনেটে ৫০-৪৮ ভোটের ব্যবধানে পাশ।

**বাংলাদেশ • ২০ মে ২০২৬**

— প্রজ্ঞাপন জারি করে কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়।

— গাজীপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৬তম জাতীয় সমাবেশ অনুষ্ঠিত।

— টেস্ট র‍্যাংকিংয়ে প্রথমবারের মতো সপ্তম স্থানে উঠে আসে বাংলাদেশ ক্রিকেট দল।

— পাকিস্তানের বিপক্ষে প্রথম টেস্ট সিরিজ জয় ও হোয়াইটওয়াশ করার কীর্তি গড়ে বাংলাদেশ।

— দেশে বিদ্যুৎ উৎপাদনের ইতিহাসে রেকর্ড ১৭,২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়।

**আন্তর্জাতিক**

— চীন-রাশিয়ার মধ্যে বাণিজ্য ও প্রযুক্তি-বিষয়ক ২০টির বেশি চুক্তি স্বাক্ষরিত হয়।

**বাংলাদেশ • ২১ মে ২০২৬**

— মন্ত্রিসভায় Framework Agreement on the Establishment of the International Big Cat Alliance (IBCA) স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন।

— প্রজ্ঞাপন জারি করে নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়।

— জাপানের সঙ্গে স্বাক্ষরিত প্রতিরক্ষা চুক্তির অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করে মন্ত্রিসভা।

**আন্তর্জাতিক • ২২ মে ২০২৬**

— যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা সংস্থার প্রধান নির্বাহী তুলসী গ্যাবার্ড পদত্যাগের ঘোষণা দেন।

— কলকাতায় বাংলাদেশ ও ভারতের যৌথ নদী কমিশনের (JRC) বৈঠক অনুষ্ঠিত।

**বাংলাদেশ • ২৩ মে ২০২৬**

— দেশের সমুদ্রসীমায় তেল-গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক তেল কোম্পানিগুলোর (IOC) জন্য অফশোর বিডিং রাউন্ড-২০২৬ ঘোষণা করে সরকার।

— বন্ধ কলকারখানা চালুসহ অর্থনীতি পুনরুত্থানে ৬০ হাজার কোটি টাকার তহবিল ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক।

**বাংলাদেশ • ২৪ মে ২০২৬**

— বঙ্গোপসাগরে ২৬ ব্লকে তেল গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে পেট্রোবাংলা।

**আন্তর্জাতিক**

— চীনের জিউকুয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে তিন নভোচারীকে নিয়ে চীনের ইতিহাসে দীর্ঘতম মহাকাশ অভিযান উৎক্ষেপণ।

**বাংলাদেশ • ২৫ মে ২০২৬**

— মেট্রোরেল ভ্রমণে বয়স্ক নাগরিক (৬৫ বছর বা তদূর্ধ্ব), প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের ২৫% বিশেষ ছাড় কার্যক্রমের উদ্বোধন।

— জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী পালিত।

**বাংলাদেশ • ২৮ মে ২০২৬**

— পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপিত।

**আন্তর্জাতিক • ২৯ মে ২০২৬**

— সংঘাতপূর্ণ এলাকায় যৌন সহিংসতার অভিযোগে রাশিয়া ও ইসরায়েলকে কালোতালিকাভুক্ত করে জাতিসংঘ।

**বাংলাদেশ • ৩০ মে ২০২৬**

— সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী পালিত।

**আন্তর্জাতিক • ৩১ মে ২০২৬**

— ভারতের তৃতীয় চিফ অব ডিফেন্স স্টাফ হিসেবে দায়িত্ব গ্রহণ করেন জেনারেল এন এস রাজা সুব্রামানি।

— কলম্বিয়ায় প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

— সিঙ্গাপুরে তিন দিনব্যাপী 'শাংরি-লা ডায়ালগ' সমাপ্ত।

## টপ নিউজ

| | |
|---|---|
| ২৪ মে | কুয়াকাটা ও সলিমপুর সামুদ্রিক সংরক্ষিত এলাকা ঘোষণা করে প্রজ্ঞাপন জারি। |
| ২৭ মে | তৃতীয় বাংলাদেশি নারী হিসেবে এভারেস্ট জয় করেন নুরুন্নাহার নিম্নি। |
| ০২ জুন | UNGA'র ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হন ড. খলিলুর রহমান। |
| ০৭ জুন | দেশের ৫৯তম সরকারি বিশ্ববিদ্যালয় লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। |
| ০৯ জুন | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দেশের প্রথম মহাসাগরীয় উপগ্রহ ভূ-কেন্দ্র উদ্বোধন। |
| ১১ জুন | জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপন। |
| | প্রথমবার তিন দেশে ২৩তম ফিফা বিশ্বকাপ ফুটবল শুরু। |
| ১৫ জুন | দেশের ৬৪তম GI পণ্যের স্বীকৃতি পায় মানিকগঞ্জের হাজারী গুড়। |
| ১৭ জুন | যুদ্ধ বন্ধের জন্য স্থায়ী চুক্তিতে যেতে যুক্তরাষ্ট্র ও ইরান Islamabad Memorandum of Understanding স্বাক্ষর করে। |
| ২১ জুন | প্রধানমন্ত্রী তারেক রহমান প্রথম রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া যান। |
| | বিশ্বকাপ ইতিহাসের হাজারতম ম্যাচে মুখোমুখি হয় তিউনিসিয়া-জাপান। |

ইথিওপিয়া 'আফ্রিকার ছাদ' নামে পরিচিত; এর সর্বোচ্চ চূড়া রাস দেজেন

Vertex -Abdul Wadud

CamScanner

## জুন

### বাংলাদেশ • ০১ জুন ২০২৬

— পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী দীপেন দেওয়ান পদত্যাগ করেন।

### আন্তর্জাতিক

— মালয়েশিয়া ১৬ বছরের কম বয়সিদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নিষিদ্ধ কার্যকর করে।

### বাংলাদেশ • ০২ জুন ২০২৬

— স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে বাংলাদেশের উন্নয়নশীল দেশের কাতারে উত্তরণের প্রক্রিয়া তিন বছর পেছানোর আবেদন জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) ইতিবাচক সাড়া দেয়।

### আন্তর্জাতিক • ০৩ জুন ২০২৬

— যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদে (হাউস অব রিপ্রেজেন্টেটিভস) ট্রাম্পের যুদ্ধ পরিচালনার ক্ষমতা খর্ব করতে একটি ঐতিহাসিক বিল পাশ হয়।

— জোরপূর্বক শ্রমে তৈরি পণ্যের আমদানি ঠেকাতে ব্যর্থ হওয়ার অভিযোগে ভারতসহ ৬০টির বেশি বাণিজ্য অংশীদারের ওপর নতুন শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র।

### বাংলাদেশ • ০৪ জুন ২০২৬

— মন্ত্রিসভায় 'প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (FDI) প্রণোদনা স্কিম নীতিমালা, ২০২৬' অনুমোদন।

— প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

### আন্তর্জাতিক

— তিন দিনের সফরে ঢাকায় আসেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান।

— কিউবার প্রেসিডেন্ট মিগুয়েল দিয়াজ-কানেল ও তার সঙ্গে সংশ্লিষ্ট বেশ কয়েক ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র।

### বাংলাদেশ • ০৫ জুন ২০২৬

— তুরস্ক ও বাংলাদেশ সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে সহযোগিতার বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করে।

### আন্তর্জাতিক

— কলকাতা পৌর কর্পোরেশনের মেয়র ফিরহাদ হাকিম মেয়রের পদ থেকে ইস্তফা দেন।

— বিশ্বের ৩৯টি দেশের অভিবাসন প্রক্রিয়ার ওপর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের আরোপ করা কঠোর বিধি-নিষেধগুলো বাতিল করে দেন ওয়াশিংটন ডিসির ডিস্ট্রিক্ট কোর্ট।

### বাংলাদেশ • ০৭ জুন ২০২৬

— ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও বাজেট অধিবেশন শুরু।

— তিন দিনের সফরে রাশিয়া যান পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

— দেশের ইতিহাসে প্রথমবারের মতো মাত্র ছয় কার্যদিবসে আলোচিত রামিসা ধর্ষণ মামলার রায় ঘোষণা করা হয়।

### আন্তর্জাতিক • ০৮ জুন ২০২৬

— যুক্তরাষ্ট্রে উচ্চ দক্ষতাসম্পন্ন বিদেশি কর্মীদের জন্য নতুন এইচ-১বি ভিসার ওপর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত ১ লাখ ডলারের ফি বাতিল করে বোস্টনের জেলা আদালত।

— ভারতের নয়াদিল্লিতে-বর্ডার গার্ড বাংলাদেশ (BGB) ও ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (BSF) মহা-পরিচালক পর্যায়ের ৫৭তম সীমান্ত সম্মেলন শুরু।

— চীনের প্রেসিডেন্ট সি চিন পিং দুই দিনের সফরে উত্তর কোরিয়া যান।

— ফিলিপাইনের দক্ষিণাঞ্চলীয় উপকূলে ৭.৮ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে।

### বাংলাদেশ • ০৯ জুন ২০২৬

— ইসরায়েলের বিরুদ্ধে 'অপারেশন নাসর' (Operation Nasr) শুরুর ঘোষণা দেয় ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস।

— তিন মাসের মধ্যে সুপ্রিম কোর্টের জন্য পৃথক স্বাধীন সচিবালয় করার নির্দেশ দিয়ে হাইকোর্টের রায় স্থগিত করেন আপিল বিভাগ।

— ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ২১ বছর পর ওয়ানডে ম্যাচ জিতে বাংলাদেশ।

— বাংলাদেশ সরকার ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) মধ্যে ৫০ বিলিয়ন জাপানি ইয়েনের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়।

### বাংলাদেশ • ১০ জুন ২০২৬

— ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিতে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মো. আশরাফুল আলমকে ব্যাংকটির পর্যবেক্ষক হিসেবে নিয়োগ দেয় কেন্দ্রীয় ব্যাংক।

### বাংলাদেশ • ১১ জুন ২০২৬

— দেশের ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু সেতু নির্মাণে বাংলাদেশ ও চীনের মধ্যে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরিত হয়।

— অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের প্রথমবারের মতো ওয়ানডে সিরিজ জয়।

— মন্ত্রিসভার বিশেষ বৈঠকে জাতীয় সংসদে উপস্থাপনের জন্য ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন দেওয়া হয়।

— বগুড়া জেলায় ৪টি নতুন ইউনিয়ন গঠন করে প্রজ্ঞাপন জারি।

— বিশ্বকাপ ফুটবল-২০২৬ উপলক্ষে ১০ টাকা মূল্যমানের স্মারক ডাকটিকিট উন্মোচন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

### গাছকে জীবন্ত সত্তা ঘোষণা



৯ জুন ২০২৬ কানাডার কুইবেক প্রদেশের টেরেস-ভড্রিউইল শহরের সিটি কাউন্সিল গাছকে জীবন্ত সত্তা হিসেবে স্বীকৃতি দেয়। কানাডায় এটিই প্রথম ঘটনা। এই শহরটি এখন কুইবেক ও কানাডার প্রথম পৌরসভা, যারা গাছের অধিকারবিষয়ক বৈশ্বিক ঘোষণাপত্রে (Universal Declaration of the Rights of Trees) স্বাক্ষর করেছে। এটি মূলত পরিবেশবাদী দলগুলোর নেওয়া একটি আন্তর্জাতিক উদ্যোগ। এই আন্তর্জাতিক উদ্যোগের তিনটি মূলনীতি রয়েছে প্রথমত, পৃথিবীতিতে প্রাণের অস্তিত্ব গাছের উপর নির্ভরশীল। দ্বিতীয়ত গাছের সঙ্গে মানুষের ভ্রাতৃত্ব ও সংহতি বজায় রাখতে হবে। তৃতীয়ত গাছ একটি জীবনসত্তা যা মানবজাতীর জন্য মঙ্গলজনক।

ইথিওপিয়ার পাহাড়ি অঞ্চল কফির জন্মভূমি হিসেবে পরিচিত

CamScanner

**আন্তর্জাতিক • ১২ জুন ২০২৬**

— ইরানের জব্দকৃত ২৪ বিলিয়ন ডলারের সম্পদ মুক্ত করার বিষয়ে সম্মতি দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

— ইংল্যান্ডে দশম নারী টি-২০ বিশ্বকাপ শুরু।

— উত্তর কোরিয়ার রাজধানী পিয়ংইয়ংয়ে সামরিক ড্রোন পাঠানোর সঙ্গে জড়িত থাকার অভিযোগে দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট ইউন সুক-ইওলকে ৩০ বছরের কারাদণ্ড দেয় আদালত।

— ইউরোপীয় ইউনিয়ন অভিবাসন ও শরণার্থী সংক্রান্ত নতুন চুক্তি কার্যকর করে।

**বাংলাদেশ • ১৩ জুন ২০২৬**

— পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের সরকারি কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন।

— কক্সবাজার সদর উপজেলার পিএমখালী ইউনিয়নে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্মৃতিবিজড়িত পাতলী-মাছুয়াখালী খাল পুনঃখনন কাজের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

**বাংলাদেশ • ১৪ জুন ২০২৬**

— নরসিংদী জেলায় 'নরসিংদী মেডিকেল কলেজ' প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি।

**আন্তর্জাতিক**

— সুইজারল্যান্ডের জনসংখ্যা সর্বোচ্চ ১ কোটিতে (১০ মিলিয়ন) বেঁধে রাখার একটি ডানপন্থী প্রস্তাব গণভোটে প্রত্যাখ্যাত হয়।

**বাংলাদেশ • ১৫ জুন ২০২৬**

— জাতীয় সংসদে 'নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল, ২০২৬' পাশ হয়।

**আন্তর্জাতিক**

— দক্ষিণ-পূর্ব ফ্রান্সের এভিয়ান-লে-বেইনসে ৫২তম জি-৭ শীর্ষ সম্মেলনা শুরু।

— ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সর্বোচ্চ জাতীয় সম্মান 'দ্য অর্ডার অব দ্য হোয়াইট ডবল ক্রস (ফার্স্ট ক্লাস)'-এ ভূষিত করে স্লোভাকিয়া।

**বাংলাদেশ • ১৬ জুন ২০২৬**

— জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় 'চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চলের জন্য সহায়ক অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প অনুমোদন।

**আন্তর্জাতিক**

— ইন্দোনেশিয়ার মধ্যাঞ্চলীয় সুলাওয়েসি দ্বীপে ৬.৭ মাত্রার একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে।

**বাংলাদেশ • ১৭ জুন ২০২৬**

— অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি দেশে দুটি মুক্ত বাণিজ্য অঞ্চল (ফ্রি ট্রেড জোন) প্রতিষ্ঠার উদ্যোগ নীতিগত অনুমোদন দেয়।

**বাংলাদেশ • ১৮ জুন ২০২৬**

— পুলিশের ইউনিফর্মে 'গাঢ় নীল' এবং 'হালকা অলিভ' (জলপাই) রঙের সংমিশ্রণের পরিবর্তন করে প্রজ্ঞাপন জারি।

**আন্তর্জাতিক**

— সংযুক্ত আরব আমিরাত ১৫ বছরের কম বয়সিদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করে।

**বাংলাদেশ • ১৯ জুন ২০২৬**

— দেশে প্রথমবারের মতো ব্যাংক, বিমা, ওষুধ, পোশাকশিল্পসহ দেশের করপোরেট খাতের শীর্ষ কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে বিশেষ সম্মেলন 'এআই সামিট'।

**আন্তর্জাতিক**

— যৌন অসদাচরণের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) প্রধান প্রসিকিউটর করিম খানকে সাময়িক বরখাস্ত করে যুক্তরাজ্যের আইনজীবীদের নিয়ন্ত্রক সংস্থা 'বার স্ট্যান্ডার্ডস বোর্ড'।

**আন্তর্জাতিক • ২০ জুন ২০২৬**

— দেশজুড়ে জরুরি অবস্থা ঘোষণা করেন বলিভিয়ার প্রেসিডেন্ট রদ্রিগো পাজ।

**বাংলাদেশ • ২১ জুন ২০২৬**

— 'নজরুল বর্ষ' ঘোষণা করে প্রজ্ঞাপন জারি।

— মুন্সীগঞ্জে দেশের প্রথম 'ক্যাশলেস' জেলা কারাগার চালু।

**আন্তর্জাতিক**

— সুইজারল্যান্ডে যুক্তরাষ্ট্র ও ইরানের উচ্চপদস্থ কর্মকর্তাদের মধ্যে প্রথম দফার আলোচনা অনুষ্ঠিত।

**বাংলাদেশ • ২২ জুন ২০২৬**

— মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর থেকে চীন যান প্রধানমন্ত্রী তারেক রহমান।

— বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে সংস্কৃতি বিষয়ে সমঝোতা স্মারক এবং বিনিয়োগ বৃদ্ধি ও সন্ত্রাস দমনে দুটি Exchange of Notes বিনিময় হয়।

**আন্তর্জাতিক**

— ইরানের তেল উৎপাদন, বিক্রি ও সরবরাহের ওপর আরোপিত নিষেধাজ্ঞা সাময়িকভাবে স্থগিত করার ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র।

— ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার পদত্যাগের ঘোষণা দেন।

**বাংলাদেশ • ২৪ জুন ২০২৬**

— প্রধানমন্ত্রী তারেক রহমান দালিয়ানে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (WEF) ১৭তম সামার দাভোসের মূল উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন।

— বগুড়ার মোকামতলা উপজেলাকে পৌরসভা গঠনের জন্য ১০টি গ্রামকে শহর ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে সরকার।

**বাংলাদেশ • ২৫ জুন ২০২৬**

— বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার দীনেশ ত্রিবেদী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে পরিচয়পত্র পেশ করেন।

— বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

**বাংলাদেশ • ২৬ জুন ২০২৬**

— চীনা প্রেসিডেন্ট সি চীন পিংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

**আন্তর্জাতিক**

— সমঝোতা ভঙ্গ করে ইরান-যুক্তরাষ্ট্র একে অপরের লক্ষ্যবস্তুতে হামলা চালায়।

## ভেনিজুয়েলায় ভয়াবহ ভূমিকম্প

২৪ জুন ২০২৬ ভেনিজুয়েলায় শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। এটি প্রথমে ৭.২ মাত্রার একটি 'পূর্বকম্পন' এবং ৩৯ সেকেন্ড পরে ৭.৫ মাত্রার 'মূল কম্পনের সৃষ্টি করে। প্রথম ভূমিকম্পের উৎপত্তিস্থল ভেনিজুয়েলা ফেলিপে ইয়ারাকুইতে। দ্বিতীয় ভূমিকম্পটির উৎপত্তিস্থল ভেনিজুয়েলা শহর থেকে প্রায় ২৩ কিমি দক্ষিণ-পূর্বে। উভয় ভূমিকম্পের ... দুটি বিশেষ করে লা গুয়াইরা এবং কারাকাসে ব্যাপক ক্ষয় ক্ষ... ১০০০-এর অধিক নিহত, ৪,৫০০ বেশি আহত ... বেশি মানুষ নিখোঁজ হন। এক শতাব্দীরও বেশি ... আঘাত হানা সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প...

...গ

...জিল্যান্ড-মিসর

তিউনিসিয়া-জাপান

| | |
|---|---|
| ৪৫. | ক |
| ৪৬. | খ |
| ৪৭. | গ |
| ৪৮. | ক |
| ৪৯. | ক |
| ৫০. | ঘ |

ইথিওপিয়ার Kaffa অঞ্চল থেকে 'কফি' শব্দটি এসেছে

Vertex -Abdul Wadud

# সাম্প্রতিক বিষয়ের MCQ

## বাংলাদেশ

১. প্রধানমন্ত্রী তারেক রহমান প্রথম রাষ্ট্রীয় সফর করেন কোন দেশে?
● মালয়েশিয়া ⓑ চীন
ⓖ জাপান ⓓ ভারত

২. দেশের প্রথম মহাসাগরীয় উপগ্রহ ভূ-কেন্দ্র কোথায়?
● চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ⓑ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ⓖ খুলনা বিশ্ববিদ্যালয়
ⓓ রাজশাহী বিশ্ববিদ্যালয়

৩. বাংলাদেশে সামুদ্রিক সংরক্ষিত এলাকা (MPA) কতটি?
ⓚ ৫টি ● ৬টি ⓖ ৭টি ⓓ ৮টি

৪. দেশের সর্ববৃহৎ সামুদ্রিক সংরক্ষিত এলাকা কোনটি?
ⓚ সোয়াচ অব নো গ্রাউন্ড ⓑ সেন্টমার্টিন
ⓖ সলিমপুর ● কুয়াকাটা

৫. বর্তমানে দেশে নিবন্ধিত GI পণ্য কতটি?
ⓚ ৬২ ● ৬৪ ⓖ ৬৬ ⓓ ৬৮

৬. দেশের ৬৪তম নিবন্ধিত GI পণ্য কোনটি?
ⓚ মেহেরপুরের সাবিত্রী মিষ্টি
ⓑ কালিগঞ্জের তোয়ালে
ⓖ জয়পুরহাটের লতিরাজ কচু
● মানিকগঞ্জের হাজারী গুড়

৭. চীনা অর্থনৈতিক ও শিল্প অঞ্চল (CEIZ) কোথায় স্থাপিত হবে?
ⓚ আড়াইহাজার, নারায়ণগঞ্জ ● আনোয়ারা, চট্টগ্রাম
ⓖ টেকনাফ, কক্সবাজার ⓓ কুয়াকাটা, পটুয়াখালী

৮. বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা (BBRA) করা হয় কবে?
ⓚ ২ এপ্রিল ২০২৬ ● ৫ মে ২০২৬
ⓖ ৩ জুন ২০২৬ ⓓ ১৪ জুন ২০২৬

৯. দেশের সব গণপরিবহনে GPS ডিভাইস সংযুক্ত করা ও তা সচল রাখা বাধ্যতামূলক করা হয় কবে থেকে?
ⓚ ১১ জুন ২০২৬ ⓑ ২২ জুন ২০২৬
ⓖ ৩০ জুন ২০২৬ ● ১ আগস্ট ২০২৬

১০. তৃতীয় নারী বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন কে?
● নুরুন্নাহার নিম্নি ⓑ নিশাত মজুমদার
ⓖ ওয়াসফিয়া নাজরীন ⓓ নাজমুন নাহার

১১. বাংলাদেশ কতবার UNGA'র সভাপতি নির্বাচিত হয়?
● ২ ⓑ ৩ ⓖ ৪ ⓓ ৫

১২. বর্তমানে দেশে পৌরসভা কতটি?
ⓚ ৩২৮টি ⓑ ৩২৯টি ● ৩৩০টি ⓓ ৩৩১টি

১৩. ১৪ মে ২০২৬ কোন পৌরসভা প্রতিষ্ঠা করা হয়?
ⓚ ভুল্লী (ঠাকুরগাঁও) ⓑ চন্দ্রগঞ্জ (লক্ষ্মীপুর)
ⓖ মোকামতলা (বগুড়া) ● পেকুয়া (কক্সবাজার)

১৪. বর্তমানে দেশে সরকারি বিশ্ববিদ্যালয় কতটি?
ⓚ ৫৬টি ⓑ ৫৭টি ⓖ ৫৮টি ● ৫৯টি

১৫. দেশের ৫৯তম সরকারি বিশ্ববিদ্যালয় কোনটি?
● লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ⓑ শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়
ⓖ ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি
ⓓ ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়

১৬. বর্তমানে দেশে সরকারি MBBS মেডিকেল কলেজ কতটি?
ⓚ ৩৮ ● ৩৯ ⓖ ৪০ ⓓ ৪১

১৭. দেশের সর্বশেষ সরকারি MBBS মেডিকেল কলেজ কোনটি?
ⓚ ঠাকুরগাঁও মেডিকেল কলেজ
ⓑ নারায়ণগঞ্জ মেডিকেল কলেজ
● নরসিংদী মেডিকেল কলেজ
ⓓ বরগুনা মেডিকেল কলেজ

১৮. বর্তমানে দেশে নগর উন্নয়ন কর্তৃপক্ষ কতটি?
ⓚ. ১২ ● ১৩ ⓖ ১৪ ⓓ ১৫

১৯. দেশের ১৩তম নগর উন্নয়ন কর্তৃপক্ষ কোনটি?
ⓚ যশোর উন্নয়ন কর্তৃপক্ষ
ⓑ দিনাজপুর উন্নয়ন কর্তৃপক্ষ
ⓖ কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ
● নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ

২০. কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয় কবে?
● ২০ মে ২০২৬ ⓑ ২৫ মে ২০২৬
ⓖ ১ জুন ২০২৬ ⓓ ২ জুন ২০২৬

২১. নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয় কবে?
● ২১ মে ২০২৬ ⓑ ২৫ মে ২০২৬
ⓖ ৩০ মে ২০২৬ ⓓ ২ জুন ২০২৬

২২. নগর উন্নয়ন কর্তৃপক্ষ কোন মন্ত্রণালয়ের অধীনে?
ⓚ প্রধানমন্ত্রীর কার্যালয়
ⓑ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
● গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ⓓ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

২৩. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (IDRA) প্রথম নারী চেয়ারম্যান কে?
ⓚ শামীমা পারভীন ● মীর নাদিয়া নিভিন
ⓖ তাহমিনা আখতার ⓓ ফরিদা খানম

## GDP'র সাময়িক হিসাব ২০২৫-২৬

২৪. মাথাপিছু GDP কত মার্কিন ডলার?
ⓚ ২,৬৯৯ মা.ড. ⓑ ২,৭৮৮ মা.ড.
● ২,৮৬৬ মা.ড. ⓓ ২৯৮৩ মা.ড.

২৫. মাথাপিছু আয় কত মার্কিন ডলার?
ⓚ ২,৮৯৬ মা.ড. ⓑ ২,৮৯৮ মা.ড.
ⓖ ২,৯৯৯ মা.ড. ● ৩,০২০ মা.ড.

| উত্তর | |
|---|---|
| ১. | ক |
| ২. | ক |
| ৩. | খ |
| ৪. | ঘ |
| ৫. | খ |
| ৬. | ঘ |
| ৭. | খ |
| ৮. | খ |
| ৯. | ঘ |
| ১০. | ক |
| ১১. | ক |
| ১২. | গ |
| ১৩. | ঘ |
| ১৪. | ঘ |
| ১৫. | ক |
| ১৬. | খ |
| ১৭. | গ |
| ১৮. | খ |
| ১৯. | ঘ |
| ২০. | ক |
| ২১. | ক |
| ২২. | গ |
| ২৩. | খ |
| ২৪. | গ |
| ২৫. | ঘ |



CamScanner

২৬. GDP প্রবৃদ্ধির হার কত?
(ক) ৪.১৪% (খ) ৪.৯০%
(গ) ৫.০০% (ঘ) ৬.১০%

২৭. কৃষি খাতে অবদানের হার কত?
(ক) ১০.৯৩% (খ) ১১.০৩%
(গ) ১২.৪৭% (ঘ) ১৩.৪৭%

২৮. শিল্প খাতে অবদানের হার কত?
(ক) ৩৪.৩০% (খ) ৩৫.৭৯%
(গ) ৩৬.৯৮% (ঘ) ৩৭.৩০%

২৯. সেবা খাতে অবদানের হার কত?
(ক) ৫১.৭৪% (খ) ৫১.৯৯%
(গ) ৫২.০৯% (ঘ) ৫৩.০৭%

৩০. কৃষি খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ২.৪২% (খ) ২.৭৮%
(গ) ৩.৭৫% (ঘ) ৪.১৫%

৩১. শিল্প খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ২.৮৬% (খ) ৩.৭১%
(গ) ৪.৮৬% (ঘ) ৫.৯৩%

৩২. সেবা খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ৪.২৩% (খ) ৪.৯৯%
(গ) ৪.৫৯% (ঘ) ৫.৮৬%

## আন্তর্জাতিক

৩৩. যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে Islamabad Memorandum of Understanding স্বাক্ষরিত হয় কবে?
(ক) ৯ জুন ২০২৬ (খ) ১০ জুন ২০২৬
(গ) ১৪ জুন ২০২৬ (ঘ) ১৭ জুন ২০২৬

৩৪. Islamabad Memorandum of Understanding-এর দফা কতটি?
(ক) ১০ (খ) ১২ (গ) ১৪ (ঘ) ১৬

৩৫. দক্ষিণ আফ্রিকার বর্তমান প্রেসিডেন্ট সিরিল রামাফোসা কোন কেলেঙ্কারির সঙ্গে জড়িত?
(ক) Panama Papers (খ) Pentagon Papers
(গ) Swiss Leaks (ঘ) Farmgate Scandal

৩৬. বিশ্বের প্রথম ট্রিলিয়নেয়ার কে?
(ক) জেফ বেজস (খ) বিল গেটস
(গ) ইলন মাস্ক (ঘ) জন ডি রকফেলার

৩৭. UNGA'র ৮১তম অধিবেশনের সভাপতি কে?
(ক) ডেনিস ফ্রান্সিস (খ) আনালেনা বেয়ারবক
(গ) ড. খলিলুর রহমান (ঘ) আন্দ্রেয়াস এস কাকোরিস

৩৮. কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) নকশা ব্যবহার করে প্রথম ভ্যাকসিন তৈরি করে কোন দেশ?
(ক) জাপান (খ) জার্মানি
(গ) ফ্রান্স (ঘ) যুক্তরাজ্য

৩৯. সাগরতলে বিশ্বের প্রথম বায়ুশক্তিচালিত ডেটা সেন্টার চালু করে কোন দেশ?
(ক) জাপান (খ) রাশিয়া
(গ) চীন (ঘ) যুক্তরাষ্ট্র

৪০. ১৮ জুন ২০২৬ বিশ্বের কোন দেশ প্রথমবারের মতো বিশেষায়িত কোয়ান্টাম কম্পিউটারের নির্মাণ শুরু করে?
(ক) যুক্তরাষ্ট্র (খ) যুক্তরাজ্য
(গ) জাপান (ঘ) অস্ট্রেলিয়া

৪১. কোনটি রাশিয়ার মধ্যবর্তী পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র?
(ক) Oreshnik (খ) Sejjil
(গ) Hyunmoo (ঘ) Hwasong

৪২. AGI-এর পূর্ণরূপ কী?
(ক) American Geosciences Intelligence
(খ) Adventure Game Intelligence
(গ) Artificial General Intelligence
(ঘ) Année Géophysique Intelligence

৪৩. সমাজের ক্ষতি করে এমন সব দ্রব্য ভোগ করা থেকে নিরুৎসাহিত করার জন্য কোন কর ধার্য করা হয়?
(ক) Property tax (খ) Inflation tax
(গ) Payroll tax (ঘ) Sin Tax

৪৪. আন্তর্জাতিক আইন সাক্ষরতা বর্ষ (International Year of Legal Literacy) কোন সাল?
(ক) ২০২৫ (খ) ২০২৬
(গ) ২০২৭ (ঘ) ২০২৮

৪৫. The Creative Economy: How People Make Money From Ideas গ্রন্থের লেখক কে?
(ক) জন হকিন্স (খ) জোসেফ স্টিগলিজ
(গ) কার্ল মার্কস (ঘ) অ্যাডাম স্মিথ

## ক্রীড়াঙ্গন

৪৬. ইউরোপের মাটিতে ইউরোপের কোন দেশের সাথে বাংলাদেশ জাতীয় ফুটবল দল প্রথম জয়লাভ করে?
(ক) স্লোভাকিয়া (খ) সান ম্যারিনো
(গ) স্লোভেনিয়া (ঘ) অ্যান্ডোরা

৪৭. ২০২৬ সালের ফ্রেঞ্চ ওপেনের নারী এককে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হন কে?
(ক) মায়া চফালিনিয়েস্কা (খ) সুজান গিরদ
(গ) মিরা আন্দ্রিভা (ঘ) অ্যাডিন মেসন

৪৮. বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (BCB) সর্বকনিষ্ঠ সভাপতি কে?
(ক) তামিম ইকবাল (খ) সাবের হোসেন চৌধুরী
(গ) ফারুক আহমেদ (ঘ) আমিনুল ইসলাম

৪৯. ২০২৬ সালের বিশ্বকাপ ফুটবলে প্রথম হ্যাটট্রিক করেন কে?
(ক) লিওনেল মেসি (খ) কিলিয়ান এমবাপে
(গ) হ্যারি কেন (ঘ) জোনাথন ডেভিড

৫০. বিশ্বকাপ ফুটবলের ১০০০তম ম্যাচ কোন দুটি দেশের মধ্যে অনুষ্ঠিত হয়?
(ক) নেদারল্যান্ডস-সুইডেন (খ) নিউজিল্যান্ড-মিসর
(গ) বেলজিয়াম-ইরান (ঘ) তিউনিসিয়া-জাপান

MCQ

| উত্তর | |
|---|---|
| ২৬. | ক |
| ২৭. | ক |
| ২৮. | গ |
| ২৯. | গ |
| ৩০. | খ |
| ৩১. | ক |
| ৩২. | গ |
| ৩৩. | ঘ |
| ৩৪. | গ |
| ৩৫. | ঘ |
| ৩৬. | গ |
| ৩৭. | গ |
| ৩৮. | ঘ |
| ৩৯. | গ |
| ৪০. | ঘ |
| ৪১. | ক |
| ৪২. | গ |
| ৪৩. | ঘ |
| ৪৪. | গ |
| ৪৫. | ক |
| ৪৬. | খ |
| ৪৭. | গ |
| ৪৮. | ক |
| ৪৯. | ক |
| ৫০. | ঘ |

ইথিওপিয়াকে আফ্রিকার 'রাজনৈতিক রাজধানী' বলা হয়

Vertex -Abdul Wadud

CamScanner

# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন : ১১ জুন ২০২৬ বগুড়ার শিবগঞ্জ ও নবঘোষিত মোকামতলা উপজেলায় নতুন কয়টি ইউনিয়ন গঠন করা হয়?
উত্তর : চারটি।

প্রশ্ন : 'নজরুল বর্ষ' পালনের সময়কাল–
উত্তর : ২৫ মে ২০২৬-২৫ মে ২০২৭।

প্রশ্ন : ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের আকার কত?
উত্তর : ৯,৩৮,০০০ কোটি টাকা।

প্রশ্ন : ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দেওয়া হয় কোন খাতে?
উত্তর : জনপ্রশাসন খাতে।

প্রশ্ন : ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে ADP'র কোন খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়?
উত্তর : পরিবহন ও যোগাযোগ।

প্রশ্ন : নূর ধান-২ উদ্ভাবন করা কৃষকের নাম কী?
উত্তর : রাজশাহীর নূর মোহাম্মদ।

প্রশ্ন : ২১ জুন ২০২৬ দেশের প্রথম 'ক্যাশলেস কারাগার' চালু হয় কোথায়?
উত্তর : মুন্সীগঞ্জ জেলা কারাগারে।

প্রশ্ন : বাংলাদেশের ওষুধ কতটি দেশে রপ্তানি হয়?
উত্তর : ১৫০টি।

প্রশ্ন : দেশে কতটি টিভি চ্যানেল ও দৈনিক পত্রিকা রয়েছে?
উত্তর : ৫৯টি টিভি চ্যানেল ও ১,৪৩৬টি দৈনিক পত্রিকা রয়েছে।

প্রশ্ন : দেশের নতুন চীন মৈত্রী সেতু কোথায় নির্মিত হবে?
উত্তর : পটুয়াখালীতে।

প্রশ্ন : বিশ্বের কোন দেশে প্রথম বাংলাদেশের বিনিয়োগ কার্যালয় চালু হবে ?
উত্তর : চীনে।

প্রশ্ন : বাংলাদেশে নিযুক্ত ভারতের নতুন হাইকমিশনারের নাম কী?
উত্তর : দীনেশ ত্রিবেদী।

## আন্তর্জাতিক

প্রশ্ন : ৩ জুন ২০২৬ জাতিসংঘের নিরাপত্তা পরিষদে নতুন কয়টি দেশ অস্থায়ী সদস্য নির্বাচিত হয়?
উত্তর : ৫টি— অস্ট্রিয়া, কিরগিজস্তান, পর্তুগাল, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো এবং জিম্বাবুয়ে।

প্রশ্ন : ৯ জুন ২০২৬ কানাডার কুইবেক প্রদেশের কোন শহরের সিটি কাউন্সিলে গাছকে জীবন্ত সত্তা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
উত্তর : টেরেস ভড্রিউইল।

প্রশ্ন : পাওয়ার অব সাইবেরিয়া ২ কী?
উত্তর : রাশিয়ার পশ্চিম সাইবেরিয়ার আলতাই অঞ্চল থেকে উত্তর-পূর্ব চীনে প্রাকৃতিক গ্যাস রপ্তানির জন্য প্রস্তাবিত একটি গ্যাস পাইপলাইন।

প্রশ্ন : চীনের চংকিংয়ে নির্মিত বিশ্বের বৃহত্তম ও সর্বোচ্চ আনুভূমিক আকাশচুম্বী ভবনের নাম কী?
উত্তর : দা ক্রিস্টাল।

প্রশ্ন : ১ জুন ২০২৬ এশিয়ার কোন দেশে ১৬ বছরের কম বয়সিদের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নিষিদ্ধ কার্যকর হয়?
উত্তর : মালয়েশিয়া।

প্রশ্ন : সম্প্রতি কোন দেশ প্রথমবারের মতো কার্বন নিঃসরণকারী প্রতিষ্ঠানের কাছ থেকে কার্বন লেভি বা কার্বন কর আদায় শুরু করে?
উত্তর : তাইওয়ান।

প্রশ্ন : ভারতে আলোচিত ককরোচ জনতা পার্টি কবে গঠিত হয়?
উত্তর : ১৬ মে ২০২৬।

প্রশ্ন : বিশ্বের সবচেয়ে বড় স্টেবলকয়েন US Dollar Tether (USDT) নির্মাতা প্রতিষ্ঠান Tether Limited কোন নামে বিশ্বের প্রথম গোল্ড-ব্যাকড ডিজিটাল কার্ড বাজারে আনে?
উত্তর : ফ্যাসেট।

প্রশ্ন : সৌদি আরবে ভারতের প্রথম অমুসলিম রাষ্ট্রদূতের নাম কী?
উত্তর : শ্রী বিপুল।

প্রশ্ন : বর্তমানে বিশ্বের সবচেয়ে শক্তিশালী ও দ্রুততম সুপারকম্পিউটার 'লাইনশাইন' কোন দেশের তৈরি?
উত্তর : চীন।

## রিপোর্ট

প্রশ্ন : UNHCR'র ২০২৬ সালের প্রতিবেদন অনুযায়ী, অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুতিতে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : সুদান।

প্রশ্ন : UNHCR'র ২০২৬ সালের প্রতিবেদন অনুযায়ী, শরণার্থী গ্রহণে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : কলম্বিয়া।

প্রশ্ন : IOM'র ২০২৬ সালের প্রতিবেদন অনুযায়ী রেমিট্যান্স উৎসে এবং প্রাপ্তিতে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : যথাক্রমে— যুক্তরাষ্ট্র ও ভারত।

প্রশ্ন : বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা সূচক ২০২৫ অনুযায়ী শীর্ষ দেশ কোনটি?
উত্তর : সিঙ্গাপুর।

প্রশ্ন : বৈশ্বিক শান্তি সূচকে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : আইসল্যান্ড।

প্রশ্ন : বৈশ্বিক শান্তি সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
উত্তর : ১১৭তম।

প্রশ্ন : FAO'র প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালে স্বাদু বা মিঠা পানির মৎস্য উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : ভারত, বাংলাদেশ দ্বিতীয়।

প্রশ্ন : FAO'র প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালে সামুদ্রিক মৎস্য উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : চীন, বাংলাদেশ ১৩তম।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন : বাংলাদেশ বিশ্বের কোন দেশের সাথে এখন পর্যন্ত কোনো ওয়ানডে সিরিজে জয় লাভ করতে পারে নাই?
উত্তর : ইংল্যান্ড।

প্রশ্ন : ২০২৬ সালের জুনে প্রথমবারের মতো কোন দেশের সাথে ওয়ানডে সিরিজ জিতে বাংলাদেশ?
উত্তর : অস্ট্রেলিয়ার বিপক্ষে।

প্রশ্ন : ২০২৬ সালের বিশ্বকাপে সর্ব কনিষ্ঠ ফুটবলারের নাম কী?
উত্তর : গিলবার্তো মোরা; মেক্সিকো।

রিমোট জব (Remote Job) বলতে বোঝায় একজন কর্মচারি তার বাসা, কফি শপ, রেস্টুরেন্ট অথবা যেকোনো আরামদায়ক স্থানে বসে, ইন্টারনেট সংযোগের সাহায্যে কাজ করার প্রক্রিয়া।

ইথিওপিয়ানরা নিজস্ব ক্যালেন্ডার Ge'ez Calendar ব্যবহার করে

CS CamScanner

# পদক-পুরস্কার

## বাংলা একাডেমির নজরুল পুরস্কার

২০২২ সালে বাংলা একাডেমি নজরুল পুরস্কার প্রবর্তন করে। নজরুল চর্চায় অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতিবছর নজরুল সাহিত্যের গবেষক/সমালোচক/অনুবাদক/নজরুল সংগীত শিল্পীকে এই পুরস্কার প্রদান করা হয়। এই পুরস্কারের মূল্যমান দুই লক্ষ টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও সৃষ্টি নিয়ে গবেষণার জন্য গবেষক অধ্যাপক রশিদুন নবী আর নজরুল সংগীত-চর্চায় অবদানের জন্য শিল্পী ফাতেমা তুজ জোহরা ২০২৬ সালের নজরুল পুরস্কার লাভ করেন। পূর্বের বিজয়ীদের তালিকা— ২০২২ - সিরাজুল ইসলাম চৌধুরী • ২০২৩ - শাহীন সামাদ • ২০২৪ - রাজিয়া সুলতানা • ২০২৫ - আনোয়ারুল হক ও শবনম মুশতারী।

## বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার ২০২৬

বন্যপ্রাণী সংরক্ষণ, শিক্ষা, গবেষণা এবং বন্যপ্রাণী অপরাধ দমনে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে 'বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার ২০২৬' লাভ করেন ২ ব্যক্তি ও ৩ প্রতিষ্ঠান।

- বন্যপ্রাণী সংরক্ষণ (ব্যক্তি পর্যায়) : ফয়সাল বীন আজাদ।
- বন্যপ্রাণী সংরক্ষণ (প্রতিষ্ঠান/সংগঠন পর্যায়) : নেচার কনজারভেশন ম্যানেজমেন্ট (নেকম)।
- বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (ব্যক্তি পর্যায়) : অধ্যাপক ড. সাজেদা বেগম।
- বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (প্রতিষ্ঠান পর্যায়) : প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
- বন্যপ্রাণী সংরক্ষণ (বন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী/ ইউনিট/ বিভাগ পর্যায়) : বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট (ওয়াইল্ডলাইফ ক্রাইম কন্ট্রোল ইউনিট)।

## আন্তর্জাতিক বুকার পুরস্কার

মান্দারিন ভাষায় লেখা Taiwan Travelogue উপন্যাসের জন্য ২০২৬ সালে আন্তর্জাতিক বুকার পুরস্কার লাভ করেন যৌথভাবে তাইওয়ানের লেখক ইয়াং শুয়াং-জি ও তাইওয়ান-



আমেরিকান বংশোদ্ভূত অনুবাদক লিন কিং। ৫০ হাজার পাউন্ড অর্থমূল্যের এই পুরস্কার লেখক ও অনুবাদকের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়। এই প্রথম মান্দারিন ভাষায় লেখা কোনো উপন্যাস আন্তর্জাতিক বুকার পুরস্কার পেল।

- Taiwan Travelogue মূলত আওইয়ামা চিজুকো নামের কাল্পনিক জাপানি লেখিকাকে কেন্দ্র করে আবর্তিত হয়।
- এ নিয়ে টানা দ্বিতীয়বারের মতো যুক্তরাজ্যের প্রকাশনা প্রতিষ্ঠান And Other Stories এ পুরস্কার লাভ করে।

## জাতীয় পরিবেশ পদক

পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে ব্যক্তিগত পর্যায়ে ৩টি এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ৩টি সহ মোট ৬টি শাখায় পদক প্রদান করা হয়। ২০০৯ সাল থেকে জাতীয় পরিবেশ পদক প্রদান করা হচ্ছে। প্রত্যেক বিজয়ীকে ২২ ক্যারেট মানের ২ তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও ৫০ হাজার টাকার চেক, ক্রেস্ট ও সম্মাননাপত্র দেওয়া হয়। ২০২৫ সালের বিজয়ী—

- পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ— ব্যক্তি পর্যায় : মো. হাসমত আলী (জামালপুর) • প্রাতিষ্ঠানিক পর্যায় : ক্লাসিক্যাল হ্যান্ডমেইড প্রোডাক্টস বিডি লিঃ।
- পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার— ব্যক্তি পর্যায় : মো. মনির হোসেন • প্রতিষ্ঠান পর্যায় : ইনস্টিটিউট অব ফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস।
- পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন— ব্যক্তি পর্যায় : অধ্যাপক ড. আবদুস সালাম • প্রতিষ্ঠান পর্যায় : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI)।

## কান চলচ্চিত্র উৎসব



১২-২৩ মে ২০২৬ অনুষ্ঠিত হয় ৭৯তম কান চলচ্চিত্র উৎসব।

২০২৬ সালের বিজয়ী—

- স্বর্ণপাম : Fjord (ক্রিস্তিয়ান মুনজিউ, রোমানিয়া)
- গ্রাঁ পি : Minotaur (আন্দ্রে জিয়াজিন্তসেভ, রাশিয়া)
- জুরি প্রাইজ : The Dreamed Adventure (ভালেস্কা গ্রিজেবা, জার্মানি)
- পরিচালক : পাভেল পাভলিকস্কি (চলচ্চিত্র Fatherland, পোল্যান্ড), হাভিয়ের আমব্রোসি ও হাভিয়ের কালভো (চলচ্চিত্র The Black Ball, স্পেন)
- অভিনেতা : ইমানুয়েল মাকিয়া (বেলজিয়াম) ও ভ্যালন্তাঁ কাম্পানি (ফ্রান্স) [চলচ্চিত্র Coward]
- অভিনেত্রী : ভার্জিনি এফিরা (ফ্রান্স) ও তাও অকামোতো (জাপান) [চলচ্চিত্র All of a Sudden]
- চিত্রনাট্যকার : ইমানুয়েল মার (A Man of His Time, ফ্রান্স)
- ক্যামেরা দ'র : মারি ক্লেমোঁতিন দুসাবেহম্বো (চলচ্চিত্র Ben'Imana, রুয়ান্ডা)
- স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র : For the Opponents (ফেদেরিকো লুইস, আর্জেন্টিনা)

- Elephants in the Fog নেপালের প্রথম কোনো ফিচার ফিল্ম, যা কান উৎসবের আঁ সার্তে রিগা বিভাগে পুরস্কার লাভ করে। এর আগে ২০২২ সালে অবিনাশ বিক্রম শাহের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'লোরি' কান উৎসবে বিশেষ সম্মাননা পায়।

ইথিওপিয়া LDC তে অন্তর্ভুক্ত হয় ১৯৭১ সালে

CamScanner

# রিপোর্ট-সমীক্ষা

## বৈশ্বিক অভিবাসন প্রতিবেদন

প্রকাশ : ৫ মে ২০২৬। প্রকাশক : IOM।

প্রতিবেদন অনুযায়ী— ২০২৪ সালে রেমিট্যান্সের উৎস ও প্রাপ্তিতে শীর্ষ ৫ দেশ (বিলিয়ন মার্কিন ডলার)।

| ক্রম | উৎস | | প্রাপ্তি | |
|---|---|---|---|---|
| | দেশ | রেমিট্যান্স | দেশ | রেমিট্যান্স |
| ১ | যুক্তরাষ্ট্র | ১০৩.১৮ | ভারত | ১৩৭.৬৭ |
| ২ | সৌদি আরব | ৪৬.৫৬ | মেক্সিকো | ৬৭.৬৪ |
| ৩ | সুইজারল্যান্ড | ৪০.১১ | ফিলিপাইন | ৪০.২৮ |
| ৪ | জার্মানি | ২৩.৬৬ | ফ্রান্স | ৩৮.৭৮ |
| ৫ | চীন | ২০.০২ | পাকিস্তান | ৩৪.৯১ |

– বাংলাদেশ রেমিট্যান্স প্রাপ্তিতে ৮ম (২৭.৬০ বি.মা.ড.)।

বৈশ্বিক পাচার-গন্তব্য এবং দুর্যোগের বাস্তুচ্যুতিতে শীর্ষ ৭ দেশ

| ক্রম | পাঠানো | গন্তব্য | বাস্তুচ্যুতি |
|---|---|---|---|
| ১ | ভারত | যুক্তরাষ্ট্র | যুক্তরাষ্ট্র |
| ২ | চীন | জার্মানি | ফিলিপাইন |
| ৩ | মেক্সিকো | সৌদি আরব | ভারত |
| ৪ | ইউক্রেন | যুক্তরাজ্য | চীন |
| ৫ | রাশিয়া | ফ্রান্স | বাংলাদেশ |
| ৬ | সিরিয়া | স্পেন | শাদ |
| ৭ | বাংলাদেশ | কানাডা | নাইজেরিয়া |

## বৈশ্বিক শান্তি সূচক

প্রকাশ : ৯ জুন ২০২৬। প্রকাশক : অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক Institute for Economics and Peace (IEP)। সূচকের শিরোনাম : Global Peace Index 2026। অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল : ১৬৩টি।

সূচক অনুযায়ী— সবচেয়ে শান্তিপূর্ণ দেশ : আইসল্যান্ড

- সর্বনিম্ন দেশ : রাশিয়া
- সার্কভুক্ত দেশের অবস্থান : ১৬. ভুটান, ৬৭. শ্রীলংকা, ১১১. নেপাল, ১১৭. বাংলাদেশ, ১২৭. ভারত, ১৫২. পাকিস্তান, ১৫৭. আফগানিস্তান।

## বৈশ্বিক বাস্তুচ্যুতি প্রতিবেদন

প্রকাশ : ১১ জুন ২০২৬। প্রকাশক : UNHCR।

প্রতিবেদন অনুযায়ী— বিশ্বজুড়ে জোরপূর্বক বাস্তুচ্যুতির শিকার মানুষের সংখ্যা বর্তমানে ১১ কোটি ৭৮ লাখ।

| বাস্তুচ্যুত (মিলিয়ন) | | শরণার্থী গ্রহণ (মিলিয়ন) | |
|---|---|---|---|
| দেশ | সংখ্যা | দেশ | সংখ্যা |
| সুদান | ৯.১ | কলম্বিয়া | ২.৮ |
| কলম্বিয়া | ৭.২ | জার্মানি | ২.৭ |
| সিরিয়া | ৬.০ | তুরস্ক | ২.৪ |
| ইয়েমেন | ৪.৮ | উগান্ডা | ১.৯ |
| আফগানিস্তান | ৪.৪ | শাদ | ১.৫ |

## বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা সূচক

প্রকাশ : জুন ২০২৫। প্রকাশক : সুইজারল্যান্ডভিত্তিক IMD। অন্তর্ভুক্ত দেশ : ৭০টি। সূচক অনুযায়ী—

- শীর্ষ দেশ : সিঙ্গাপুর
- সর্বনিম্ন দেশ : ভেনিজুয়েলা।

## SIPRI Yearbook 2026

প্রকাশ : জুন ২০২৬। প্রকাশক : SIPRI।

প্রতিবেদন অনুযায়ী—

- সামরিক ব্যয়ে শীর্ষ দেশ (২০২৫) : যুক্তরাষ্ট্র (৯৫৪ বি.মা.ড.)।
- অস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ (২০২১-২৫) : যুক্তরাষ্ট্র (৪২%)।
- অস্ত্র আমদানি শীর্ষ দেশ (২০২১-২৫) : ইউক্রেন (৯.৭%)।

দেশওয়ারি পারমাণবিক অস্ত্র (জানুয়ারি ২০২৬)

| দেশ | মোতায়েন | মজুত/সংরক্ষিত | মোট |
|---|---|---|---|
| রাশিয়া | ১,৭৯৬ | ৪,৪০০ | ৫,৪২০ |
| যুক্তরাষ্ট্র | ১,৭৭০ | ৩,৭০০ | ৫,০৪২ |
| চীন | ৩৪ | ৬২০ | ৬২০ |
| ফ্রান্স | ২৮০ | ২৯০ | ৩৭০ |
| যুক্তরাজ্য | ১২০ | ২২৫ | ২২৫ |
| ভারত | ১২ | ১৯০ | ১৯০ |
| পাকিস্তান | — | ১৭০ | ১৭০ |
| ইসরায়েল | — | ৯০ | ৯০ |
| উত্তর কোরিয়া | — | ৬০ | ৬০ |
| মোট | ৪,০১২ | ৯,৭৪৫ | ১২,১৮৭ |

## বৈশ্বিক মৎস্য সম্পদবিষয়ক প্রতিবেদন

প্রকাশ : জুন ২০২৬। প্রকাশক : খাদ্য ও কৃষিবিষয়ক সংস্থা (FAO)। প্রতিবেদনের শিরোনাম : The State of World Fisheries and Aquaculture 2026। প্রতিবেদন অনুযায়ী ২০২৪ সালে—

মৎস্য উৎপাদনে শীর্ষ ৫ দেশ (হাজার টন)


| বার্ষিক উৎপাদন | | অভ্যন্তরীণ বা মিঠাপানি | | সামুদ্রিক | |
|---|---|---|---|---|---|
| দেশ | উৎপাদন | দেশ | উৎপাদন | দেশ | উৎপাদন |
| চীন | ৫৭,৫৫৭ | ভারত | ২,১৭৬ | চীন | ২২,২৪৭ |
| ভারত | ১২,০৮৮ | বাংলাদেশ | ১,৪১২ | ভিয়েতনাম | ২,৪৪১ |
| ইন্দোনেশিয়া | ৫,৮৯২ | চীন | ১,১৬৩ | ইন্দোনেশিয়া | ১,৮৮৮ |
| ভিয়েতনাম | ৫,৬৩৫ | মিয়ানমার | ৯৬৬ | নরওয়ে | ১,৬৬৬ |
| বাংলাদেশ | ২,৯৭৮ | উগান্ডা | ৫৩৮ | ভারত | ১,৪১৯ |

- সামুদ্রিক মৎস্য উৎপাদনে বাংলাদেশ ১৩তম (২৬৯ হাজার টন)
- মৎস্যখাতে কর্মসংস্থানে শীর্ষ ৫ দেশ— ১. ভারত, ২. চীন, ৩. বাংলাদেশ, ৪. ইন্দোনেশিয়া ও ৫. ভিয়েতনাম।

ইথিওপিয়া জোট নিরপেক্ষ আন্দোলন জি-৭৭ এবং আফ্রিকান ইউনিয়নের প্রতিষ্ঠাতা সদস্য



# AI থেকে AGI




## AGI

Artificial General Intelligence (AGI) বা কৃত্রিম সাধারণ বুদ্ধিমত্তা বলতে যন্ত্রের এমন এক কাল্পনিক বুদ্ধিমত্তাকে বোঝায়, যা মানুষের মতোই, বুদ্ধিমত্তা অর্জনে সক্ষম এবং কোনো রকম ম্যানুয়াল হস্তক্ষেপ ছাড়া বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে। বর্তমানে আমরা যে AI (যেমন— চ্যাটজিপিটি, গুগলের জেমিনি বা মিডজার্নি) ব্যবহার করছি, সেগুলো নির্দিষ্ট কিছু কাজে পারদর্শী। কিন্তু AGI কোনো নির্দিষ্ট কাজের গণ্ডিতে সীমাবদ্ধ থাকবে না। মানুষের মতো করে যেকোনো নতুন পরিবেশের সাথে খাপ খাইয়ে নেবে, নিজে থেকেই শিখতে পারবে। সবচেয়ে বড় কথা, তার মধ্যে একটা 'কমন সেন্স' বা কাণ্ডজ্ঞান কাজ করবে, যা এখন পর্যন্ত কেবল মানুষের একচেটিয়া সম্পত্তি।

১৯৯৭ সালে মার্ক গুবার্ড সম্পূর্ণ স্বয়ংক্রিয় সামরিক উৎপাদন এবং কার্যক্রমের প্রভাব নিয়ে আলোচনার সময় AGI শব্দটি ব্যবহার করেন। AIXI নামে AGI-এর একটি গাণিতিক রূপ ২০০০ সালে মার্কাস হাটার প্রস্তাব করেন, যিনি বুদ্ধিমত্তাকে 'বিভিন্ন পরিবেশে লক্ষ্য অর্জন বা সফল হওয়ার জন্য একজন এজেন্টের ক্ষমতা' হিসেবে সংজ্ঞায়িত করেন। AGI শব্দটি ২০০২ সালে শেন লেগ এবং বেন গোয়ের্টজেল পুনরায় চালু করেন এবং জনপ্রিয় করে তোলেন।

## সম্ভাব্য সুবিধা

- **আন্তঃশাখীয় সমস্যার সমাধান :** AGI মুহূর্তের মধ্যে মানবজাতির সঞ্চিত সমস্ত জ্ঞানকে (পদার্থবিদ্যা, রসায়ন, অর্থনীতি, সমাজবিজ্ঞান ইত্যাদি) একীভূত করে এমন সমাধান বের করতে পারবে, যা মানুষের পক্ষে ভাবাও কঠিন।
- **সত্যিকারের সৃজনশীলতা ও উদ্ভাবন :** AGI সত্যিকারের সৃজনশীলতার অধিকারী হবে। এটি নতুন বৈজ্ঞানিক তত্ত্ব আবিষ্কার করতে পারবে, এমনকি নতুন দার্শনিক ধারণারও জন্ম দিতে পারবে।
- **গভীর কৌশলগত চিন্তাভাবনা :** AGI দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং কৌশল প্রণয়নে মানুষের চেয়ে বহুগুণে দক্ষ হবে। এটি যেকোনো সিদ্ধান্তের দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ স্তরের প্রভাবগুলো বিশ্লেষণ করতে পারবে, যা অর্থনীতি, কূটনীতি এবং সামরিক কৌশলের মতো ক্ষেত্রে একে অপ্রতিরোধ্য করে তুলবে।
- **অর্থনৈতিক বিপ্লব ও সম্পূর্ণ অটোমেশন :** বর্তমান AI এর মতো AGI কেবল কারখানার কর্মী বা ডেটা অ্যানালিস্টের কাজই করবে না, এটি একজন CEO, বিজ্ঞানী, আইনজীবী বা শিল্পীর কাজও করতে পারবে। বর্তমানে গুগল, ওপেনএআই, মেটা ও অ্যানথ্রপিকের মতো শীর্ষস্থানীয় টেক জায়ান্টরা হন্যে হয়ে AGI তৈরির লক্ষ্যে কাজ করছে। যদিও এটি এখনো পুরোপুরি তাত্ত্বিক (থিওরিটিক্যাল) পর্যায়ে আছে। ওপেনএআই-এর প্রধান স্যাম অল্টম্যানসহ অনেক গবেষকদের মতে, এই দশকের শেষদিকের মধ্যেই (২০২৯-২০৩০ সালের মধ্যে) পৃথিবী প্রথম সত্যিকারের AGI-এর দেখা পেয়ে যেতে পারে!

## কৃত্রিম বুদ্ধিমত্তার প্রকারভেদ

কৃত্রিম বুদ্ধিমত্তার স্তর এবং সমস্যা সমাধানের ক্ষমতার ওপর ভিত্তি করে বুদ্ধিমত্তার তিনটি প্রধান প্রকারভেদ রয়েছে ১. সংকীর্ণ কৃত্রিম বুদ্ধিমত্তা (ANI) : চ্যাটজিপিটি ও অন্যান্য জেনারেটিভ AI। ২. কৃত্রিম সাধারণ বুদ্ধিমত্তা (AGI) : বর্তমানে সত্যিকারের AGI-এর অস্তিত্ব নেই, তবে এর গবেষণা ও উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ৩. কৃত্রিম অতি-বুদ্ধিমত্তা (ASI) : ASI এখনও মূলত তাত্ত্বিক এবং এটি বিতর্ক ও জল্পনা-কল্পনার একটি বিষয়। তবে AGI-তৈরি হওয়ার পর Artificial Super Intelligence (ASI) তৈরি হতে খুব বেশি সময় লাগবে না।

## AI এবং AGI-এর পার্থক্য

| বৈশিষ্ট্য | কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) | কৃত্রিম সাধারণ বুদ্ধিমত্তা (AGI) |
|---|---|---|
| ব্যাপ্তি | একটি নির্দিষ্ট কাজ বা ডোমেইনে সীমাবদ্ধ। | মানুষের মতো যেকোনো বুদ্ধিবৃত্তিক কাজ করতে সক্ষম। |
| শেখার পদ্ধতি | বিপুল পরিমাণ লেবেলযুক্ত ডেটার ওপর ভিত্তি করে নির্দিষ্ট প্যাটার্ন শেখে। | অভিজ্ঞতা ও অল্প ডেটা থেকে দ্রুত শিখতে পারে। এটি স্বজ্ঞাত এবং প্রাসঙ্গিকতা বোঝে। |
| অভিযোজন ক্ষমতা | নতুন বা অপ্রত্যাশিত পরিস্থিতিতে খাপ খাওয়াতে পারে না। | যেকোনো নতুন পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নিয়ে সমস্যার সমাধান করতে পারে। |
| সাধারণ জ্ঞান | এর কোনো সাধারণ জ্ঞান বা কাণ্ডজ্ঞান নেই। | মানুষের মতো সাধারণ জ্ঞান, কার্যকারণ সম্পর্ক এবং প্রাসঙ্গিকতা বোঝার ক্ষমতা থাকবে। |
| চেতনা | কোনো আত্ম-সচেতনতা নেই। | আত্ম-সচেতনতা বা চেতনার সম্ভাবনা রয়েছে। |

ইথিওপিয়ায় একমাত্র ঘাসখেকো Gelada monkeys এবং বিরল প্রজাতির Abyssinian wolf এর অস্তিত্ব রয়েছে



# প্রধানমন্ত্রীর প্রথম রাষ্ট্রীয় সফর

২১-২২ জুন ২০২৬ প্রধানমন্ত্রী তারেক রহমান প্রথম রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া যান। এরপর ২৩-২৬ জুন ২০২৬ চীন সফর করেন।



## টাইমলাইন সফর

- ২১ জুন : প্রথম রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া যান।
- ২২ জুন : মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠকে সংস্কৃতি বিষয়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। এছাড়াও একটি দলিল এবং একটি দ্বিপক্ষীয় দলিল বিনিময় করা হয়।
- ২৪ জুন : দালিয়ানে অনুষ্ঠিত বিশ্ব অর্থনৈতিক ফোরামের (WEF) 'নিউ চ্যাম্পিয়নস'-এর ১৭তম বার্ষিক সভা (AMNC) বা সামার দাভোসের মূল উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন।
- ২৫ জুন : চীনে প্রথম বিনিয়োগ কার্যালয় খোলার ঘোষণা দেওয়া হয়।

: বাংলাদেশ জাতীয়তাবাদী দল (BNP) ও চীনের কমিউনিস্ট পার্টির (CPC) মধ্যে প্রথমবারের মতো সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) আয়োজিত 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট ফোরাম' নামের বিনিয়োগ সম্মেলন অনুষ্ঠিত হয়।

: চীনের গ্রেট হলে দেশটির প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে ১৩টি MoU স্বাক্ষরিত হয়।

- ২৬ জুন : চীনা প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশ থেকে মিয়ানমার হয়ে চীনে ইকোনোমিক করিডোরের প্রস্তাব দেওয়া হয়।

## বাংলাদেশ-চীন ১৩ MoU

- চট্টগ্রামের আনোয়ারা ও বাগেরহাটের মোংলাসহ বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে চীনা বিনিয়োগ
- বৃহত্তর দ্বিপাক্ষিক সহযোগিতার জন্য একটি যৌথ কর্মপরিকল্পনা
- স্বাস্থ্য, শিক্ষা ও জনশক্তি সক্ষমতা উন্নয়নে বৈশ্বিক উন্নয়ন উদ্যোগের অধীনে সহযোগিতা
- গ্লোবাল সাউথের গণমাধ্যম সংক্রান্ত বিষয়াবলীতে যৌথ গবেষণা
- সম্প্রচার প্রযুক্তি, প্রযুক্তিগত সহযোগিতা এবং অভিজ্ঞতা বিনিময়
- বাংলাদেশের স্কুল পাঠ্যক্রমে মান্দারিন ভাষার শিক্ষা
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সহযোগিতা • বিনিয়োগ সহযোগিতা
- সবুজ উন্নয়ন সহযোগিতা • দীর্ঘমেয়াদি মিডিয়া অংশীদারত্ব
- সংবাদ ও তথ্য বিনিময় • চীনে বাংলাদেশের কাঁঠাল রপ্তানি
- মানব সম্পদ উন্নয়ন সহযোগিতা পরিকল্পনা।

## আরও যা কিছু

- বাংলাদেশ যে সকল উন্নয়ন প্রকল্পের জন্য চীন থেকে ঋণ গ্রহণ করছে, সেগুলোর সুদের হার কমানো, গ্রেস পিরিয়ড (ঋণ পরিশোধের শুরুর সময়) বৃদ্ধি এবং নমনীয় শর্ত যুক্ত করার বিষয়ে উভয় দেশ একমত হয়
- চীনের ব্যবসায়ীদের সুবিধার্থে বেইজিংয়ে বাংলাদেশের প্রথম 'ইনভেস্টমেন্ট অফিস' স্থাপন করা হবে
- চীনের বৈশ্বিক উন্নয়ন উদ্যোগের (GDI) আওতায় বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষা ও সামগ্রিক মানবসম্পদ উন্নয়নে যৌথভাবে কাজ করবে
- উভয় দেশ তিস্তা নদী ব্যবস্থাপনা ইস্যুতে সহযোগিতা আরও গভীর করতে সম্মত হয়।

### বৈশ্বিক উন্নয়ন উদ্যোগে যুক্ত বাংলাদেশ

চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের পররাষ্ট্রনীতির চারটি উদ্যোগের অন্যতম Global Development Initiative (GDI) বা বৈশ্বিক উন্নয়ন উদ্যোগ। উন্নয়নকে কেন্দ্রে রেখে টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির মাধ্যমে সহযোগিতার বিকাশে সি চিন পিং ২১ সেপ্টেম্বর ২০২১ GDI ঘোষণা করেন। ২৫ জুন ২০২৬ GDI-এ সংযুক্ত হতে বাংলাদেশ সমঝোতা স্মারক স্বাক্ষর করে। এর ফলে প্রায় ১০ বছর পর চীনের গুরুত্বপূর্ণ কোনো বৈশ্বিক উদ্যোগে বাংলাদেশ যুক্ত হলো। এর আগে ২০১৬ সালের অক্টোবরে প্রেসিডেন্ট সি চিন পিংয়ের ঢাকা সফরের সময় বাংলাদেশ Belt and Road Initiative (BRI)-এ যুক্ত হয়।

### যৌথ ইশতেহার

২৬ জুন ২০২৬ বাংলাদেশ ও চীন ১৪ দফার যৌথ ইশতেহার ঘোষণা করে। ৪ অক্টোবর ১৯৭৫ বাংলাদেশের সাথে চীনের আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হওয়ার পর এটা দুই দেশের মধ্যে তৃতীয়বার যৌথ ইশতেহার ঘোষণা। ইতিপূর্বে ১৯৭৫ সালে নিউইয়র্কে এবং ২০০৫ সালে সম্পর্কের তিন দশক পূর্তিতে বেইজিংয়ে দুই দেশ যৌথ ইশতেহার ঘোষণা করে।

ইথিওপিয়ায় ১৯৭৪ সালে Afar অঞ্চলে পাওয়া যায় 'Lucy' নামের কঙ্কাল— প্রায় ৩.২ মিলিয়ন বছর পুরোনো






## সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধান

২৪ মে ২০২৬ বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) বঙ্গোপসাগরের ২৬ ব্লকে তেল গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে। ৩০ নভেম্বর ২০২৬ দরপত্র জমা দেওয়ার শেষ সময় নির্ধারণ করা হয়। ২০১২ সালে ভারতের সঙ্গে ও ২০১৪ সালে মিয়ানমারের সঙ্গে সমুদ্রসীমার বিরোধ নিষ্পত্তি হয়। এর ফলে সমুদ্রে বিরাট এলাকা নিয়ে নতুন সম্ভাবনা তৈরি হয়। গভীর সমুদ্রে ১৫টি ও অগভীর সমুদ্রে ১১টি মিলে মোট ২৬টি ব্লকে ভাগ করা হয় বঙ্গোপসাগরকে। যদিও এর আগেই শুরু হয়ে যায় সমুদ্রে তেল-গ্যাসের অনুসন্ধান। এ পর্যন্ত মোট চারটি কোম্পানি বিভিন্ন সময় অনুসন্ধান শুরু করলেও কাজ শেষ না করেই সবাই চলে যায়। এখন সমুদ্রে কোনো অনুসন্ধান কার্যক্রম চলছে না। তাই ২৬টি ব্লকেই দরপত্র আহ্বান করা হয়। বর্তমানে দেশে প্রাকৃতিক গ্যাসের মজুত দ্রুত কমে আসছে। মোট উত্তোলনযোগ্য গ্যাসের মজুত ২৯.৭৪ ট্রিলিয়ন ঘনফুট (টিসিএফ) হলেও ২২.১১ টিসিএফ এরই মধ্যে উত্তোলন করা হয়েছে। অবশিষ্ট মজুদ রয়েছে মাত্র ৭.৬৩ টিসিএফ।



## সরকার প্রশাসন

উপজেলা : ৭ মে ২০২৬ প্রশাসনিক পুনর্বিন্যাস-সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (NICAR) ১২০তম বৈঠকে পাঁচটি নতুন উপজেলা গঠনের প্রস্তাব অনুমোদন করা হয়। ১৮ মে ২০২৬ প্রজ্ঞাপন জারি করে ভুল্লী (ঠাকুরগাঁও), রুহিয়া (ঠাকুরগাঁও), মাতামুহুরী (কক্সবাজার), চন্দ্রগঞ্জ (লক্ষ্মীপুর) ও মোকামতলা (বগুড়া) উপজেলা গঠন করা হয়। যার গেজেট প্রকাশিত হয় ১৯ মে ২০২৬। এ নিয়ে উপজেলার সংখ্যা এখন ৫০০ টি।

থানা : ১৮ মে ২০২৬ প্রজ্ঞাপন জারি করে দেশের পাঁচটি উপজেলা গঠন করা হয়। এর সাথে থানা অফিসও অনুমোদন দেওয়া হয়। পাঁচটি উপজেলার মধ্যে ভুল্লী, রুহিয়া ও চন্দ্রগঞ্জকে আগেই থানায় রূপান্তর করা হয়। ফলে নতুন করে মাতামুহুরী ও মোকামতলা থানা সৃষ্টি হয়। বর্তমানে মোট থানার সংখ্যা ৬৩৯টি। এর মধ্যে মহানগরের (মেট্রোপলিটন) আওতাধীন থানা রয়েছে ১১০টি এবং জেলার অধীনে ৫২৯টি থানা।

ইউনিয়ন : ১১ জুন ২০২৬ প্রজ্ঞাপন জারি করে বগুড়ার শিবগঞ্জ এবং নবঘোষিত মোকামতলা উপজেলায় নতুন চারটি ইউনিয়ন গঠন করা হয়। শিবগঞ্জ উপজেলায় গঠিত হয় নতুন একটি ইউনিয়ন। অন্যদিকে নবঘোষিত মোকামতলা উপজেলায় নতুন তিনটি ইউনিয়ন গঠন করা হয়।

## এভারেস্ট জয়ী তৃতীয় বাংলাদেশি নারী

২৭ মে ২০২৬ তৃতীয় বাংলাদেশি নারী হিসেবে পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট জয় করেন পর্বতারোহী নুরুন্নাহার নিম্নি। প্রথম বাংলাদেশি নারী হিসেবে এভারেস্টের চূড়ায় আরোহণ করেন নিশাত মজুমদার। এ পর্যন্ত মোট তিনজন বাংলাদেশি নারী পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট এভারেস্ট জয় করেন।



এক নজরে এভারেস্ট জয়ী

| নাম | জেলা | জয় | বিশেষ তথ্য |
|---|---|---|---|
| মুসা ইব্রাহীম | লালমনিরহাট | ২৩ মে ২০১০ | প্রথম বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় |
| মোহাম্মদ আবদুল মুহিত | ভোলা | ২১ মে ২০১১ | দুবার এভারেস্ট জয়ী |
| | | ১৯ মে ২০১২ | |
| নিশাত মজুমদার | লক্ষ্মীপুর | ১৯ মে ২০১২ | প্রথম বাংলাদেশি নারী হিসেবে এভারেস্ট জয়ী |
| ওয়াসফিয়া নাজরীন | ফেনী | ২৬ মে ২০১২ | সর্বকনিষ্ঠ এভারেস্ট জয়ী বাংলাদেশি |
| খালেদ হোসেন (সজল খালেদ) | মুন্সীগঞ্জ | ২০ মে ২০১৩ | এভারেস্ট জয় করে ফেরার পথে মৃত্যুবরণকারী প্রথম বাংলাদেশি |
| বাবর আলী | চট্টগ্রাম | ১৯ মে ২০২৪ | — |
| ইকরামুল হাসান শাকিল | গাজীপুর | ১৯ মে ২০২৫ | কক্সবাজার থেকে হেঁটে গিয়ে এভারেস্ট জয় করেন |
| নুরুন্নাহার নিম্নি | রংপুর | ২৭ মে ২০২৬ | তৃতীয় নারী বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন |

ইথিওপিয়ায় পাওয়া Lucy ছিল Australopithecus afarensis, একটি পূর্ব-মানব প্রজাতি

## প্রথম স্যাটেলাইটভিত্তিক সমুদ্র গবেষণা কেন্দ্র

৯ জুন ২০২৬ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দেশের প্রথম মহাসাগরীয় উপগ্রহ ভূ-কেন্দ্র (Ocean Satellite Ground Station) উদ্বোধন করা হয়। প্রায় ৪২০ টেরাবাইট তথ্য সংরক্ষণ সক্ষমতাসম্পন্ন এই ভূ-কেন্দ্র বিশ্বের ১১টি উপগ্রহের সঙ্গে সংযুক্ত থাকবে। এর মাধ্যমে আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন, ঘূর্ণিঝড় ও দুর্যোগের পূর্বাভাস, নদীভাঙন, মৎস্যসম্পদ ব্যবস্থাপনা, বন উজাড় এবং পরিবেশ-



সংক্রান্ত বিভিন্ন তথ্য দ্রুত সংগ্রহ ও বিশ্লেষণ করা সম্ভব হবে। বর্তমানে এসব তথ্য সংগ্রহে যেখানে ২০-৩০ ঘণ্টা সময় লাগে, সেখানে নতুন ব্যবস্থার মাধ্যমে মাত্র ১৫ থেকে ২০ মিনিটের মধ্যে তথ্য পাওয়া যাবে। ফলে সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা, গবেষণা এবং নীতিনির্ধারণে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। উল্লেখ্য, ২৬ মার্চ ২০২৫ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রকল্পটির ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। চবির সমুদ্র বিজ্ঞান বিভাগের সাথে চীনের প্রাকৃতিক সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ Second Institute of Oceanography-এর যৌথ উদ্যোগে বাস্তবায়ন হয় এই প্রকল্পটি। প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত এ প্রকল্পে SIO প্রায় ৫০ কোটি টাকার কারিগরি সহায়তা প্রদান করে। বাকি ২০ কোটি টাকা ব্যয় করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

## পাসপোর্টে Except Israel যুক্ত

২০২০ সালে দেশে নতুন ই-পাসপোর্ট চালু করা হলে তাতে 'ইসরায়েল ব্যতীত' (Except Israel) শব্দবন্ধ লেখা বাদ দেওয়া হয়। ৭ এপ্রিল ২০২৫ অন্তর্বর্তী সরকার পাসপোর্টে 'ইসরায়েল ব্যতীত' শর্ত পুনর্বহালের সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরকে নির্দেশ দেয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ। তবে অন্তর্বর্তী সরকারের ওই সিদ্ধান্তে কূটনৈতিক পাসপোর্টের বাইরে বড় পরিসরে কার্যকর হয়নি। ১৭ ফেব্রুয়ারি ২০২৬ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হয়ে বিএনপি সরকার দায়িত্ব গ্রহণের পর পাসপোর্টে বেশ কিছু বিষয় পরিবর্তনের প্রক্রিয়া শুরু হয়। এর আলোকে বাংলাদেশি পাসপোর্টে আবারও যুক্ত করা হচ্ছে 'ইসরায়েল ব্যতীত' শব্দবন্ধ। স্বাধীনতার পর থেকে বাংলাদেশের ইস্যুকৃত পাসপোর্টের প্রথম পৃষ্ঠায় লেখা ছিল This Passport is valid for all countries of the world except Israel অর্থাৎ বিশ্বের যেকোনো দেশের জন্য এই পাসপোর্ট কার্যকর থাকবে, শুধু ইসরায়েল ছাড়া। অর্থাৎ বাংলাদেশি পাসপোর্টধারী কোনো ব্যক্তি শুধু ইসরায়েল ব্যতিরেকে বিশ্বের যেকোনো দেশ ভ্রমণ করতে পারবেন।

## নতুন সামুদ্রিক সংরক্ষিত এলাকা

২৪ মে ২০২৬ সরকার পটুয়াখালী জেলার কুয়াকাটা এবং চট্টগ্রামের সলিমপুর কাট্টলি সমুদ্র সৈকত এলাকায় 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে। যার ফলে দেশের সমুদ্রসীমার ১০% এলাকা সংরক্ষিত করার যে বাধ্যবাধকতা রিও কনভেনশনে বলা হয়েছিল তা পূরণ হলো। পরিবেশ রক্ষা বিষয়ে জাতিসংঘের তিনটি কনভেনশন বা চুক্তিতে স্বাক্ষর করে বাংলাদেশ। এগুলো রিও কনভেনশন হিসেবে পরিচিত। ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনেইরো শহরে অনুষ্ঠিত জাতিসংঘের 'ধরিত্রী সম্মেলন'-এ এগুলো সম্মতি জানানো হয়। সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০২৬ অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বাংলাদেশের সামুদ্রিক মৎস্য জলসীমার মধ্যে যেসব এলাকায় জলজ উদ্ভিদ ও প্রাণীকুল সংকটাপন্ন বা বিলুপ্তির ঝুঁকির মধ্যে আছে যেসব এলাকা কিংবা যেসব এলাকায় সামুদ্রিক জলজ জীব ক্রমহ্রাসমান পর্যায়ে আছে সেসব এলাকাকে 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' ঘোষণা করতে পারে।

- দেশের প্রথম সামুদ্রিক সংরক্ষিত এলাকা সোয়াচ অব নো-গ্রাউন্ড সামুদ্রিক সংরক্ষিত এলাকা
- দেশের সর্ববৃহৎ সামুদ্রিক সংরক্ষিত এলাকা (Marine Protected Areas-MPA) কুয়াকাটা সামুদ্রিক সংরক্ষিত এলাকা
- একমাত্র সোয়াচ অব নো গ্রাউন্ডে মাছ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ
- সোয়াচ অব নো-গ্রাউন্ড ও সেন্টমার্টিন সামুদ্রিক সংরক্ষিত এলাকা ঘোষণা করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

বাংলাদেশে এখন সংরক্ষিত সামুদ্রিক এলাকার সংখ্যা ৬টি। এছাড়া বঙ্গোপসাগরের মিডগ্রাউন্ড মৎস্যক্ষেত্রের একটি ঘোষিত মেরিন রিজার্ভ এলাকা আছে, যার আয়তন ৬৯৮ বর্গ কিমি। মাছের প্রজনন, সংরক্ষণ ও ব্যবস্থাপনাকে সফল করতে এই মেরিন রিজার্ভ ঘোষণা করা হয়।

**দেশের ৬ সামুদ্রিক সংরক্ষিত এলাকা**

| নাম | জলসীমা (বর্গ কিমি) | গভীরতা (মিটার) | প্রজ্ঞাপন | গেজেট প্রকাশ |
|---|---|---|---|---|
| সোয়াচ অব নো-গ্রাউন্ড | ১,৭৩৮ | ৯০০ | ২৭ অক্টোবর ২০১৪ | ৩ নভেম্বর ২০১৪ |
| নিঝুম দ্বীপ | ৩,১৮৮ | – | ২৩ জুন ২০১৯ | ২৪ জুন ২০১৯ |
| সেন্টমার্টিন | ১,৭৪৩ | ৭০ | ৪ জানুয়ারি ২০২২ | ১৮ জানুয়ারি ২০২২ |
| নাফ | ৭৩৪.১৭ | ৪৬ | ২১ মে ২০২৪ | ২৮ মে ২০২৪ |
| কুয়াকাটা | ৪,২৪০ | ২০ | ২৪ মে ২০২৬ | ২ জুন ২০২৬ |
| সলিমপুর | ১৮৫ | ১০ | ২৪ মে ২০২৬ | ২ জুন ২০২৬ |





## বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ

৫ মে ২০২৬ বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ আইন, ২০২৬ (২০২৬ সনের ৬৬ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ (BBRA) প্রতিষ্ঠা করা হয়। যা ৬ মে ২০২৬ গেজেট আকারে প্রকাশিত হয়।

## সুপ্রীম কোর্ট সচিবালয় বিলুপ্ত

৩০ নভেম্বর ২০২৫ ' সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়। এরপর ১১ ডিসেম্বর ২০২৫ সুপ্রীম কোর্ট সচিবালয় উদ্বোধন করা হয়। কিন্তু ৯ এপ্রিল ২০২৬ জাতীয় সংসদে 'সুপ্রীমকোর্ট' সচিবালয় (রহিতকরণ) বিল' পাশ হয়। ১৯ মে ২০২৬ আইন মন্ত্রণালয় অফিস আদেশ জারি করে ১৫ কর্মকর্তাকে আইন ও বিচার বিভাগে সংযুক্ত করে। অফিস আদেশে তাদের যোগদানপত্র ভূতাপেক্ষভাবে গ্রহণ করার কথা উল্লেখ হয়। ভূতাপেক্ষভাবে যোগদানপত্র গ্রহণের তারিখ ১০ এপ্রিল ২০২৬ উল্লেখ করা হয়।

## গণপরিবহনে GPS বাধ্যতামূলক

১ আগস্ট ২০২৬ থেকে দেশের সব গণপরিবহনে GPS ডিভাইস সংযুক্ত করা এবং তা সচল রাখা বাধ্যতামূলক করা হয়। এর আগে ১১ জুন ২০২৬ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এটি বাধ্যতামূলক করে প্রজ্ঞাপন জারি করে। গণপরিবহন ব্যবস্থায় আধুনিক তথ্য-প্রযুক্তির সমন্বয়ের মাধ্যমে নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থাপনা নিশ্চিত করতে GPS সংযুক্ত ও সচল রাখা বাধ্যতামূলক করা হয়। গণপরিবহনের ফিটনেস ইস্যু ও নবায়নের সময় সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা-২৫ এবং সড়ক পরিবহন বিধিমালা ২০২২-এর বিধি ৫৫-তে বর্ণিত আইটেমসমূহ পরীক্ষার পাশাপাশি GPS সংযুক্তকরণ নিশ্চিত হয়ে BRTA কর্তৃক রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ নবায়ন করতে হবে।



GPS : Global Positioning System (GPS) হলো কৃত্রিম উপগ্রহভিত্তিক একধরনের একমুখী যোগাযোগ ব্যবস্থা। এই প্রযুক্তির সাহায্যে পৃথিবীর যেকোন প্রান্ত থেকে অন্য যেকোন স্থানে অবস্থানরত কোন বস্তুর অবস্থান সম্পর্কে সহজেই জেনে নেওয়া সম্ভব। সর্বপ্রথম ১৯৭০ দশকের শুরুর দিকে মার্কিন প্রতিরক্ষা বাহিনী তাদের নিজস্ব প্রয়োজনে GPS প্রযুক্তি নিয়ে প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা শুরু করে। শুরুর দিকে এটি কেবল সামরিক ক্ষেত্রে প্রয়োগ ও ব্যবহারযোগ্য থাকলেও পরবর্তী সময়ে মার্কিন সরকার সারা বিশ্বের সর্বসাধারণের নিমিত্তে এর ব্যবহার উন্মুক্ত করে দেয়।

## নতুন শিক্ষাক্রমে ৪ বিষয়

২০২৮ সাল থেকে সরকার নতুন শিক্ষাক্রম চালুর পরিকল্পনা হাতে নিয়েছে। এতে নতুন চারটি বিষয় যুক্ত হবে। ৮ জুন ২০২৬ শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন সংবাদ সম্মেলনে নতুন শিক্ষাক্রম নিয়ে বিভিন্ন পরিকল্পনা তুলে ধরেন।

| শ্রেণি | নতুন বিষয় |
|---|---|
| প্রথম-তৃতীয় | বিদ্যমান মৌলিক বিষয় বহাল |
| চতুর্থ-পঞ্চম | ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয় যুক্ত |
| ষষ্ঠ-অষ্টম | 'কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা' এবং 'লার্নিং উইথ হ্যাপিনেস' যুক্ত |
| নবম-দশম | সাধারণ বিষয়গুলোর পাশাপাশি দক্ষতা ও কর্মমুখী শিক্ষার গুরুত্ব |
| একাদশ-দ্বাদশ | চূড়ান্ত কাঠামো এখনও প্রস্তুত করা হয়নি, কাজ চলমান রয়েছে |

## নরসিংদী মেডিকেল কলেজ

দেশের চিকিৎসা শিক্ষার প্রসারে ১৪ জুন ২০২৬ নরসিংদী জেলায় 'নরসিংদী মেডিকেল কলেজ' প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি করা হয়। এর ফলে দেশে মোট সরকারি মেডিকেল কলেজের সংখ্যা ৪১টি– এমবিবিএস মেডিকেল কলেজ ৩৯টি, ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ১টি ও হোমিও-প্যাথিক মেডিকেল কলেজ ১টি।

**বর্তমানে দেশে সরকারি বিশ্ববিদ্যালয় ৫৯টি**

| যততম | বিশ্ববিদ্যালয় | বিল পাশ | রাষ্ট্রপতির স্বাক্ষর | প্রথম উপাচার্য | |
|---|---|---|---|---|---|
| | | | | নাম | নিয়োগ |
| ৫৪তম | নওগাঁ বিশ্ববিদ্যালয় | ৭ ফেব্রুয়ারি ২০২৩ | ১৩ ফেব্রুয়ারি ২০২৩ | আবুল কালাম আজাদ | ৮ জুন ২০২৩ |
| ৫৫তম | মেহেরপুর বিশ্ববিদ্যালয় | ২ ফেব্রুয়ারি ২০২৩ | ১৩ ফেব্রুয়ারি ২০২৩ | ড. মো. রবিউল ইসলাম | ১৩ নভেম্বর ২০২৩ |
| ৫৬তম | বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ২০০১ সাল | ১৫ জুলাই ২০০১ | ড. মো. কুদরত-ই-জাহান | ৩ জুন ২০২৫ |
| ৫৭তম | ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি | ১০ এপ্রিল ২০২৬ | ১০ এপ্রিল ২০২৬ | ড. এ এস মো. অবদুল হাছি | ১৫ ফেব্রুয়ারি ২০২৬ |
| ৫৮তম | ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয় | ২৯ অক্টোবর ২০২৩ | ১৩ নভেম্বর ২০২৩ | মো. ইস্রাফীল | ৭ মে ২০২৬ |
| ৫৯তম | লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ২ নভেম্বর ২০২৩ | ১৩ নভেম্বর ২০২৩ | ড. মোহাম্মদ হানিফ মুরাদ | ৭ জুন ২০২৬ |

♦ ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি দেশের ৫ম স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয় ♦ দেশের ১৫তম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ♦ বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন কার্যকর করা হয় ২২ মে ২০২৩।

## প্রথম স্যাটেলাইটভিত্তিক সমুদ্র গবেষণা কেন্দ্র

৯ জুন ২০২৬ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দেশের প্রথম মহাসাগরীয় উপগ্রহ ভূ-কেন্দ্র (Ocean Satellite Ground Station) উদ্বোধন করা হয়। প্রায় ৪২০ টেরাবাইট তথ্য সংরক্ষণ সক্ষমতাসম্পন্ন এই ভূ-কেন্দ্র বিশ্বের ১১টি উপগ্রহের সঙ্গে সংযুক্ত থাকবে। এর মাধ্যমে আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন, ঘূর্ণিঝড় ও দুর্যোগের পূর্বাভাস, নদীভাঙন, মৎস্যসম্পদ ব্যবস্থাপনা, বন উজাড় এবং পরিবেশ-



সংক্রান্ত বিভিন্ন তথ্য দ্রুত সংগ্রহ ও বিশ্লেষণ করা সম্ভব হবে। বর্তমানে এসব তথ্য সংগ্রহে যেখানে ২০-৩০ ঘণ্টা সময় লাগে, সেখানে নতুন ব্যবস্থার মাধ্যমে মাত্র ১৫ থেকে ২০ মিনিটের মধ্যে তথ্য পাওয়া যাবে। ফলে সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা, গবেষণা এবং নীতিনির্ধারণে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। উল্লেখ্য, ২৬ মার্চ ২০২৫ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রকল্পটির ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। চবির সমুদ্র বিজ্ঞান বিভাগের সাথে চীনের প্রাকৃতিক সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ Second Institute of Oceanography-এর যৌথ উদ্যোগে বাস্তবায়ন হয় এই প্রকল্পটি। প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত এ প্রকল্পে SIO প্রায় ৫০ কোটি টাকার কারিগরি সহায়তা প্রদান করে। বাকি ২০ কোটি টাকা ব্যয় করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

## পাসপোর্টে Except Israel যুক্ত

২০২০ সালে দেশে নতুন ই-পাসপোর্ট চালু করা হলে তাতে 'ইসরায়েল ব্যতীত' (Except Israel) শব্দবন্ধ লেখা বাদ দেওয়া হয়। ৭ এপ্রিল ২০২৫ অন্তর্বর্তী সরকার পাসপোর্টে 'ইসরায়েল ব্যতীত' শর্ত পুনর্বহালের সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরকে নির্দেশ দেয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ। তবে অন্তর্বর্তী সরকারের ওই সিদ্ধান্তে কূটনৈতিক পাসপোর্টের বাইরে বড় পরিসরে কার্যকর হয়নি। ১৭ ফেব্রুয়ারি ২০২৬ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হয়ে বিএনপি সরকার দায়িত্ব গ্রহণের পর পাসপোর্টে বেশ কিছু বিষয় পরিবর্তনের প্রক্রিয়া শুরু হয়। এর আলোকে বাংলাদেশি পাসপোর্টে আবারও যুক্ত করা হচ্ছে 'ইসরায়েল ব্যতীত' শব্দবন্ধ। স্বাধীনতার পর থেকে বাংলাদেশের ইস্যুকৃত পাসপোর্টের প্রথম পৃষ্ঠায় লেখা ছিল This Passport is valid for all countries of the world except Israel অর্থাৎ বিশ্বের যেকোনো দেশের জন্য এই পাসপোর্ট কার্যকর থাকবে, শুধু ইসরায়েল ছাড়া। অর্থাৎ বাংলাদেশি পাসপোর্টধারী কোনো ব্যক্তি শুধু ইসরায়েল ব্যতিরেকে বিশ্বের যেকোনো দেশ ভ্রমণ করতে পারবেন।

## নতুন সামুদ্রিক সংরক্ষিত এলাকা

২৪ মে ২০২৬ সরকার পটুয়াখালী জেলার কুয়াকাটা এবং চট্টগ্রামের সলিমপুর কাট্টলি সমুদ্র সৈকত এলাকায় 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে। যার ফলে দেশের সমুদ্রসীমার ১০% এলাকা সংরক্ষিত করার যে বাধ্যবাধকতা রিও কনভেনশনে বলা হয়েছিল তা পূরণ হলো। পরিবেশ রক্ষা বিষয়ে জাতিসংঘের তিনটি কনভেনশন বা চুক্তিতে স্বাক্ষর করে বাংলাদেশ। এগুলো রিও কনভেনশন হিসেবে পরিচিত। ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনেইরো শহরে অনুষ্ঠিত জাতিসংঘের 'ধরিত্রী সম্মেলন'-এ এগুলো সম্মতি জানানো হয়। সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০২৬ অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বাংলাদেশের সামুদ্রিক মৎস্য জলসীমার মধ্যে যেসব এলাকায় জলজ উদ্ভিদ ও প্রাণীকুল সংকটাপন্ন বা বিলুপ্তির ঝুঁকির মধ্যে আছে যেসব এলাকা কিংবা যেসব এলাকায় সামুদ্রিক জলজ জীব ক্রমহ্রাসমান পর্যায়ে আছে সেসব এলাকাকে 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' ঘোষণা করতে পারে।

- দেশের প্রথম সামুদ্রিক সংরক্ষিত এলাকা সোয়াচ অব নো-গ্রাউন্ড সামুদ্রিক সংরক্ষিত এলাকা
- দেশের সর্ববৃহৎ সামুদ্রিক সংরক্ষিত এলাকা (Marine Protected Areas-MPA) কুয়াকাটা সামুদ্রিক সংরক্ষিত এলাকা
- একমাত্র সোয়াচ অব নো গ্রাউন্ডে মাছ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ
- সোয়াচ অব নো-গ্রাউন্ড ও সেন্টমার্টিন সামুদ্রিক সংরক্ষিত এলাকা ঘোষণা করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

বাংলাদেশে এখন সংরক্ষিত সামুদ্রিক এলাকার সংখ্যা ৬টি। এছাড়া বঙ্গোপসাগরের মিডলগ্রাউন্ড মৎস্যক্ষেত্রের একটি ঘোষিত মেরিন রিজার্ভ এলাকা আছে, যার আয়তন ৬৯৮ বর্গ কিমি। মাছের প্রজনন, সংরক্ষণ ও ব্যবস্থাপনাকে সফল করতে এই মেরিন রিজার্ভ ঘোষণা করা হয়।

### দেশের ৬ সামুদ্রিক সংরক্ষিত এলাকা

| নাম | জলসীমা (বর্গ কিমি) | গভীরতা (মিটার) | প্রজ্ঞাপন | গেজেট প্রকাশ |
|---|---|---|---|---|
| সোয়াচ অব নো-গ্রাউন্ড | ১,৭৩৮ | ৯০০ | ২৭ অক্টোবর ২০১৪ | ৩ নভেম্বর ২০১৪ |
| নিঝুম দ্বীপ | ৩,১৮৮ | – | ২৩ জুন ২০১৯ | ২৪ জুন ২০১৯ |
| সেন্টমার্টিন | ১,৭৪৩ | ৭০ | ৪ জানুয়ারি ২০২২ | ১৮ জানুয়ারি ২০২২ |
| নাফ | ৭৩৪.১৭ | ৪৬ | ২১ মে ২০২৪ | ২৮ মে ২০২৪ |
| কুয়াকাটা | ৪,২৪০ | ২০ | ২৪ মে ২০২৬ | ২ জুন ২০২৬ |
| সলিমপুর | ১৮৫ | ১০ | ২৪ মে ২০২৬ | ২ জুন ২০২৬ |





## বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ

৫ মে ২০২৬ বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ আইন, ২০২৬ (২০২৬ সনের ৬৬ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরি কর্তৃপক্ষ (BBRA) প্রতিষ্ঠা করা হয়। যা ৬ মে ২০২৬ গেজেট আকারে প্রকাশিত হয়।

## সুপ্রীম কোর্ট সচিবালয় বিলুপ্ত

৩০ নভেম্বর ২০২৫ 'সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়। এরপর ১১ ডিসেম্বর ২০২৫ সুপ্রীম কোর্ট সচিবালয় উদ্বোধন করা হয়। কিন্তু ৯ এপ্রিল ২০২৬ জাতীয় সংসদে 'সুপ্রীমকোর্ট সচিবালয় (রহিতকরণ) বিল' পাশ হয়। ১৯ মে ২০২৬ আইন মন্ত্রণালয় অফিস আদেশ জারি করে ১৫ কর্মকর্তাকে আইন ও বিচার বিভাগে সংযুক্ত করে। অফিস আদেশে তাদের যোগদানপত্র ভূতাপেক্ষভাবে গ্রহণ করার কথা উল্লেখ হয়। ভূতাপেক্ষভাবে যোগদানপত্র গ্রহণের তারিখ ১০ এপ্রিল ২০২৬ উল্লেখ করা হয়।

## গণপরিবহনে GPS বাধ্যতামূলক

১ আগস্ট ২০২৬ থেকে দেশের সব গণপরিবহনে GPS ডিভাইস সংযুক্ত করা এবং তা সচল রাখা বাধ্যতামূলক করা হয়। এর আগে ১১ জুন ২০২৬ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এটি বাধ্যতামূলক করে প্রজ্ঞাপন জারি করে। গণপরিবহন ব্যবস্থায় আধুনিক তথ্য-প্রযুক্তির সমন্বয়ের মাধ্যমে নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থাপনা নিশ্চিত করতে GPS সংযুক্ত ও সচল রাখা বাধ্যতামূলক করা হয়। গণপরিবহনের ফিটনেস ইস্যু ও নবায়নের সময় সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা-২৫ এবং সড়ক পরিবহন বিধিমালা ২০২২-এর বিধি ৫৫-তে বর্ণিত আইটেমসমূহ পরীক্ষার পাশাপাশি GPS সংযুক্তকরণ নিশ্চিত হয়ে BRTA কর্তৃক রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ নবায়ন করতে হবে।



GPS : Global Positioning System (GPS) হলো কৃত্রিম উপগ্রহ ভিত্তিক একধরনের একমুখী যোগাযোগ ব্যবস্থা। এই প্রযুক্তির সাহায্যে পৃথিবীর যেকোন প্রান্ত থেকে অন্য যেকোন স্থানে অবস্থানরত কোন বস্তুর অবস্থান সম্পর্কে সহজেই জেনে নেওয়া সম্ভব। সর্বপ্রথম ১৯৭০ দশকের শুরুর দিকে মার্কিন প্রতিরক্ষা বাহিনী তাদের নিজস্ব প্রয়োজনে GPS প্রযুক্তি নিয়ে প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা শুরু করে। শুরুর দিকে এটি কেবল সামরিক ক্ষেত্রে প্রয়োগ ও ব্যবহারযোগ্য থাকলেও পরবর্তী সময়ে মার্কিন সরকার সারা বিশ্বের সর্বসাধারণের নিমিত্তে এর ব্যবহার উন্মুক্ত করে দেয়।

## নতুন শিক্ষাক্রমে ৪ বিষয়

২০২৮ সাল থেকে সরকার নতুন শিক্ষাক্রম চালুর পরিকল্পনা হাতে নিয়েছে। এতে নতুন চারটি বিষয় যুক্ত হবে। ৮ জুন ২০২৬ শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন সংবাদ সম্মেলনে নতুন শিক্ষাক্রম নিয়ে বিভিন্ন পরিকল্পনা তুলে ধরেন।

| শ্রেণি | নতুন বিষয় |
|---|---|
| প্রথম-তৃতীয় | বিদ্যমান মৌলিক বিষয় বহাল |
| চতুর্থ-পঞ্চম | ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয় যুক্ত |
| ষষ্ঠ-অষ্টম | 'কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা' এবং 'লার্নিং উইথ হ্যাপিনেস' যুক্ত |
| নবম-দশম | সাধারণ বিষয়গুলোর পাশাপাশি দক্ষতা ও কর্মমুখী শিক্ষার গুরুত্ব |
| একাদশ-দ্বাদশ | চূড়ান্ত কাঠামো এখনও প্রস্তুত করা হয়নি, কাজ চলমান রয়েছে |

## নরসিংদী মেডিকেল কলেজ

দেশের চিকিৎসা শিক্ষার প্রসারে ১৪ জুন ২০২৬ নরসিংদী জেলায় 'নরসিংদী মেডিকেল কলেজ' প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি করা হয়। এর ফলে দেশে মোট সরকারি মেডিকেল কলেজের সংখ্যা ৪১টি– এমবিবিএস মেডিকেল কলেজ ৩৯টি, ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ১টি ও হোমিও-প্যাথিক মেডিকেল কলেজ ১টি।

### বর্তমানে দেশে সরকারি বিশ্ববিদ্যালয় ৫৯টি

| যততম | বিশ্ববিদ্যালয় | বিল পাশ | রাষ্ট্রপতির স্বাক্ষর | প্রথম উপাচার্য | |
|---|---|---|---|---|---|
| | | | | নাম | নিয়োগ |
| ৫৪তম | নওগাঁ বিশ্ববিদ্যালয় | ৭ ফেব্রুয়ারি ২০২৩ | ১৩ ফেব্রুয়ারি ২০২৩ | আবুল কালাম আজাদ | ৮ জুন ২০২৩ |
| ৫৫তম | মেহেরপুর বিশ্ববিদ্যালয় | ২ ফেব্রুয়ারি ২০২৩ | ১৩ ফেব্রুয়ারি ২০২৩ | ড. মো. রবিউল ইসলাম | ১৩ নভেম্বর ২০২৩ |
| ৫৬তম | বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ২০০১ সাল | ১৫ জুলাই ২০০১ | ড. মো. কুদরত-ই-জাহান | ৩ জুন ২০২৫ |
| ৫৭তম | ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি | ১০ এপ্রিল ২০২৬ | ১০ এপ্রিল ২০২৬ | ড. এ এস মো. আবদুল হাছিব | ১৫ ফেব্রুয়ারি ২০২৬ |
| ৫৮তম | ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয় | ২৯ অক্টোবর ২০২৩ | ১৩ নভেম্বর ২০২৩ | মো. ইস্রাফীল | ৭ মে ২০২৬ |
| ৫৯তম | লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ২ নভেম্বর ২০২৩ | ১৩ নভেম্বর ২০২৩ | ড. মোহাম্মদ হানিফ মুরাদ | ৭ জুন ২০২৬ |

♦ ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি দেশের ৫ম স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয় ♦ দেশের ১৫তম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ♦ বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন কার্যকর করা হয় ২২ মে ২০২৩।

## নজরুল বর্ষ



২৩ মে ২০২৬ প্রধানমন্ত্রী তারেক রহমান ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মজয়ন্তী উদ্‌যাপন উদ্বোধন শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের পরে 'নজরুল বর্ষ' ঘোষণা দেন। আগামী এক বছর অর্থাৎ ২৫ মে ২০২৬-২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' পালিত হবে। এরপর ২১ জুন ২০২৬ নজরুল বর্ষ ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়।

## ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু

১১ জুন ২০২৬ দেশের ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণে বাংলাদেশ ও চীনের মধ্যে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরিত হয়। প্রস্তাবিত সেতুটি পটুয়াখালী জেলার লেবুখালী-বাউফল-গলাচিপা-আমড়াগাছিয়া জেলা মহাসড়কের ১৪তম কিলোমিটারে লোহালিয়া নদীর ওপর বগা ফেরিঘাটের ভাটিতে নির্মিত হবে। প্রকল্পের মোট দৈর্ঘ্য নির্ধারণ করা হয় প্রায় ২.৬২ কিমি। এর মধ্যে মূল সেতু ১.৩৪৮ কিমি এবং সংযোগ সড়ক প্রায় ১.২৭২ কিমি। প্রকল্পের আওতায় মূল সেতু ও এপ্রোচ সড়ক নির্মাণে প্রয়োজনীয় অর্থায়ন অনুদান হিসেবে দেবে চীন সরকার। অন্যদিকে ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বহন করবে বাংলাদেশ সরকার। ৪ অক্টোবর ১৯৭৫ বাংলাদেশ ও চীনের মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এখন পর্যন্ত চীন সরকার চায়না এইড কাঠামোর আওতায় বাংলাদেশে আটটি সেতু নির্মাণ করেছে।

## নতুন দুই উন্নয়ন কর্তৃপক্ষ

**কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ :** ২৯ জানুয়ারি ২০২৬ উপদেষ্টা পরিষদের বৈঠকে কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ অনুমোদন করা হয়। এরপর ১৫ ফেব্রুয়ারি ২০২৬ অধ্যাদেশ আকারে জারি করা হয়। ১০ এপ্রিল ২০২৬ সংসদে অধ্যাদেশটি বিল আকারে পাশ হয়। সর্বশেষ ২০ মে ২০২৬ প্রজ্ঞাপন জারি করে কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়। যার গেজেট প্রকাশ হয় ২১ মে ২০২৬।

**নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ :** ২৯ জানুয়ারি ২০২৬ উপদেষ্টা পরিষদের বৈঠকে নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ অনুমোদন করা হয়। এরপর ১৫ ফেব্রুয়ারি ২০২৬ অধ্যাদেশ আকারে জারি করা হয়। ১০ এপ্রিল ২০২৬ জাতীয় সংসদে অধ্যাদেশটি বিল আকারে পাশ হয়। সর্বশেষ ২১ মে ২০২৬ প্রজ্ঞাপন জারি করে নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়। যা গেজেট আকারে প্রকাশ করা হয় ২ জুন ২০২৬। নগর উন্নয়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে।

**দেশের ১৩ নগর উন্নয়ন কর্তৃপক্ষ**

| নাম | প্রতিষ্ঠা | যে আইনে কার্যক্রম |
|---|---|---|
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৯৫৬ সাল | ২০২৬ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১৯৫৯ সাল | ২০১৮ |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ২১ জানুয়ারি ১৯৬১ | ২০১৮ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ২২ অক্টোবর ১৯৭৬ | ২০১৮ |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ১৭ আগস্ট ২০১৬ | ২০১৬ |
| গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ | ১৫ সেপ্টেম্বর ২০২০ | ২০২০ |
| সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ | ১৮ ডিসেম্বর ২০২৩ | ২০২৩ |
| মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ | ১ আগস্ট ২০২৫ | ২০২৬ |
| বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ | ১২ জানুয়ারি ২০২৬ | ২০২৬ |
| ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ | ১২ জানুয়ারি ২০২৬ | ২০২৬ |
| রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ | ১২ জানুয়ারি ২০২৬ | ২০২৬ |
| কুমিল্লা উন্নয়ন কর্তৃপক্ষ | ২০ মে ২০২৬ | ২০২৬ |
| নারায়ণগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ | ২১ মে ২০২৬ | ২০২৬ |

## ILC'র সহ-সভাপতি



আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) প্রতি বছর শ্রম ও কর্মসংস্থান বিষয়ক আন্তর্জাতিক শ্রম সম্মেলন (International Labour Conference -ILC) আয়োজন করে থাকে। আন্তর্জাতিক শ্রম সম্মেলনকে বিশ্বের 'শ্রম সংসদ' হিসেবে আখ্যায়িত করা হয়, যা ILO'র সর্বোচ্চ নীতি-নির্ধারণী ফোরাম। ১-১২ জুন ২০২৬ সুইজারল্যান্ডের জেনেভায় ILO'র ১১৪তম আন্তর্জাতিক শ্রম সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রথম দিন অর্থাৎ ১ জুন ২০২৬ এই নির্বাচনে ILO'র ১৮৭টি সদস্য রাষ্ট্রের প্রতিনিধিরা সভাপতি ও সহ-সভাপতি নির্বাচন করে। নির্বাচনে সম্মেলনের সভাপতি নির্বাচিত হন উরুগুয়ের শ্রম ও সামাজিক সুরক্ষা বিষয়ক মন্ত্রী জুয়ান কাস্ট্রিলো। আর সহ-সভাপতি নির্বাচিত হন জেনেভায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি নাহিদা সোবহান, যুক্তরাষ্ট্রের ক্রিস্টেন কফম্যান ও আর্জেন্টিনার জেরার্দো মার্তিনেজ।

## IBCA অনুমোদন

২১ মে ২০২৬ মন্ত্রিসভায় Framework Agreement on the Establishment of the International Big Cat Alliance (IBCA) স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হয়। IBCA হলো একটি বৈশ্বিক জোট, যা ২০০৩ সালের এপ্রিল মাসে বাঘ, সিংহ, চিতাসহ সাতটি প্রধান বৃহৎ বিড়াল প্রজাতি সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়।। ২২ মে ২০২৬ সৌদি আরব ২৬তম সদস্য দেশ হিসেবে IBCA-তে যোগ দেয়। ১ জুন ২০২৬ IBCA'র প্রথম শীর্ষ সম্মেলন নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়।

ক্যামেরুন হলো পশ্চিম-মধ্য আফ্রিকার দেশ



## সরকারি উদ্যোগে ডেঙ্গু, জলাতঙ্ক ও হামের টিকা

দেশে প্রথমবারের মতো সরকারি উদ্যোগে ডেঙ্গু, জলাতঙ্ক ও হামের টিকা এবং অ্যান্টিভেনম (সাপের কামড়ের প্রতিষেধক) উৎপাদন করতে যাচ্ছে রাষ্ট্রীয় ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান Essential Drugs Company Limited (EDCL)। বর্তমানে দেশে এই চার ধরনের টিকার মোট বার্ষিক চাহিদা প্রায় ৫০ লাখ ডোজ। প্রধানমন্ত্রীর নির্দেশনা এবং স্বাস্থ্যমন্ত্রীর তত্ত্বাবধানে কোম্পানিটি জরুরি ভিত্তিতে এ



প্রকল্প হাতে নেয়। এ উদ্যোগ বাস্তবায়িত হলে দেশের টিকার চাহিদা পূরণের পাশাপাশি রপ্তানির সুযোগও তৈরি হবে। প্রতিষ্ঠানটির বিদ্যমান অবকাঠামো ব্যবহার করেই এ প্রকল্প বাস্তবায়ন করা হবে। এতে আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২০-২৫ কোটি টাকা। প্রকল্পটি চালু হলে বছরে প্রায় ৯০ লাখ থেকে ১ কোটি ভায়াল টিকা উৎপাদন করা সম্ভব হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) উচ্চ ডেঙ্গু সংক্রমণপ্রবণ এলাকায় ৬-১৬ বছর বয়সি শিশুদের জন্য তাকেদা-র তৈরি লাইভ-অ্যাটেনুয়েটেড ডেঙ্গু টিকা Qdenga (TAK-003) ব্যবহারের পরামর্শ দেয়। ১৫ মে ২০২৪ এই টিকা WHO'র প্রাক-যোগ্যতা অর্জন করে। EDCL Qdenga উৎপাদন করার পরিকল্পনা করছে।

## প্রথম মুক্ত বাণিজ্য অঞ্চল

দেশে এই প্রথম দুটি মুক্ত বাণিজ্য অঞ্চল (Free Trade Zone-FTZ) প্রতিষ্ঠার উদ্যোগ নেয় সরকার। একটি হচ্ছে কক্সবাজারের মাতারবাড়ী সমুদ্রবন্দরের কাছে। আরেকটি চট্টগ্রাম বন্দরের নিকটবর্তী এলাকায়। দুটি স্থানে মোট প্রায় ৬০০ একর জমিতে মুক্ত বাণিজ্য অঞ্চল প্রতিষ্ঠা হবে। ১৭ জুন ২০২৬ অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এ বিষয়ে নীতিগত অনুমোদন দেয়। পরবর্তী সময়ে প্রকল্পের বিস্তারিত পরিকল্পনা, বিনিয়োগ কাঠামো ও পরিচালন পদ্ধতি চূড়ান্ত করা হবে।

## চীনা অর্থনৈতিক অঞ্চল প্রকল্প

১৬ জুন ২০২৬ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় 'চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চলের জন্য সহায়ক অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পটি পাস হয়। চট্টগ্রামের আনোয়ারায় কর্ণফুলী নদীর মোহনার কাছে বিস্তীর্ণ এলাকাজুড়ে এটি গড়ে উঠবে। এই প্রকল্পে অবকাঠামো নির্মাণে ৪,১৮৯ কোটি টাকা খরচ হবে। চীনের প্রেসিডেন্ট শি চিন পিংয়ের ঢাকা সফরের সময় ১৪ অক্টোবর ২০১৬ চীনা অর্থনৈতিক জোন স্থাপনের জন্য দুই দেশের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। একই বছর ভূমি অধিগ্রহণ করা হয়। পরে ২০২২ সালে চীনা সরকারের পক্ষ থেকে চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশনকে (CRBC) নতুন ডেভেলপার হিসেবে মনোনীত করা হয়। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) ও CRBC যৌথভাবে একটি কোম্পানি গঠন করে। সেখানে BEZA মালিকানা পায় ৩০%। জমির ৫০ বছরের লিজ মূল্যের ভিত্তিতে এ মালিকানা নির্ধারণ করা হয়। অন্যদিকে অর্থনৈতিক অঞ্চলের উন্নয়নে ১০০ মি.ড. বিনিয়োগের বিনিময়ে ৭০% শেয়ার পায় CRBC।

**চীনা শিল্পাঞ্চল প্রকল্প**

| | |
|---|---|
| মোট ব্যয় | ৪,১৮৯ কোটি টাকা |
| চীনা ঋণ | ২,৪৬৭ কোটি টাকা (চীনের এক্সিম ব্যাংক) |
| সরকারি অর্থায়ন | ১,৭২২ কোটি টাকা |

**নির্মিত হবে**

- জেটি সংযোগ সড়ক ও প্রধান সড়ক
- বহুমুখী জেটি (শিপ হ্যান্ডলিং সুবিধা)
- গ্যাসলাইন ও ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন
- কেন্দ্রীয় বর্জ্যপানি শোধনাগার
- প্রায় ১২ কিমি বাউন্ডারি ওয়াল
- বিদ্যুৎ সাবস্টেশন (২টি)
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র
- পানি সংরক্ষণাগার।



## GI পণ্য এখন ৬৪

১৫ জুন ২০২৬ শিল্প মন্ত্রণালয়ের পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্ক অধিদপ্তর মানিকগঞ্জের হাজারী গুড়কে GI নিবন্ধন সনদ ইস্যু করে। এটি বাংলাদেশের ৬৪তম ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য।

**সর্বশেষ নিবন্ধিত ৫ GI পণ্য**

| ক্রম | পণ্যের নাম | আবেদনের তারিখ | আবেদনকারী |
|---|---|---|---|
| ৬০ | ফরিদপুরের পাট | ০১.০৮.২০২৪ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট |
| ৬১ | মেহেরপুরের সাবিত্রী মিষ্টি | ২৮.০৩.২০২৪ | জেলা প্রশাসক, মেহেরপুর |
| ৬২ | কালিগঞ্জের তোয়ালে | ৩০.১২.২০২৪ | বাংলাদেশ তাঁত বোর্ড |
| ৬৩ | জয়পুরহাটের লতিরাজ কচু | ০৭.০৩.২০১৭ | জেলা প্রশাসক, জয়পুরহাট |
| ৬৪ | মানিকগঞ্জের হাজারী গুড় | ১৯.০২.২০২৪ | জেলা প্রশাসক, মানিকগঞ্জ |

## ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন

অধিবেশন শুরু : ৭ জুন ২০২৬

সমাপ্তি : ৯ জুলাই ২০২৬

- অর্থ মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি > সভাপতি : মুশফিকুর রহমান (ব্রাহ্মণবাড়িয়া-৪)
- আইন মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি > সভাপতি : আন্দালিভ রহমান পার্থ (ভোলা-১)।

Cameroon নামের উৎপত্তি Rio dos Camarões থেকে

# UNGA'র দ্বিতীয় বাংলাদেশি সভাপতি



২ জুন ২০২৬ জাতিসংঘ সাধারণ পরিষদের (UNGA) ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ও কূটনীতিক ড. খলিলুর রহমান। নির্বাচনে জাতিসংঘের ১৯৩ সদস্য দেশের মধ্যে ১৯০টি দেশ ভোট প্রদান করে। খলিলুর রহমান ৯৯ ভোট আর তার প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের আন্দ্রেয়াস এস কাকোরিস পান ৯১ ভোট। এ নির্বাচনে জয়ের মধ্য দিয়ে ৮ সেপ্টেম্বর ২০২৬ বাংলাদেশ দ্বিতীয়বারের মতো UNGA'র সভাপতির আসনে বসবে। ৪০ বছর আগে অর্থাৎ ১৬ সেপ্টেম্বর ১৯৮৬ UNGA'র ৪১তম অধিবেশনে সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন বাংলাদেশের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হুমায়ূন রশিদ চৌধুরী।

## অধিবেশন

বর্তমানে প্রতি বছর সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহের মঙ্গলবার UNGA'র নিয়মিত অধিবেশন শুরু হয়। আর সাধারণ বিতর্ক শুরু হয় সেপ্টেম্বর মাসের চতুর্থ সপ্তাহের মঙ্গলবার এবং তা নিরবচ্ছিন্নভাবে ৯ কার্যদিবস ধরে অনুষ্ঠিত হয়। এই সপ্তাহ গণনা করা হয় কমপক্ষে একটি কর্মদিবস রয়েছে এমন সপ্তাহকে প্রথম ধরে। প্রতিটি নির্ধারিত অধিবেশনের শুরুতে পরিষদ একটি সাধারণ বিতর্কের আয়োজন করে, যেখানে মূলত বিভিন্ন রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানগণ অংশ নেন।

## জানেন কি

UNGA'র কার্যপ্রণালী বিধি অনুযায়ী সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহের মঙ্গলবার শুরু হতো।

- ৩ নভেম্বর ২০০০ কার্যপ্রণালী বিধির ১নং নিয়ম সংশোধন করে, প্রতি বছর সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সোমবারের পরবর্তী মঙ্গলবার থেকে নিয়মিত অধিবেশন শুরু করার নিয়ম যুক্ত করা হয়।
- ১৩ মার্চ ২০০৩ কার্যপ্রণালি বিধির ১নং নিয়ম আবার সংশোধন করে, প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহের মঙ্গলবারে নিয়মিত অধিবেশন শুরু করার নিয়ম যুক্ত করা হয়।
- ১০ সেপ্টেম্বর ২০২১ পুনরায় সংশোধন করে সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহের মঙ্গলবার করা হয়।

## ড. খলিলুর রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর (এমএ), যুক্তরাষ্ট্রের টাফটস বিশ্ববিদ্যালয় থেকে আইন ও কূটনীতিতে এমএ এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ১৯৭৭ সালে তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (BCS) পরীক্ষায় প্রথম স্থান অর্জন করেন এবং ১৯৭৯ সালে যোগদান করেন। ১৯৮৫ সালে তিনি জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনে যোগ দেন। ২০০১ সালে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমানের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

- জন্ম : ১ এপ্রিল ১৯৫৪
- জাতীয় নিরাপত্তা উপদেষ্টা : ৯ এপ্রিল ২০২৫-১৭ ফেব্রুয়ারি ২০২৬
- প্রধান উপদেষ্টার রোহিঙ্গা বিষয়ক বিশেষ প্রতিনিধি : ১৯ নভেম্বর ২০২৪-১৭ ফেব্রুয়ারি ২০২৬
- পররাষ্ট্রমন্ত্রী : ১৭ ফেব্রুয়ারি ২০২৬-বর্তমান।

## অধিবেশন ও বিতর্ক ২০২৫-২০৩৪


| যততম | নিয়মিত অধিবেশন | সাধারণ বিতর্ক |
|---|---|---|
| ৮০তম | ৯ সেপ্টেম্বর ২০২৫ | ২৩ সেপ্টেম্বর ২০২৫ |
| ৮১তম | ৮ সেপ্টেম্বর ২০২৬ | ২২ সেপ্টেম্বর ২০২৬ |
| ৮২তম | ৭ সেপ্টেম্বর ২০২৭ | ২১ সেপ্টেম্বর ২০২৭ |
| ৮৩তম | ৫ সেপ্টেম্বর ২০২৮ | ১৯ সেপ্টেম্বর ২০২৮ |
| ৮৪তম | ১১ সেপ্টেম্বর ২০২৯ | ২৫ সেপ্টেম্বর ২০২৯ |
| ৮৫তম | ১০ সেপ্টেম্বর ২০৩০ | ২৪ সেপ্টেম্বর ২০৩০ |
| ৮৬তম | ৯ সেপ্টেম্বর ২০৩১ | ২৩ সেপ্টেম্বর ২০৩১ |
| ৮৭তম | ৭ সেপ্টেম্বর ২০৩২ | ২১ সেপ্টেম্বর ২০৩২ |
| ৮৮তম | ৬ সেপ্টেম্বর ২০৩৩ | ২০ সেপ্টেম্বর ২০৩৩ |
| ৮৯তম | ৫ সেপ্টেম্বর ২০৩৪ | ১৯ সেপ্টেম্বর ২০৩৪ |

## বিভিন্ন ক্যাটাগরিতে UNGA'র প্রথম সভাপতি

| ক্যাটাগরি | নাম | দেশ | সময়কাল | অধিবেশন |
|---|---|---|---|---|
| সভাপতি | পল হেনরি স্পাক | বেলজিয়াম | ১০ জানুয়ারি ১৯৪৬-১৫ ডিসেম্বর ১৯৪৬ | প্রথম |
| এশীয় সভাপতি | কার্লোস পি. রোমুলো | ফিলিপাইন | ২০ সেপ্টেম্বর ১৯৪৯-৩০ জুন ১৯৫০ | চতুর্থ |
| মুসলিম সভাপতি | নাসরুল্লাহ এনতেজাম | ইরান | ১৯ সেপ্টেম্বর ১৯৫০-১৮ সেপ্টেম্বর ১৯৫১ | পঞ্চম |
| নারী সভাপতি | বিজয় লক্ষ্মী পণ্ডিত | ভারত | ১৫ সেপ্টেম্বর ১৯৫৩-২১ সেপ্টেম্বর ১৯৫৪ | অষ্টম |
| মুসলিম নারী সভাপতি | সায়খা বিনতে রশীদ আল খলিফা | বাহরাইন | ১২ সেপ্টেম্বর ২০০৬-১৮ সেপ্টেম্বর ২০০৭ | ৬১তম |
| বাংলাদেশি সভাপতি | হুমায়ুন রশীদ চৌধুরী | বাংলাদেশ | ১৬ সেপ্টেম্বর ১৯৮৬-১৫ সেপ্টেম্বর ১৯৮৭ | ৪১তম |

ক্যামেরুনের সরকারি নাম Republic of Cameroon





# পৌরসভা ইতিহাস ও রূপরেখা

৭ মে ২০২৬ প্রশাসনিক পুনর্বিন্যাস-সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) ১২০তম বৈঠকে কক্সবাজারের পেকুয়া উপজেলায় পৌরসভা গঠনের প্রস্তাব অনুমোদন করা হয়। ১৪ মে ২০২৬ পেকুয়া পৌরসভা প্রতিষ্ঠা করে প্রজ্ঞাপন জারি করা হয়। যা ১৭ মে ২০২৬ গেজেট আকারে প্রকাশ করা হয়। পেকুয়া নিয়ে দেশের মোট পৌরসভা এখন ৩৩০টি।

## ইতিহাস

১৭৯৩ সালে ব্রিটিশ পার্লামেন্টের এক সিদ্ধান্ত অনুসারে উপমহাদেশের কলকাতা, মাদ্রাজ ও বোম্বে শহরে পৌরসভার সূচনা হয়। ১৮৪২ সালে বেঙ্গল আইনের মাধ্যমে প্রথম পৌর প্রতিষ্ঠান গঠনের উদ্যোগ নেওয়া হয়। ১ আগস্ট ১৮৬৪ District Municipal Improvement Act এর অধীনে বাংলাদেশের প্রথম ঢাকা এবং যশোর পৌরসভা আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ১৯৩২ সালে পূর্বের সকল আইনকে একত্রিত করে Bengal Municipal Act অনুমোদন করা হয়। ১৯৫৯ সালে মৌলিক গণতন্ত্র আদেশ (বেসিক ডেমোক্রেসিস অর্ডার)-এর অধীনে গ্রামীণ স্থানীয় সংস্থা ছাড়াও ইউনিয়ন ও টাউন কমিটি গঠন করা হয়। ১৯৬০ সালের মিউনিসিপ্যাল এ্যাডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স-এর অধীনে মিউনিসিপ্যাল কমিটি গঠন করা হয়। ১৯৭২ সালের প্রেসিডেন্ট অর্ডার বলে টাউন কমিটিকে শহর কমিটি ও মিউনিসিপ্যাল কমিটিকে পৌরসভা নামকরণ করা হয়। ১৯৭৩ সালের প্রেসিডেন্ট অর্ডার বলে শহর কমিটিসমূহকে পৌরসভা হিসেবে আখ্যায়িত করা এবং পৌরসভাসমূহে নাগরিকদের সরাসরি ভোটে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান নির্বাচনের বিধান করা হয়। ১৯৭৭ সালের পৌরসভা অধ্যাদেশে ভাইস-চেয়ারম্যানের পদটি লুপ্ত করা হয়। কমিশনারের সংখ্যা নির্বাচনি এলাকার উপর নির্ভর করে নির্ধারণ করা এবং অন্তত ৯ জন কমিশনার সমন্বয়ে একটি পৌরসভা গঠনের বিধান করা হয়। আইনানুযায়ী মনোনীত মহিলা কমিশনারের সংখ্যা নির্বাচিত কমিশনারদের এক-দশমাংশের বেশি হতে পারতো না। পরবর্তীতে এই আইনের এক সংশোধনীর মাধ্যমে প্রতিটি পৌরসভায় ৩ জন মহিলা কমিশনার নিয়োগের বিধান করা হয়। ১৯৯৭ সালে অপর এক সংশোধনীর মাধ্যমে পৌরসভা নির্বাচন প্রক্রিয়ায় মহিলা কমিশনারদের জন্য আসন সংরক্ষণ করা এবং প্রতি ৩টি ওয়ার্ডে মহিলাদের জন্য ১টি সংরক্ষিত আসন সৃষ্টি করে সংরক্ষিত আসনে সরাসরি মহিলা কমিশনার নির্বাচনের ব্যবস্থা প্রবর্তন করা হয়। ১৪ মে ২০০৮ পৌরসভার চেয়ারম্যানের পদবি বদলে মেয়র এবং কমিশনারদের কাউন্সিলর করা হয়। বর্তমানে ২০০৯ সালের স্থানীয় সরকার (পৌরসভা) আইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

### At a Glance

পৌরসভা : ৩৩০টি • সর্বাধিক : চট্টগ্রাম; ১৫টি • সবচেয়ে কম : মাগুরায় ১টি • বৃহত্তম (আয়তনে) : রাঙ্গামাটি, ৬৪.৭৫ বর্গকিমি • ক্ষুদ্রতম (আয়তনে) : বারইয়ারহাট, চট্টগ্রাম; ২.১২ বর্গকিমি • বৃহত্তম : সাভার (ঢাকা); জনসংখ্যা ৩,৮৪,০৯৩ • ক্ষুদ্রতম : বাঘারপাড়া (যশোর); জনসংখ্যা ৯,৫৭০।

- পৌরসভা একটি সংবিধিবদ্ধ সংস্থা
- দেশের সর্বশেষ বিলুপ্ত পৌরসভা বগুড়া।

## শ্রেণিকরণ

৭ মার্চ ১৯৯২ জারি করা 'পৌরসভার কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯২' অনুযায়ী পৌরসভাসমূহকে তাদের বার্ষিক আয়ের ভিত্তিতে তিন শ্রেণিতে বিভক্ত করা হয়। যথা— ক, খ এবং গ। 'যেসব পৌরসভার বার্ষিক রাজস্ব আয় পরপর ৩ বছরের প্রতিবছর গড়ে ১ কোটি টাকার উপরে থাকে সেগুলোকে 'ক' শ্রেণির পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়। একইভাবে পরপর ৩ বছরের প্রতিবছর গড় রাজস্ব ৮০ লাখ টাকার বেশি হলে 'খ' শ্রেণি এবং প্রতিবছর গড় রাজস্ব আয় ৬০ লক্ষ টাকার বেশি হলে 'গ' শ্রেণির পৌরসভা করা হয়। নিজস্ব আয় থেকে ব্যয় মেটানো ছাড়াও পৌরসভার উন্নয়নে স্থানীয় সরকার বিভাগ প্রতিটি পৌরসভাকে শ্রেণি অনুযায়ী ADP থেকে থোক বরাদ্দ দিয়ে থাকে। কোনো পৌরসভার আয় (সরকারি অনুদান বা সাহায্য ব্যতীত) বৃদ্ধি পেলে সরকারি গেজেটের মাধ্যমে 'বিশেষ শ্রেণি' পৌরসভার অন্তর্ভুক্ত করা যায়।

## গঠনের শর্ত


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী নতুন পৌরসভা গঠনের শর্ত ▸ তিন-চতুর্থাংশ ব্যক্তি অকৃষি পেশায় নিয়োজিত • শতকরা ৩৩ ভাগ ভূমি অকৃষি প্রকৃতির • জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিমি গড়ে দুই হাজার-এর কম নয় • জনসংখ্যা পঞ্চাশ হাজারের কম হবে না।

## দেশের সর্বশেষ ৫ পৌরসভা

| পৌরসভা | নিকার সভায় অনুমোদন | প্রজ্ঞাপন | গেজেট প্রকাশ | আয়তন (বর্গকিমি) |
|---|---|---|---|---|
| দোহাজারী (চট্টগ্রাম) | ৯ জানুয়ারি ২০১৭ | ১১ মে ২০১৭ | ১১ মে ২০১৭ | ৪০.৭৪ |
| তাড়াশ (সিরাজগঞ্জ) | ২০ নভেম্বর ২০১৭ | ৩১ ডিসেম্বর ২০১৭ | ৭ জানুয়ারি ২০১৮ | ২৭.৫৩ |
| বিশ্বনাথ (সিলেট) | ২১ অক্টোবর ২০১৯ | ২ ডিসেম্বর ২০১৯ | ৫ ডিসেম্বর ২০১৯ | ৩৬.৮১ |
| শ্যামনগর (সাতক্ষীরা) | ২৭ নভেম্বর ২০২২ | ১৭ জানুয়ারি ২০২৩ | ১৯ জানুয়ারি ২০২৩ | ৫.৮ |
| পেকুয়া (কক্সবাজার) | ৭ মে ২০২৬ | ১৪ মে ২০২৬ | ১৭ মে ২০২৬ | - |

ক্যামেরুনের রাজধানী ইয়াউন্ডে (Yaoundé)

CamScanner




## পাওয়ার অব সাইবেরিয়া-২

পাওয়ার অব সাইবেরিয়া-২ (আলতাই গ্যাস পাইপলাইন নামেও পরিচিত) রাশিয়ার পশ্চিম সাইবেরিয়ার আলতাই অঞ্চল থেকে উত্তর-পূর্ব চীনে প্রাকৃতিক গ্যাস রপ্তানির জন্য প্রস্তাবিত একটি প্রাকৃতিক গ্যাস পাইপলাইন। ২০ মে ২০২৬ বেইজিংয়ে চীনা প্রেসিডেন্ট সি চিন পিং ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন শীর্ষ বৈঠকে 'পাওয়ার অব সাইবেরিয়া-২' গ্যাস পাইপলাইন প্রকল্প নিয়ে একটি সমঝোতায় পৌঁছান। পরিকল্পিত 'পাওয়ার অব সাইবেরিয়া-২' পাইপলাইন ২,৬০০ কিমি দীর্ঘ হবে। এর মাধ্যমে প্রতি বছর ৫ হাজার কোটি ঘনমিটার গ্যাস মঙ্গোলিয়ার মাধ্যমে চীনে পরিবহন করা হবে। এই গ্যাস আসবে রাশিয়ার আর্কটিক অঞ্চলের ইয়ামাল গ্যাসক্ষেত্র থেকে। এই নতুন পাইপলাইনটি বিদ্যমান 'পাওয়ার অব সাইবেরিয়া-১'-এর পরিপূরক হিসেবে কাজ করবে। 'পাওয়ার অব সাইবেরিয়া-২' নির্মাণের দায়িত্বপ্রাপ্ত রাশিয়ার গ্যাস কোম্পানি গ্যাজপ্রম ২০২০ সালে একটি সম্ভাব্যতা যাচাই কার্যক্রম শুরু করে। পরে ২০২৫ সালের সেপ্টেম্বরে তারা ৩০ বছরের জন্য আইনগতভাবে বাধ্যতামূলক গ্যাস সরবরাহ স্মারক চুক্তির ঘোষণা দেয়। উল্লেখ্য, পাওয়ার অব সাইবেরিয়া-১ স্থাপন করা হয় ২০১৯ সালে।

## ১৬ বছরের কম বয়সিদের সামাজিক যোগাযোগ নিষিদ্ধ

১ জুন ২০২৬ মালয়েশিয়ায় ১৬ বছরের কম বয়সিদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা কার্যকর হয়। এর আগে ২০২৫ সালের নভেম্বরে মালয়েশিয়ার মন্ত্রীসভায় অনুমোদিত আইন অনুযায়ী বয়স যাচাইকরণ ব্যবস্থা চালু এবং ১৬ বছরের কম বয়সি ব্যবহারকারীদের অ্যাকাউন্ট খোলার প্রক্রিয়া বন্ধ করতে নতুন নিয়ম জারি করে। ফেসবুক, ইনস্টাগ্রাম, টিকটক ও ইউটিউবের মতো এমন প্ল্যাটফর্মগুলোর ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে। কোনো কোম্পানি এ নিয়ম মানতে ব্যর্থ হলে সর্বোচ্চ ১ কোটি রিঙ্গিত (২৫ লাখ মার্কিন ডলার) জরিমানার মুখোমুখি হতে পারে। মালয়েশিয়ার মতো অস্ট্রেলিয়া, ব্রাজিল ও ইন্দোনেশিয়া দেশগুলোতেও শিশুদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে বয়সভিত্তিক নিষেধাজ্ঞা বা শর্ত আরোপ করেছে। এ ছাড়া যুক্তরাজ্য, ফ্রান্স, স্পেন, ডেনমার্ক, থাইল্যান্ড ও দক্ষিণ কোরিয়াও একই ধরনের পদক্ষেপ নেওয়ার বিষয়ে পর্যালোচনা বা কাজ করছে।

## বিশ্বে প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তায় ভ্যাকসিন



যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের গবেষকেরা ভবিষ্যতে মহামারী প্রতিরোধ এবং নিত্যনতুন ভাইরাসের প্রাদুর্ভাব রুখে দিতে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে সম্পূর্ণ ভিন্নধর্মী একটি ভ্যাকসিন তৈরি করে। এই প্রথম কোনো টিকার মূল উপাদানগুলো পুরোপুরি AI দিয়ে নকশা করা হয়। এরই মধ্যে মানুষের ওপর এটির পরীক্ষামূলক প্রয়োগও করা হয়। টিকাটি এমনভাবে তৈরি করা, যা সব ধরনের করোনা ভাইরাসের বিরুদ্ধে কাজ করবে। এর মধ্যে করোনার সব ধরনের পাশাপাশি পশুপাখির শরীরে থাকা সেসব ভাইরাসও রয়েছে, যা মানুষের মধ্যে ভবিষ্যতে মহামারি ছড়াতে পারে।

## জাতিসংঘ সংবাদ

### ■ UNSC

৩ জুন ২০২৬ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের নতুন ৫টি দেশ অস্থায়ী সদস্য নির্বাচিত হয়— অস্ট্রিয়া, কিরগিজস্তান, পর্তুগাল, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো এবং জিম্বাবুয়ে। নতুন নির্বাচিত পাঁচ সদস্যের মেয়াদকাল ১ জানুয়ারি ২০২৭-৩১ ডিসেম্বর ২০২৮।



- নির্বাচনে ইউরোপীয় অঞ্চলের প্রতিদ্বন্দ্বিতায় জার্মানিকে পরাজিত করে সদস্যপদ অর্জন করে অস্ট্রিয়া ও পর্তুগাল।
- জাতিসংঘে নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচনে ইতিহাসে প্রথমবারের মতো জার্মানি পরাজিত হয়; এর পূর্বে বিগত ৬ বারের প্রতিটি লড়াইয়েই জয় পায় জার্মানি।

### ■ ECOSOC

৩ জুন ২০২৬ জাতিসংঘের ৬টি অঙ্গ সংস্থার অন্যতম অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ECOSOC)-এর সদস্য নির্বাচিত হয় নতুন ১৭টি দেশ— অ্যাঙ্গোলা, ইরিত্রিয়া, গিনি, মরক্কো, সেনেগাল, মালয়েশিয়া, মালদ্বীপ, দক্ষিণ কোরিয়া, উত্তর মেসিডোনিয়া, বলিভিয়া, ব্রাজিল, গুয়াতেমালা, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, আয়ারল্যান্ড ও পর্তুগাল নির্বাচিত হয়। এই ১৭টি রাষ্ট্র ১ জানুয়ারি ২০২৭ থেকে তিন বছরের জন্য নির্বাচিত হয়। লাতিন আমেরিকান ও ক্যারিবিয়ান গোষ্ঠী থেকে একটি শূন্যপদ পূরণ করা বাকি আছে।

Union of the Peoples of Cameroon-এর প্রতিষ্ঠা করেন Charles Assale; ১০ এপ্রিল ১৯৪৮



## AUKUS'র ডুবোড্রোন প্রযুক্তি

AUKUS জোটের অধীন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়া নতুন ডুবোড্রোন প্রযুক্তি তৈরি করবে। সমুদ্রের তলদেশের ক্যাবল রক্ষা ও নিজেদের প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করতে এ উদ্যোগ নেওয়া হয়। ২৯-৩১ মে ২০২৬ সিঙ্গাপুরে অনুষ্ঠিত নিরাপত্তা সম্মেলনে তিন দেশের প্রতিরক্ষামন্ত্রীরা এ ঘোষণা দেন। ২০২৭ সালের মধ্যেই এই মানববিহীন ডুবোযান বা ড্রোন প্রযুক্তি প্রস্তুত হবে। অকাস চুক্তির Pillar 2 বা দ্বিতীয় ধাপের প্রথম প্রধান প্রকল্প হলো এই ডুবোড্রোন প্রযুক্তি। চুক্তির এই ধাপের অধীন মিত্রদেশগুলো নিজেদের 'উন্নত সক্ষমতা' বাড়াতে একসঙ্গে কাজ করে। AUKUS মূলত অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের নামের আদ্যাক্ষর নিয়ে ১৫ সেপ্টেম্বর ২০২১ গঠিত হয়। এরপর ২২ নভেম্বর ২০২১ অকাস প্রতিরক্ষা চুক্তি বা Exchange of Naval Nuclear Propulsion Information Agreement (ENNPIA) স্বাক্ষরিত হয়।

## আকাশচুম্বী ভবন The Crystal

চীনের ব্যস্ত নগরী চংকিংয়ে নির্মিত হয় বিশ্বের বৃহত্তম ও সর্বোচ্চ আনুভূমিক আকাশচুম্বী ভবন 'দ্য ক্রিস্টাল'। প্রচলিত সুউচ্চ টাওয়ারের ধারণাকে ভেঙে দিয়ে এটি তৈরি হয়েছে বিশাল এক স্কাইব্রিজ আকারে, যা চারটি সুউচ্চ টাওয়ারের ওপর স্থাপিত। প্রায় ২৫০ মিটার উচ্চতায় নির্মিত এই স্থাপনাটি এখন আধুনিক প্রকৌশল ও নকশার এক অসাধারণ উদাহরণ হিসেবে বিবেচিত হচ্ছে। বর্তমানে এটিকে বিশ্বের সবচেয়ে বড় আনুভূমিক স্কাইস্ক্র্যাপার হিসেবে বিবেচনা করা হয়। চংকিং শহরের ইয়াংজি ও জিয়ালিং নদীর মিলনস্থলে গড়ে ওঠা এই প্রকল্পটি নির্মাণ করেছে এশিয়ার অন্যতম রিয়েল এস্টেট প্রতিষ্ঠান ক্যাপিটাল্যান্ড। পুরো প্রকল্পের ব্যয় ধরা হয় প্রায় ১১০ কোটি মার্কিন ডলার।

## বিরল খনিজ নিয়ে ভারত-যুক্তরাষ্ট্র চুক্তি

২৬ মে ২০২৬ খনিজ সম্পদ ও বিরল খনিজের সরবরাহ নিশ্চিতে ভারত ও যুক্তরাষ্ট্র একটি কাঠামোগত সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে। এই কাঠামোগত চুক্তির লক্ষ্য হলো খনিজ সম্পদ খাতে সহযোগিতা বৃদ্ধি করা। এর আওতায় খনিজ উত্তোলন, প্রক্রিয়াজাতকরণ, পুনর্ব্যবহার এবং এ-সংক্রান্ত বিনিয়োগ জোরদার করা।

■ **কোয়াড বিরল খনিজ উদ্যোগ :** ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় একটি বহুপক্ষীয় নথি প্রকাশ করেছে। সেখানে কোয়াডভুক্ত দেশগুলোর মধ্যে খনিজ সরবরাহের ক্ষেত্রে সহযোগিতার বিভিন্ন দিক বিস্তারিত তুলে ধরা হয়। সরবরাহব্যবস্থা শক্তিশালী করতে তারা খনিজ সম্পদ পুনরুৎপাদন ও পুনরুদ্ধারেও কাজ করবে। কোয়াডভুক্ত দেশ এবং সমমনা দেশগুলোর মধ্যে খনিজ পুনরুৎপাদন প্রক্রিয়াকে উৎসাহিত করা হবে। উল্লেখ্য, ইংরেজি শব্দ কোয়াড্রিলেটারেল বা চতুর্পাক্ষিকের সংক্ষিপ্ত রূপ হচ্ছে কোয়াড। কোয়াডভুক্ত চার দেশ— ভারত, যুক্তরাষ্ট্র, জাপান ও অস্ট্রেলিয়া।



■ **যুক্তরাষ্ট্র আর কোন দেশের সঙ্গে চুক্তি করেছে**

- ডিসেম্বর ২০২৫ : পাকিস্তানের বেলুচিস্তানের রিকো ডিকে খনিজ উত্তোলনে ১২৫ কোটি ডলার বিনিয়োগের ঘোষণা করে যুক্তরাষ্ট্র।
- ৪ ফেব্রুয়ারি ২০২৬ : খনিজ সম্পদবিষয়ক এক বৈঠকে ১১টি দেশের সঙ্গে কাঠামো চুক্তি স্বাক্ষর করে যুক্তরাষ্ট্র। দেশগুলো হচ্ছে আর্জেন্টিনা, কুক আইল্যান্ডস, ইকুয়েডর, গিনি, মরক্কো, প্যারাগুয়ে, পেরু, ফিলিপাইন, সংযুক্ত আরব আমিরাত, যুক্তরাজ্য ও উজবেকিস্তান।
- এপ্রিল ২০২৬ : দক্ষিণ আফ্রিকার Phalaborwa Rare Earth Project-এ ৫ কোটি ডলার পর্যন্ত বিনিয়োগের ঘোষণা।

## সাগরতলে প্রথম বায়ুশক্তিচালিত ডেটা সেন্টার

২০২৬ সালের মে চীনের সাংহাই উপকূলে বিশ্বের প্রথম সমুদ্রের নিচে বায়ুশক্তিচালিত ডেটা সেন্টার চালু করা হয়। Shanghai Lingang undersea datacentre demonstration নামে প্রকল্পটির ক্ষমতা ২৪ মেগাওয়াট। এটি হাইক্লাউড টেকনোলজি এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানি চায়না কমিউনিকেশন্স কনস্ট্রাকশনের যৌথ উদ্যোগ। সাংহাই উপকূল থেকে ১০ কিলোমিটারেরও বেশি দূরে অবস্থিত ডাটা সেন্টারটি সমুদ্রপৃষ্ঠের প্রায় ১০ মিটার নিচে স্থাপন করা হয় এবং এটির নিকটবর্তী অফশোর উইন্ড ফার্ম থেকে বিদ্যুতের ব্যবস্থা করা হয়। ২০২৩ সালে হাইক্লাউড দক্ষিণ চীনের হাইনান দ্বীপে বিশ্বের প্রথম বাণিজ্যিক আন্ডারওয়াটার ডেটা সেন্টার চালু করে। তবে সাংহাই প্রকল্পটি



প্রথম যা অফশোর উইন্ড শক্তি দ্বারা চালিত। ডেটা সেন্টারটি সাংহাইয়ের পূর্বাঞ্চলের উচ্চপ্রযুক্তি নির্ভর মুক্তবাণিজ্য অঞ্চল লিংগাংয়ে অবস্থিত। উল্লেখ্য, পানির নিচে ডেটা সেন্টার তৈরির ধারণা নতুন নয়। উল্লেখ্য, ২০১৮ সালে মাইক্রোসফট স্কটল্যান্ডের অর্কনি দ্বীপপুঞ্জের কাছে সমুদ্রে একটি পরীক্ষামূলক প্রকল্প চালু করে।

ক্যামেরুনের জাতীয় পতাকা আনুষ্ঠানিকভাবে গৃহীত হয় ২০ মে ১৯৭৫

## বিশ্বের প্রথম ট্রিলিয়নেয়ার



১২ জুন ২০২৬ প্রযুক্তির কল্যাণে বিশ্বের প্রথম ট্রিলিয়নেয়ার (১০০০ বিলিয়ন বা এক লাখ কোটি ডলারের মালিক) হন ইলন মাস্ক। এদিন তার ব্যক্তিগত সম্পদের পরিমাণ ১.২ ট্রিলিয়ন ডলারে পৌঁছায়। রকেট ও কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক প্রতিষ্ঠান স্পেসএক্সের রেকর্ড গড়া প্রাথমিক শেয়ার বিক্রির (IPO) পর ট্রিলিয়ন ডলারের মালিক হন। ২০২০ সালের জানুয়ারিতে বিশ্বের ৩৫তম ধনী ব্যক্তি ছিলেন তিনি। ২০২৫ সালের অক্টোবরে তিনি ইতিহাসের প্রথম ব্যক্তি হিসেবে আধা ট্রিলিয়ন ডলার সম্পদের মালিক হওয়ার রেকর্ড গড়েন।

- যুক্তরাষ্ট্রের প্রথম কোটিপতি ছিলেন জন জ্যাকব অ্যাস্টর।
- বিশ্বের প্রথম বিলিয়নেয়ার জন ডি রকফেলার।
- ফুটবল বিশ্বের প্রথম বিলিয়নিয়ার হলেন রোনালদো।

## তাইওয়ানে প্রথমবারের মতো কার্বন কর

সম্প্রতি তাইওয়ান প্রথমবারের মতো বড় বড় কার্বন নিঃসরণকারী প্রতিষ্ঠানের কাছ থেকে 'কার্বন লেভি' বা কার্বন কর আদায় শুরু করেছে। পরিবেশ সুরক্ষায় গঠিত একটি নতুন সরকারি তহবিলকে সচল করতেই উদ্যোগটি নেওয়া হয়। যেসব বিদ্যুৎ, গ্যাস সরবরাহ ও উৎপাদনকারী প্রতিষ্ঠান বছরে ২৫ হাজার টনের বেশি কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ করে, তাদের এ কর দিতে হবে। ২০২৫ সালে প্রতিষ্ঠানগুলো মোট কী পরিমাণ কার্বন নিঃসরণ করেছে, তার ওপর ভিত্তি করে অর্থ হিসাব করা হয়। ২০৫০ সালের মধ্যে তাইওয়ানকে পুরোপুরি কার্বনমুক্ত (নিট-জিরো) করার লক্ষ্য নেওয়া হয়। এ রূপান্তরকে গতিশীল করতে ২০২৫ সালে মূলত কার্বন ফি ব্যবস্থা আনুষ্ঠানিকভাবে চালু করা হয়। প্রথম দফায় দেশটির ২৪৭টি প্রতিষ্ঠান এ শুল্কের আওতায় আসে।' সাধারণ নিয়ম অনুযায়ী, প্রতি টন কার্বন নিঃসরণের জন্য প্রতিষ্ঠানকে ৩০০ নিউ তাইওয়ান ডলার (প্রায় ৯ ডলার ৫৩ সেন্ট) দিতে হবে।

## ঐতিহাসিক হেজাজ রেলপথে সৌদি-তুরস্ক

৭ এপ্রিল ২০২৬ তুরস্ক, সিরিয়া ও জর্ডান একটি ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করে; যার লক্ষ্য ছিল আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা আরও শক্তিশালী করা এবং সড়ক, রেল, সমুদ্র, আকাশপথসহ সব ধরনের পরিবহন ব্যবস্থার মধ্যে সমন্বয় সাধন করা। এর মূল লক্ষ্য হলো এমন একটি বিকল্প বাণিজ্য করিডোর স্থাপন করা, যা পারস্য উপসাগরের ঝুঁকিপূর্ণ 'হরমুজ কাছিবো এড়াতে পারবে। দীর্ঘ মেয়াদে এই রেলপথকে ওমান এবং ভারত মহাসাগর পর্যন্ত সম্প্রসারিত করার পরিকল্পনা রয়েছে। এই ধারাবাহিকতায় ৯ জুন ২০২৬ তুরস্ক ও সৌদি আরব রেলওয়ে এবং আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণে দুটি আলাদা সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করে। এর ফলে সৌদি আরব কার্যত ঐতিহাসিক হেজাজ রেলপথ পুনরুজ্জীবিত করার প্রকল্পে যুক্ত হলো। উল্লেখ্য, হেজাজ রেলপথ ছিল অটোমান সাম্রাজ্যের সুলতান আবদুল হামিদ দ্বিতীয়ের এক দূরদর্শী স্বপ্ন। ১৯০০ সালে তিনি ইস্তানবুলকে মক্কার সঙ্গে সরাসরি সংযুক্ত করার লক্ষ্যে এই রেলপথ নির্মাণের কাজ শুরু করেন। ইসলামের পবিত্রতম দুই শহর মক্কা ও মদিনা যে হেজাজ অঞ্চলে অবস্থিত, সেই অঞ্চলের নামেই এর নামকরণ হয়। এর একটি শাখা লাইন ফিলিস্তিনের হাইফা বন্দরেও পৌঁছেছিল।





## ফার্মগেট কেলেঙ্কারি

৯ ফেব্রুয়ারি ২০২০ দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসার মালিকানাধীন 'ফালা ফালা' বাগানবাড়ি থেকে ৪০ লাখ মার্কিন ডলার চুরি হয়। যা খামার ডাকাতি বা ফার্মগেট কেলেঙ্কারি নামে পরিচিত। বাগান বাড়ির সোফার ভিতর বিপুল পরিমাণের এই অর্থ লুকানো ছিল। ২০২২ সাল নাগাদ বিষয়টি নিয়ে তুমুল শোরগোল ওঠে। দেশটির প্রেসিডেন্টের বিরুদ্ধে রাজনৈতিক বিতর্ক দেখা দেয়। ১৪ সেপ্টেম্বর ২০২২ দক্ষিণ আফ্রিকার পার্লামেন্ট স্পিকার নোসিভিওয়ে মাপিসা-নাকুলা 'ফালা ফালা' খামারে কার্যকলাপের তদন্ত করার জন্য প্রাক্তন প্রধান বিচারপতি স্যান্ডিলে এনগকোবো প্রধান করে তিন সদস্যের প্যানেল নিয়োগ করেন। ৩০ নভেম্বর ২০২২ তদন্ত প্রতিবেদনটি গ্রহণ সংসদে পেশ করা হয়। পরে 'ফার্মগেট' কেলেঙ্কারি নিয়ে তদন্ত প্রতিবেদন ভোটাভুটির মাধ্যমে আটকে দেয় দেশটির পার্লামেন্ট। ৮ মে ২০২৬ সাংবিধানিক আদালত রায় দেয় ২০২২ সালে ফালা ফালা কেলেঙ্কারির ঘটনায় অভিশংসন তদন্ত বন্ধ করার পক্ষে ভোট দিয়ে সংসদ অসাংবিধানিক কাজ করেছে। তা সংবিধানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না। এরপরই নতুন করে অভিশংসন প্রক্রিয়া সামনে আসে। ১১ মে ২০২৬ দক্ষিণ আফ্রিকার নিম্নকক্ষ পার্লামেন্ট স্পিকার জানান একটি বিশেষ কমিটি গঠন করা হবে। এই কমিটি প্রেসিডেন্টের বিরুদ্ধে ওঠা অভিযোগসংক্রান্ত নথি ও প্রমাণ পর্যালোচনা করবে। ৮ মে ২০২৬ জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রামাফোসা জানান, তিনি পদত্যাগ করবেন না। উল্লেখ্য, রাজনৈতিক দল আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের (ANC) নেতা সিরিল রামাফোসা। ১৫ ফেব্রুয়ারি ২০১৮ থেকে তিনি দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট পদে রয়েছেন।







# CJP | ভারতের তরুণ প্রজন্মের প্ল্যাটফর্ম

একগুঁয়ে, যাকে নিশ্চিহ্ন করা অসম্ভব এবং মানুষ তীব্রভাবে অপছন্দ করে এমন এক কীটকে সামনে রেখেই তৈরি হয়েছে এক ধরনের ব্যঙ্গাত্মক প্ল্যাটফর্ম, যার নাম 'ককরোচ জনতা পার্টি'। ককরোচ বা আরশোলা, অথবা তেলাপোকা কম সময়ে ডিজিটাল প্ল্যাটফর্মে লাখ লাখ ফলোয়ার এবং মূলধারার গণমাধ্যমের দৃষ্টিও আকর্ষণ করতে সক্ষম হয়।

## যে মন্তব্য থেকে শুরু

১৫ মে ২০২৬ একটি মামলার শুনানিতে ভারতের ৫৩তম প্রধান বিচারপতি সূর্য কান্ত আরশোলা (Cockroach) এবং পরজীবী শব্দটি ব্যবহার করেন। তিনি একজন আইনজীবীকে ভর্ৎসনা করে বলেন, 'কিছু যুবক তেলাপোকার মতো। তারা কোনো কাজ পায় না, পেশায় কোনো জায়গা পায় না। তাদের কেউ মিডিয়া হয়, কেউ সোশ্যাল মিডিয়া বা আরটিআই কর্মী হয়ে সবাইকে আক্রমণ শুরু করে। ১৬ মে ২০২৬ এই মন্তব্যের প্রতিবাদে ব্যঙ্গ করে 'ককরোচ জনতা পার্টির' (CJP) আত্মপ্রকাশ ঘটে। চালুর কয়েক ঘণ্টার মধ্যেই সিজেপি ইন্টারনেটে ঝড় তোলে। অবশ্য প্রধান বিচারপতি পরে স্পষ্ট করেন যে তার মন্তব্য ভুলভাবে প্রচার করা হয়েছে। তিনি মূলত ভুয়া ও জাল ডিগ্রি নিয়ে আইন পেশায় আসা ব্যক্তিদের উদ্দেশে ওই কথা বলেন।

## জেন-জি'র নতুন প্ল্যাটফর্ম

বিশ্বের যেসব দেশে তরুণ জনসংখ্যা সবচেয়ে বেশি, তার মধ্যে অন্যতম ভারত। যার ১৪০ কোটি জনসংখ্যার প্রায় অর্ধেকের বয়স ৩০ বছরের নীচে। সাম্প্রতিক এক সমীক্ষায় দেখা গেছে যে ২৯% তরুণ ভারতীয় সম্পূর্ণভাবেই রাজনৈতিক সক্রিয়তা থেকে দূরত্ব রেখে চলে এবং মাত্র ১১% তরুণ কোনো রাজনৈতিক দলের সদস্য ছিল। তাৎক্ষণিক প্রতিক্রিয়ার বাইরে গিয়ে CJP কোথাও একটা তরুণদের প্রতিনিধিত্বের প্রতীক হয়ে উঠতে শুরু করেছে। সাম্প্রতিক বছরগুলোয় দক্ষিণ এশিয়াজুড়ে তরুণদের নেতৃত্বাধীন বিক্ষোভের ঢেউ দেখা গেছে যা শ্রীলংকা, নেপাল এবং বাংলাদেশে সরকারকে ক্ষমতাচ্যুত করেছে।

## অনলাইন থেকে রাজপথে

৬ জুন ২০২৬ জেন-জি প্রজন্মের দাবিদাওয়া নিয়ে ভারতের রাজধানী নয়াদিল্লির যন্তর মন্তরে শত শত শিক্ষার্থী প্রথমবারের মতো বিক্ষোভ সমাবেশ করে। অভিজিৎ দীপকে এই বিক্ষোভে নেতৃত্ব দেন। দলটির দাবি, সাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিভিন্ন পরীক্ষায় অনিয়মের অভিযোগে ভারতের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে পদত্যাগ করতে হবে।

## অভিজিৎ দীপকে



ককরোচ জনতা পার্টির নেপথ্যে রয়েছেন বোস্টন ইউনিভার্সিটির ছাত্র ও পলিটিক্যাল কমিউনিকেশন স্ট্র্যাটিজিস্ট অভিজিৎ দীপকে। মিম এবং তীক্ষ্ণ রাজনৈতিক ব্যঙ্গের মাধ্যমে CJP তরুণদের নজর কেড়েছে। বেকারত্ব, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং শিক্ষার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো তারা অ্যানিমেশন ও গ্রাফিক্সের মাধ্যমে তুলে ধরে। ২৯ সেপ্টেম্বর ১৯৯৫ মহারাষ্ট্রের আওরঙ্গবাদে জন্মগ্রহণ করেন। ২০২০-২০২৩ সাল পর্যন্ত অভিজিৎ দিপকে আম আদমি পার্টির (আপ) সঙ্গে যুক্ত ছিলেন।

## At a Glance

CJP'র পূর্ণরূপ Cockroach Janta Party ➤ প্রেসিডেন্ট : অভিজিৎ দীপকে • মুখপাত্র : সৌরভ দাস, বিজেতা দাহিয়া, আশুতোষ রাঙ্কা • প্রতিষ্ঠাতা : অভিজিৎ দীপকে • প্রতিষ্ঠা : ১৬ মে ২০২৬ • সদর দপ্তর : নয়াদিল্লি, ভারত • ভাবাদর্শ : রাজনৈতিক ব্যঙ্গ • রং : Maroon • স্লোগান : Voice of the Lazy & Unemployed

### বিচিত্র রাজনৈতিক দল

- ১৯৬৩ সালে কানাডায় জ্যাকুইস ফেরন Rhinoceros Party বা গন্ডার দল প্রতিষ্ঠা করেন।
- ১৯৯৯ সালে Canadian Extreme Wrestling Pary বা কানাডিয়ান রেসলিং পার্টি গঠিত হয়।
- ২০০৩ সালে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় রবার্ট অ্যান্টন উইলসন The Guns and Dope Patty বা পিস্তল এবং মাদক দল গঠন করে।
- যুক্তরাষ্ট্রের জনপ্রিয় কমেডিয়ান জিওরেস বার্ন-এর স্ত্রী গ্রেসি অ্যালেন Surprise Party বা সারপ্রাইজ পার্টি গঠন করেন।
- যারা বিয়ার খেতে ভালোবাসেন তাদের নিয়ে ১৯৯০ সালে গঠিত হয় Polish Beer Lovers Party বা বিয়ারপ্রেমী দল, যা গঠন করেন জানুস রেউসকি নামের এক বিয়ারপ্রেমী।



CamScanner



ডোনাল্ড ট্রাম্প



মাসুদ পেজেশকিয়ান

- সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।
- এখন ইরানের পরমাণু কর্মসূচি ও বিদেশে জব্দ থাকা অর্থ নিয়ে আলোচনা করছে দেশ দুটি।

**২৮ ফেব্রুয়ারি** — ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার মধ্য দিয়ে যুদ্ধ শুরু »

**২ মার্চ** — লেবাননে নৃশংসতা শুরু করে ইসরায়েল »

**৮ এপ্রিল** — ইরান ও যুক্তরাষ্ট্র যুদ্ধবিরতিতে রাজি হয় »

**১২ এপ্রিল** — ইসলামাবাদে ইরান ও যুক্তরাষ্ট্রের প্রথম বৈঠক »

**১৭ জুন** — যুদ্ধ বন্ধে ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারক স্বাক্ষর



# ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা

## সাম্প্রতিক চুক্তি

১৯ জুন ২০২৬ সুইজারল্যান্ডের একটি পাহাড় চূড়ার রিসোর্ট বুর্গেনশ্টকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হওয়ার সময় নির্ধারণ করা হয়। তবে জি-৭-এর শীর্ষ সম্মেলনে অংশ নিতে ট্রাম্প ফ্রান্স সফরের সময় ভার্সাইয়ে ১৭ জুন ২০২৬ ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। ইরানের পক্ষ থেকেও ১৮ জুন ২০২৬ দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান সমঝোতা স্মারকে স্বাক্ষরের করার বিষয়টি নিশ্চিত করা হয়। সমঝোতা স্মারকটি ইলেকট্রনিকভাবে স্বাক্ষর হয়। অর্থাৎ দুই দেশের প্রেসিডেন্ট দূরবর্তী দুটি অবস্থানে থেকে এ সমঝোতায় স্বাক্ষর করেন। যুক্তরাষ্ট্র ও ইরান সর্বোচ্চ ৬০ দিনের মধ্যে আলোচনা করে চূড়ান্ত চুক্তিতে পৌছানোর অঙ্গীকার করছে। এরপর ২১ জুন ২০২৬ সুইজারল্যান্ডের বুর্গেনশ্টকে ইরান-যুক্তরাষ্ট্র প্রথম ধাপের শান্তি আলোচনা অনুষ্ঠিত হয়।

**Islamabad Memorandum of Understanding :** ১৮ জুন ২০২৬ পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এক পোস্টে এ ঘোষণা দেন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি ঐতিহাসিক 'ইসলামাবাদ সমঝোতা স্মারক' (Islamabad Memorandum of Understanding) ইলেকট্রনিকভাবে স্বাক্ষরিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে কূটনৈতিক সমঝোতা স্মারক স্বাক্ষরে পাকিস্তান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় এই সমঝোতা স্মারককে Islamabad Memorandum of Understanding between the United States of America and the Islamic Republic of Iran বলা হয়। এটি প্রাথমিকভাবে পাকিস্তানের মধ্যস্থতায় হলেও কাতার, সৌদি আরব, তুরস্ক এবং মিসরও আলোচনায় সহায়তা করে।

## চুক্তির ১৪ ধারা

১. যুক্তরাষ্ট্র, ইরান এবং চলমান যুদ্ধে তাদের মিত্ররা এই MoU তে স্বাক্ষর করছে অবিলম্বে ও স্থায়ীভাবে লেবাননসহ সব ফ্রন্টে সামরিক অভিযান বন্ধ ঘোষণা করতে। এখন থেকে তারা একে অপরের বিরুদ্ধে কোনো যুদ্ধ বা সামরিক অভিযান শুরু করবে না। পাশাপাশি তারা লেবাননের ভৌগোলিক অখণ্ডতা ও সার্বভৌমত্ব নিশ্চিত করবে। লেবাননসহ সব ফ্রন্টে যুদ্ধের স্থায়ী সমাপ্তির বিষয়টি চূড়ান্ত চুক্তিতে নিশ্চিত করা হবে।

২. যুক্তরাষ্ট্র ও ইরান একে অপরের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতার প্রতি সম্মান জানাবে। তারা একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা থেকে বিরত থাকবে।

৩. যুক্তরাষ্ট্র ও ইরান সর্বোচ্চ ৬০ দিনের মধ্যে আলোচনা করে সমঝোতা স্মারক পৌছানোর অঙ্গীকার করে। উভয় পক্ষের সম্মতিতে এ সময়সীমা বাড়ানো যেতে পারে।

৪. এই সমঝোতা স্মারক স্বাক্ষরের পরপরই যুক্তরাষ্ট্র তার নৌ অবরোধ তুলে নিতে শুরু করবে এবং ইরানের বিরুদ্ধে থাকা যেকোনো বাধা বা বিপত্তি দূর করা শুরু করবে। ৩০ দিনের মধ্যে যুক্তরাষ্ট্র নৌ অবরোধ পুরোপুরি তুলে নেবে। এ সময়ের মধ্যে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল যুদ্ধ-পূর্ববর্তী অবস্থায় ফিরিয়ে নেওয়ার পরিবেশ তৈরি করবে ইরান। চূড়ান্ত চুক্তি হওয়ার পর যুক্তরাষ্ট্র ৩০ দিনের মধ্যে ইরানের নিকটবর্তী এলাকা থেকে নিজেদের সামরিক বাহিনী সরিয়ে নেবে।

ক্যামেরুনের সরকারি ভাষা ফরাসি এবং ইংরেজি



৫. সমঝোতা স্বারক স্বাক্ষরের পর ইরান বিনা মাশুলে হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ নিরাপদে চলাচলের ব্যবস্থা করবে। পারস্য উপসাগর থেকে ওমান সাগর এবং বিপরীত দিক থেকে জাহাজ চলাচলের ব্যবস্থা করার জন্য তারা সর্বোচ্চ চেষ্টা করবে। তবে এটি শুধু ৬০ দিনের জন্য প্রযোজ্য হবে। বাণিজ্যিক জাহাজ চলাচল অবিলম্বে শুরু হবে এবং কারিগরি ও সামরিক বাধা অপসারণের প্রয়োজনীয়তা বিবেচনায় ইরান ৩০ দিনের মধ্যে মাইন অপসারণ করবে। আন্তর্জাতিক আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে এবং হরমুজ প্রণালির উপকূলীয় দেশগুলোর সার্বভৌম অধিকার অক্ষুণ্ণ রেখে ভবিষ্যতে হরমুজ প্রণালি কীভাবে পরিচালনা করা হবে এবং সেখানে নৌ পরিষেবা কীভাবে দেওয়া হবে, তা নিয়ে ওমানের সঙ্গে আলোচনা করবে ইরান। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য উপসাগরীয় দেশের সঙ্গেও তারা কথা বলবে।

৬. যুক্তরাষ্ট্র আঞ্চলিক অংশীদারদের সঙ্গে নিয়ে অন্তত ৩০০ বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে ইরানের পুনর্গঠন ও অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সুনির্দিষ্ট ও উভয় পক্ষের সম্মতিপূর্ণ পরিকল্পনা তৈরি করবে। এই পরিকল্পনা বাস্তবায়নের প্রক্রিয়া চূড়ান্ত করা হবে ৬০ দিনের মধ্যে এবং তা করা হবে যুক্তরাষ্ট্র ও ইরানের চূড়ান্ত চুক্তির অংশ হিসেবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের জন্য প্রয়োজনীয় সব ধরনের লাইসেন্স, ছাড় ও অনুমতি দেবে যুক্তরাষ্ট্র।

৭. চূড়ান্ত চুক্তির অংশ হিসেবে দুই পক্ষের মতৈক্যের সময়সূচি অনুযায়ী যুক্তরাষ্ট্র ইরানের ওপর থেকে সব ধরনের নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেবে। পাশাপাশি যুক্তরাষ্ট্রের একতরফাভাবে দেওয়া সব প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের নিষেধাজ্ঞাও তুলে নেওয়া হবে। এ বিষয়ে পারস্পরিক সমঝোতায় পৌছাতে তারা আলোচনার মাধ্যমে অবিলম্বে এসব সমস্যা সমাধানের ইচ্ছা প্রকাশ করে।

৮. ইরান পারমাণবিক অস্ত্র সংগ্রহ বা তৈরি করবে না। যুক্তরাষ্ট্র ও ইরান পারস্পরিক সম্মত প্রক্রিয়ার মাধ্যমে মজুত করা সমৃদ্ধ ইউরেনিয়ামের নিষ্পত্তির বিষয়ে একমত হয়। তা করা হবে ৭ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সময়সূচির সঙ্গে সামঞ্জস্য রেখে উভয় পক্ষের সম্মতির ভিত্তিতে। IAEA'র তত্ত্বাবধানে ন্যূনতম পদ্ধতি ব্যবহার করে এগুলো নির্ধারিত স্থানেই নিষ্ক্রিয় করা হবে। যুক্তরাষ্ট্র ও ইরান উল্লিখিত পারমাণবিক বিষয়গুলোর চূড়ান্ত গুরুত্ব স্বীকার করছে। পারস্পরিক সমঝোতায় পৌছাতে তারা আলোচনার মাধ্যমে অবিলম্বে এসব ইস্যু সমাধানের ইচ্ছা প্রকাশ করেছে।

৯. চূড়ান্ত চুক্তি না হওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্র ও ইরান বর্তমান পরিস্থিতি বজায় রাখতে সম্মত হয়। ইরান তার পারমাণবিক কর্মসূচির বর্তমান অবস্থা ধরে রাখবে। অন্যদিকে যুক্তরাষ্ট্র নতুন কোনো নিষেধাজ্ঞা আরোপ করবে না। এছাড়া তারা এই অঞ্চলে অতিরিক্ত সামরিক বাহিনীও মোতায়েন করবে না।

১০. MoU স্বাক্ষর হওয়ার পরপরই মার্কিন অর্থ মন্ত্রণালয় ইরানের অপরিশোধিত তেল ও পেট্রোলিয়াম পণ্য রপ্তানিতে ছাড় দেবে। এই ছাড়পত্র নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে। এর আওতায় ব্যাংকিং লেনদেন, বিমা, পরিবহনসহ আনুষঙ্গিক সব সেবাও অন্তর্ভুক্ত থাকবে।

১১. MoU বাস্তবায়ন সাপেক্ষে যুক্তরাষ্ট্র ইরানের জব্দ থাকা বা নিষেধাজ্ঞার আওতায় থাকা তহবিল ও সম্পদ ব্যবহারের জন্য পুরোপুরি উন্মুক্ত করে দেবে। চূড়ান্ত চুক্তি নিয়ে সমঝোতা আলোচনার সময় যুক্তরাষ্ট্র ও ইরান পারস্পরিকভাবে এই তহবিল ছাড়ের প্রক্রিয়া নিয়ে মতৈক্যে পৌছাবে। এই তহবিলগুলো মূল অ্যাকাউন্টে ফিরিয়ে দেওয়া বা অন্য অ্যাকাউন্টে স্থানান্তর যেটাই করা হোক না কেন, সেগুলো ইরানের কেন্দ্রীয় ব্যাংক যে কোনো সুবিধাভোগীকে দিতে পারবে সেই ব্যবস্থা নিশ্চিত করা হবে।

১২. সমঝোতার সফল বাস্তবায়ন এবং চূড়ান্ত চুক্তির ভবিষ্যৎ শর্তাবলী মানার বিষয়টি তদারকির জন্য একটি নির্বাহী ব্যবস্থা প্রতিষ্ঠা করতে সম্মত হয় যুক্তরাষ্ট্র ও ইরান।

১৩. যুক্তরাষ্ট্র ও ইরান এই সমঝোতা স্মারকের ১, ৪, ৫, ১০ ও ১১ নম্বর অনুচ্ছেদের বাস্তবায়ন শুরু করা এবং তা অব্যাহত রাখতে বাধ্য থাকবে। সেই সঙ্গে দুই পক্ষ চূড়ান্ত চুক্তির আলোচনা শুরু করবে, যা এই MoU-এর অন্য অনুচ্ছেদগুলোর ওপর ভিত্তি করেই হবে।

১৪. চূড়ান্ত চুক্তিটি জাতিসংঘের নিরাপত্তা পরিষদের (UNSC) একটি বাধ্যতামূলক প্রস্তাবের মাধ্যমে অনুমোদন করা হবে।

## অপারেশন নাসর

৮ জুন ২০২৬ ইসরায়লের বিরুদ্ধে 'অপারেশন নাসর' (Operation Nasr) শুরুর ঘোষণা দেয় ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (IRGC)। এ অভিযানের অংশ হিসেবে তারা ইসরায়েলের দুটি গুরুত্বপূর্ণ কৌশলগত বিমানঘাঁটি— নেভাতিম ও তেল নাফ-এ হামলা চালায়। প্রসঙ্গত, যুদ্ধবিরতি লঙ্ঘন করে ৭ জুন ২০২৬ লেবাননের রাজধানী বৈরুতে ব্যাপক হামলা চালায় ইসরায়েল। এর জবাবে ইসরায়লের উত্তরাঞ্চলে মিসাইল ছুড়ে ইরান।



ব্যাংক অফ সেন্ট্রাল আফ্রিকান স্টেটস (BEAC) আফ্রিকার ছয় দেশের কেন্দ্রীয় ব্যাংক

CamScanner



# জাতীয় বাজেট ২০২৬-২৭

## গণতান্ত্রিক, মানবিক ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির অভিযাত্রা

**মোট ব্যয়**
**৯,৩৮,০০০**
কোটি টাকা

**GDP**
**৬.৫%**

**মূল্যস্ফীতি**
**৭.৫%**

### করদাতার শ্রেণি

| ক্যাটাগরি | করমুক্ত আয়ের পরিমাণ | |
|---|---|---|
| | ২০২৬-২৭ ও ২০২৭-২৮ | ২০২৮-২৯ ও ২০২৯-৩০ |
| সাধারণ | ৩,৭৫,০০০ | ৪,০০,০০০ |
| নারী এবং ৬৫ বছর ও তদূর্ধ্ব বয়স | ৪,২৫,০০০ | ৪,৫০,০০০ |
| তৃতীয় লিঙ্গ এবং প্রতিবন্ধী | ৫,০০,০০০ | ৫,২৫,০০০ |
| আহত মুক্তিযোদ্ধা ও জুলাই যোদ্ধা | ৫,২৫,০০০ | ৫,৫০,০০০ |

- বাজেট : ৫৫তম (অন্তর্বর্তীকালীন বাজেট ব্যতীত)
- ঘোষণা : ১১ জুন ২০২৬
- ঘোষক : মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী
- বাজেট অনুমোদন : ১১ জুন ২০২৬
- বাজেট কার্যকর : ১ জুলাই ২০২৫

– এটি অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর প্রথম বাজেট এবং বিএনপি সরকারের ১৭তম বাজেট।

### অগ্রাধিকার ১০ খাত

- ✦ সবার জন্য উন্নয়ন
- ✦ সর্বজনীন সামাজিক সুরক্ষা
- ✦ সবার জন্য মানসম্পন্ন শিক্ষা ও স্বাস্থ্যসেবা
- ✦ জ্বালানি নিরাপত্তা
- ✦ বিনিয়োগ নির্ভর কর্মসংস্থান ও উৎপাদনমুখী অর্থনীতি
- ✦ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশ
- ✦ সাশ্রয়ী ও সহজীকরণ ব্যবসার পরিবেশ
- ✦ আর্থিক খাতের স্থিতিশীলতা
- ✦ প্রাণ, প্রকৃতি, পরিবেশ ও পানি ব্যবস্থাপনা
- ✦ স্বচ্ছ, দক্ষ ও জবাবদিহিতাপূর্ণ প্রতিষ্ঠান ও প্রশাসনিক ব্যবস্থা



### এক নজরে বাজেট

- বাজেটের আকার ৯,৩৮,০০০ কোটি টাকা
- পরিচালন ব্যয় • ৬,০৫,৭৪০ কোটি টাকা (বাজেটের ৬৬.৩%)
- উন্নয়ন ব্যয় • ৩,১৬,০৭৫ কোটি টাকা (বাজেটের ৩৩.৭%)
- রাজস্ব আয় • ৬,৯৫,০০০ কোটি টাকা
- জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রিত কর • ৬,০৪,০০০ কোটি টাকা
- জাতীয় রাজস্ব বোর্ডের বাইরের কর • ২৫,০০০ কোটি টাকা
- করবহির্ভূত আয় • ৬৬,০০০ কোটি টাকা
- বৈদেশিক ঋণ • ১,০৯,৮৫০ কোটি টাকা
- বৈদেশিক অনুদান • ৬,১৫০ কোটি টাকা
- ঘাটতি • ২,৪৩,০০০ কোটি টাকা
- সামাজিক খাতে বরাদ্দ • ১,৪৪,৩৩৮ কোটি টাকা
- সুদ পরিশোধ • ১,২৭,৫০০ কোটি টাকা
- বৈদেশিক মুদ্রার রিজার্ভ • ৪১.১ বিলিয়ন ডলার।
- রপ্তানি প্রবৃদ্ধি • ৭.৯%
- আমদানি প্রবৃদ্ধি • ১৫.৮%
- মোট GDP • ৬৮,৩০,০২৪ কোটি টাকা

### GDP'র সাময়িক হিসাব

| বিষয় | ২০২৪-২৫ | ২০২৫-২৬ (সা.) |
|---|---|---|
| GDP (মিলিয়ন টাকা) | ৫,৫১,৫০,২৬২ | ৬,১২,০২,০৯৪ |
| GDP (মি.মা.ড.) | ৪,৫৬,৪৮৩ | ৫,০১,০৬৭ |
| মাথাপিছু GDP (টাকা) | ৩,১৭,১০০ | ৩,৫০,০৯৮ |
| মাথাপিছু GDP (মা.ড.) | ২,৬২৫ | ২,৮৬৬ |
| GNI (মিলিয়ন টাকা) | ৫,৮১,৭৮,৩৫৩ | ৬,৪৪,৮৪,২৩৮ |
| GNI (মি.মা.ড.) | ৪,৮১,৫৪৬ | ৫,২৭,৯৩৯ |
| মাথাপিছু GNI (টাকা) | ৩,৩৪,৫১১ | ৩,৬৮,৮৭৩ |
| মাথাপিছু GNI (মা.ড.) | ২,৭৬৯ | ৩,০২০ |
| জনসংখ্যা (মিলিয়ন) | ১৭৩.৯২ | ১৭৪.৮১ |
| বিনিময় হার (টাকা টু মা.ড.) | ১২০.৮২ | ১২২.১৪ |

### খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধি (ভিত্তি বছর ২০১৫-২০১৬)

| খাতসমূহ | অবদানের হার (%) | | প্রবৃদ্ধির হার (%) | |
|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ (সা.) | ২০২৪-২৫ | ২০২৫-২৬ (সা.) |
| কৃষি | ১১.০৩ | ১০.৯৩ | ২.৪২ | ২.৭৮ |
| শিল্প | ৩৭.৩০ | ৩৬.৯৮ | ৩.৭১ | ২.৮৬ |
| সেবা | ৫১.৬৭ | ৫২.০৯ | ৪.৩৫ | ৪.৫৯ |
| সার্বিক GDP | ১০০.০০ | ১০০.০০ | ৩.৪৯ | ৪.১৪ |

CEMAC-এর পূর্ণরূপ The Economic and Monetary Community of Central Africa



## নতুনত্বের পসরা

**গাড়ির সিসি অনুযায়ী কর ■**
১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি গাড়ির জন্য পরিবেশ কর ২৫,০০০ টাকা; ১৫০০ সিসির বেশি কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াট পর্যন্ত গাড়ির জন্য ৫০,০০০ টাকা ও ২০০০ সিসির বেশি কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াট পর্যন্ত গাড়ির জন্য ৭৫,০০০ টাকা। ২৫০০ সিসির বেশি কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াট পর্যন্ত গাড়ির জন্য ১.৫০ লাখ টাকা; ৩০০০ সিসির বেশি কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াট পর্যন্ত গাড়ির জন্য ২ লাখ টাকা ও ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের বেশি ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য পরিবেশ কর নির্ধারণ করা হয় ৩.৫০ লাখ টাকা।

**বিনা মূল্যে ট্রেন ভ্রমণ ■**
২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে সেবা খাতের প্রসারে বিভিন্ন সুবিধা ঘোষণা করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ৬৫ বছরের ঊর্ধ্বে প্রবীণ নাগরিকেরা ট্রেনে বিনা মূল্যে ভ্রমণ এবং মেট্রোরেলে ২৫% ছাড় পাবেন।

**৬ রোগে আক্রান্তদের সহায়তা ■**
নতুন অর্থবছরে ৬টি দুরারোগ্য রোগে (ক্যানসার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া) আক্রান্তদের এককালীন সহায়তা ৫০ হাজার থেকে বাড়িয়ে ১ লাখ টাকা করা হবে।

**সামাজিক নিরাপত্তা ■**
২০২৬-২৭ অর্থবছরে বরাদ্দ ১ লক্ষ ৪৪ হাজার ৩৩৮ কোটি টাকা।

**ফ্যামিলি কার্ড**
৪১ লক্ষ পরিবারের বয়োজ্যেষ্ঠ মহিলা সদস্যকে প্রতি মাসে ২,৫০০ টাকা প্রদান

**কৃষি কার্ড**
কৃষক কার্ডের আওতায় বার্ষিক এককালীন ২,৫০০ টাকা করে ভাতা প্রদান

মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ২,৫৫,৬৬৬ জনকে প্রতি মাসে সম্মানি প্রদান

খাল খনন, পুনঃখনন ও বৃক্ষ রোপণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ ও দরিদ্র মানুষের আয় বৃদ্ধিকরণ

**প্রবাসী কার্ড ■**
২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে বিদেশগামী ও কর্মরত প্রবাসীদের জন্য 'প্রবাসী কার্ড' চালুর ঘোষণা দেওয়া হয়। এই কার্ডের মাধ্যমে কর্মীদের তথ্য সংরক্ষণ, বিভিন্ন সরকারি সেবাগ্রহণ এবং কল্যাণমূলক সুবিধা পাওয়ার প্রক্রিয়া সহজ করা হবে।

**মেধাবী শিক্ষার্থীদের ঋণ ■**
২০২৬-২৭ অর্থবছরের বাজেটে বিদেশে উচ্চশিক্ষার জন্য শিক্ষার্থীদের সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ দেওয়ার প্রস্তাব করা হয়। মেডিক্যাল ও ডেন্টাল শিক্ষার্থীদের জন্য বিশেষ 'শিক্ষাঋণ' সুবিধা চালুর পরিকল্পনা নেওয়া হয়।

**Stimulus Package 2026 ■**
বেসরকারি খাতে ঋণপ্রবাহ সহজ করতে বাংলাদেশ ব্যাংক ৬০ হাজার কোটি টাকার স্টিমুলাস প্যাকেজ ঘোষণা করেছে। এর মধ্যে ৪১ হাজার কোটি টাকা রিফাইন্যান্সিং ফান্ড এবং ১৯ হাজার কোটি টাকা কেন্দ্রীয় ব্যাংকের নিজস্ব তহবিল থেকে দেওয়া হবে।

**ব্যাংক হিসাব খুলতে TIN ■**
ব্যাংক হিসাব খুলতে টিআইএন নেওয়ার বাধ্যবাধকতা দেওয়ার ঘোষণা দেওয়া হয়।

**নতুন পে স্কেল ■**
বাজেটে সরকারি কর্মচারীদের জন্য নতুন একটি বেতন কাঠামো ১ জুলাই ২০২৬ থেকে ধাপে ধাপে কার্যকরের আনুষ্ঠানিক ঘোষণা দেন অর্থমন্ত্রী।

**একাধিক গাড়ির পরিবেশগত সারচার্জ ■**
ব্যক্তিগত ব্যবহারের একাধিক মোটরযান থাকলে মালিককে অতিরিক্ত পরিবেশগত সারচার্জ বা পরিবেশ কর দিতে হবে। নতুন এ সারচার্জ আদায়ের দায়িত্বে থাকবে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (BRTA)।

### সামাজিক সুরক্ষায় মাসিক সম্মানী

**মুক্তিযোদ্ধা**

| ক্যাটাগরি | পূর্বে | বর্তমান |
|---|---|---|
| সাধারণ মুক্তিযোদ্ধা | ২০,০০০ | অপরিবর্তিত |
| বীরশ্রেষ্ঠ | ৩৫,০০০ | ৪০,০০০ |
| বীর উত্তম | ২৫,০০০ | ৩০,০০০ |
| বীর বিক্রম | ২০,০০০ | ২৫,০০০ |
| বীর প্রতীক | ২০,০০০ | ২৫,০০০ |

**জুলাই যোদ্ধা (আহত)**

| ক্যাটাগরি | ভাতা |
|---|---|
| এ | ২০,০০০ |
| বি | ১৫,০০০ |
| সি | ১০,০০০ |
| জুলাই শহিদ ২০,০০০ | |

**অন্যান্য সামাজিক সুরক্ষা**

| নাম | পূর্বে | বর্তমান |
|---|---|---|
| প্রতিবন্ধী | ৯০০ | ১,০০০ |
| প্রতিবন্ধী শিক্ষার্থী | ৮৫০ | ১,০০০ |
| নারী ও শিশুকল্যাণ | ৮০০ | ৮৫০ |
| বিধবা ও স্বামী নিগৃহীতা | ৬৫০ | ৭০০ |
| বয়স্ক ভাতা | ৬৫০ | ৭০০ |

ক্যামেরুনের নাগরিককে Cameroonian বলা হয়

CamScanner

## বক্তৃতার কথামালা থেকে

- অর্থ বিভাগের অধীনে 'Skills for Industry Competitiveness and Innovation Program' (SICIP)-এর আওতায় প্রায় ২ লাখ ২০ হাজার জনকে বাজার-চাহিদাভিত্তিক মাঝারি থেকে উচ্চতর দক্ষতার প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ক্রিয়েটিভ পণ্যের উন্নয়ন ও নকশার মানোন্নয়নের জন্য দেশীয় ডিজাইনারদের সমন্বয়ে একটি 'National Pool of Designers' গঠন।
- আন্তর্জাতিক উৎসব ও বাজারে ক্রিয়েটিভ সম্ভাবনাকে তুলে ধরতে 'Created in Bangladesh' নামে জাতীয় ব্র্যান্ড চালুর উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
- International Hospitality Benchmark নির্ধারণ করা হবে; পর্যটন খাতের প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে বিশ্বখ্যাত সংস্থা কর্তৃক আন্তর্জাতিক মানদণ্ডের ভিত্তিতে সার্টিফিকেশনের ব্যবস্থা গ্রহণ।
- ঐতিহ্যবাহী হ্যারিটেজ স্থাপনা পুনরুদ্ধার করে আন্তর্জাতিক উৎসব আয়োজনের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ২-৩টি থিমের ওপর ভিত্তি করে দুটি পাইলট প্রকল্প বাস্তবায়ন।
- Ease of Doing Business নিশ্চিত করতে একক ডিজিটাল প্ল্যাটফর্ম 'BanglaBiz' চালু।
- সম্ভাবনাময় দেশসমূহের সাথে Free Trade Agreement (FTA), Preferential Trade Agreement (PTA) ও Economic Partnership Agreement (EPA)-সহ বিভিন্ন বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা চুক্তি সম্পাদনে উদ্যোগ গ্রহণ।
- পরিবেশ দূষণ রোধে আগামী অর্থবছরে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হবে। যেমন— বায়ুদূষণ কমাতে ১৫টি সিএএমএস এবং ১৬টি সি-সিএএমএসের মাধ্যমে নিয়মিত বায়ুর মান পর্যবেক্ষণ করা।
- পরিবেশ সংরক্ষণে ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি গ্রহণ এবং বর্জ্য ব্যবস্থাপনায় Circular Future Model বাস্তবায়ন।
- ব্রেইন ড্রেইনকে ব্রেইন সার্কুলেশনে রূপান্তরের উদ্যোগ গ্রহণ।
- বর্তমানে এ সরকারের লক্ষ্য ২০৩৪ সালের মধ্যে ট্রিলিয়ন ডলারের অর্থনীতি হিসেবে প্রতিষ্ঠা করা এবং জিডিপি ১০% এ উন্নীত করা।
- পরিবেশবান্ধব ইলেকট্রিক যান ব্যবহারে জনগণকে উৎসাহিত করতে মধ্যম সারির ১২০০-১৬০০ সিসি ক্ষমতার ইন্টারনাল কম্বাশন ইঞ্জিনবিশিষ্ট আমদানীকৃত গাড়ির ওপর বিদ্যমান সামগ্রিক করভার ১৩২.৩৬% থেকে বাড়িয়ে ১৫৫.৮৮% নির্ধারণের প্রস্তাব।

### 3R কৌশল

১ **Recovery & Stabilization**
আগামী এক বছরের মধ্যে অর্থনীতির অবনতির ধারা রোধ এবং সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা পুনঃপ্রতিষ্ঠা।

২ **Restoration**
আগামী তিন বছরের মধ্যে রাজস্ব ব্যবস্থার সংস্কার বিনিয়োগ ও বেসরকারি খাত উন্নয়ন, আর্থিক খাত পুনর্গঠন, রপ্তানি ও বহুমুখীকরণ, মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি।

৩ **Reconstruction**
আগামী পাঁচ বছরের মধ্যে অর্থনীতির কাঠামোগত রূপান্তর, উদ্ভাবননির্ভর প্রবৃদ্ধিতে উত্তরণ, বাণিজ্য বহুমুখীকরণ এবং অন্তর্ভুক্তিমূলক ও টেকসই প্রবৃদ্ধি।

### AI ব্যবহারে গৃহীত পদক্ষেপ

- স্টার্টআপ, ফ্রিল্যান্সিং, কনটেন্ট ক্রিয়েশন এবং এআইভিত্তিক উদ্যোক্তা তৈরি
- AI Driven Data Center ব্যবহার করে আরও কার্যকর এবং গতিশীল সিদ্ধান্ত গ্রহণ
- কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে নাগরিক সেবার মান উন্নয়ন, প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি

### স্পোর্টস ইকোনমি

- জাতীয় দলের খেলোয়াড়দের মাসিক সম্মানি প্রদান এবং 'নতুন কুঁড়ি স্পোর্টস' আয়োজনে ২০০ কোটি টাকা বরাদ্দ
- ১২-১৪ বছরের প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের বৃত্তি প্রদান
- ৬৪ জেলায় ৬৪টি Sports Village প্রতিষ্ঠা
- 'স্পোর্টস ডিপ্লোমেসি' জোরদারের উদ্যোগ নেওয়া।

- ঔষধ শিল্পের অধিকতর প্রসারকল্পে স্থানীয়ভাবে API উৎপাদনের লক্ষ্যে API তৈরির নতুন ৫১টি কাঁচামালের আমদানি শুল্ক শতাংশ করার প্রস্তাব। ঔষধ শিল্পের নতুন ১৭টি কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান।
- নির্বাচিত শিল্পাঞ্চল ও অর্থনৈতিক অঞ্চলে Plug and Play শিল্প-সুবিধা প্যাকেজ চালু করা হবে, যাতে দ্রুত কারখানা স্থাপন ও উৎপাদন শুরু করা যায়।
- পেনশন তহবিল, বিমা প্রতিষ্ঠান, Asset Management Company (AMC), মিউচুয়াল ফান্ড এবং অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগকারীর অংশগ্রহণ বাড়ানো।
- মোবাইলের সিমকার্ডের ওপর আরোপিত ৩০০ টাকার কর সম্পূর্ণভাবে তুলে নেওয়া হয়।
- ক্যানসারের ওষুধসহ ৭৭ কাঁচামাল আমদানি কর শূন্য।
- দেশের ১টি ন্যাশনাল ইনস্টিটিউটসহ ২২টি পরমাণু চিকিৎসা ইনস্টিটিউটের মাধ্যমে সাধারণ ও পরমাণু চিকিৎসা সেবা নিশ্চিতকরণ অনলাইন নেটওয়ার্কভিত্তিক একটি 'সমন্বিত নিউক্লিয়ার মেডিসিন তথ্য ব্যবস্থা' স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়।

ক্যামেরুনের আইনসভা দ্বিকক্ষ বিশিষ্ট, জাতীয় পরিষদ (নিম্নকক্ষ) এবং সিনেট (উচ্চকক্ষ)






# বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৬-২৭

বাজেট ব্যয়ের দুটি ভাগ থাকে— একটি হচ্ছে রাজস্ব ব্যয়, যা সরকার পরিচালনার খরচ। একে অনুন্নয়ন বাজেটও বলা হয়। অন্যটি উন্নয়ন ব্যয়। এ জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) নামে একটি প্রকল্প খাত রয়েছে। এই খাতেই সাধারণত উন্নয়ন বাজেটের খরচ দেখানো হয়। ADP অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নয়নের মূল চালিকা শক্তি। এর মাধ্যমে রাস্তা নির্মাণ, সেতু নির্মাণ থেকে শুরু করে গ্রামীণ উন্নয়ন, বিদ্যুৎকেন্দ্র তৈরি, স্কুল, কলেজ ও হাসপাতাল তৈরিসহ নানা ধরনের উন্নয়নমূলক কাজ করে সরকার।

## ADP কী?

ADP'র পূর্ণরূপ Annual Development Programme। বাংলাদেশের দীর্ঘমেয়াদি উন্নয়নের কৌশল ও লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্য একটি স্বল্পমেয়াদি পরিকল্পনা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP)। স্বাধীনতা লাভের পর থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে ADP গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থনৈতিক খাতভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যসমূহ অর্জনে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের প্রাপ্যতা এবং প্রাপ্ত বরাদ্দ ব্যবহারের সক্ষমতা ইত্যাদি বিবেচনায় নিয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচি ADP ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (Revised Annual Development Programme-RADP) প্রণয়ন করে থাকে। দেশের পরিকল্পনা কমিশন বাংলাদেশ সরকারের ADP'র খসড়া প্রণয়ন করে। অতঃপর প্রণীত খসড়া জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (ECNEC) অনুমোদনের জন্য পেশ করা হয়। ECNEC'র অনুমোদন পাওয়ার পর পরিকল্পনা কমিশন ADP বিস্তারিতভাবে মুদ্রিত আকারে প্রকাশ করে। ADP-তে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য স্থানীয় মুদ্রা ও বৈদেশিক উৎস হতে প্রাপ্ত তহবিল ব্যবহার করা হয়। ১৯৭২-৭৩ সালের ADP-তে মোট বরাদ্দের পরিমাণ ছিল ৫.০১ বিলিয়ন টাকা, যার ৭৫%ই ছিল বৈদেশিক সাহায্য হিসেবে প্রাপ্ত।

## ADP : ২০২৬-২৭

১৮ মে ২০২৬ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৩ লাখ কোটি টাকার ADP অনুমোদন করে। মোট বরাদ্দের মধ্যে ১ লাখ ৯০ হাজার কোটি টাকা (৬৩.৩৩%) সরকারি তহবিল থেকে অর্থায়ন করা হবে এবং বাকি ১ লাখ ১০ হাজার কোটি টাকা (৩৬.৬৭%) বৈদেশিক ঋণ ও অনুদান থেকে সংস্থান করা হবে। এটি বিগত অর্থবছরের মূল বরাদ্দের চেয়ে ৩০.৪৩% বেশি। স্বায়ত্তশাসিত সংস্থা ও কর্পোরেশনের স্ব-অর্থায়িত প্রকল্পগুলো অন্তর্ভুক্ত করলে মোট ADP'র আকার দাঁড়াবে ৩,০৮,৯২৪.৮৩ কোটি টাকা।

**মোট প্রকল্প :** আগামী অর্থবছরের এডিপিতে মোট ১,১২১টি প্রকল্প অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয় এর মধ্যে বিনিয়োগে ৯৪৯টি, কারিগরি সহায়তায় ১০৭টি এবং স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব অর্থায়নে ৪৩টি প্রকল্প। পাশাপাশি ১,২৭৭টি নতুন অননুমোদিত প্রকল্পও তালিকাভুক্ত করা হয়। একই সঙ্গে আগামী জুনের মধ্যে ২২৩টি প্রকল্প শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়।

### সর্বোচ্চ বরাদ্দের ৫ খাত

| খাত | বরাদ্দ (কোটি টাকা) | মোট ADP'র (%) |
|---|---|---|
| পরিবহন ও যোগাযোগ | ৫০,০৯২.৫৩ | ১৫.৮ |
| শিক্ষা | ৪৭,৫৯১.১২ | ১৫.৭ |
| স্বাস্থ্য | ৩৫,৫৩৫.৫০ | ১১.২ |
| বিদ্যুৎ ও জ্বালানি | ৩২,৬৯১.৫৪ | ১০.৩ |
| গৃহায়ন ও কমিউনিটি সুবিধা | ২০,৩৬১.৭২ | ৬.৪ |

### সর্বোচ্চ বরাদ্দের ৫ মন্ত্রণালয় ও বিভাগ


| মন্ত্রণালয় ও বিভাগ | বরাদ্দ (কোটি টাকা) | মোট ADP'র (%) |
|---|---|---|
| স্থানীয় সরকার বিভাগ | ৩৩,৭৩৫ | ১১.২ |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ৩০,৭৪১ | ১০.২ |
| স্বাস্থ্যসেবা বিভাগ | ২৬,৮০৬ | ৮.৯ |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ২১,৪৪১ | ৭.১ |
| মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | ২০,৮৩৫ | ৬.৯ |

### সর্বোচ্চ বরাদ্দের ৯ প্রকল্প

| প্রকল্প | বরাদ্দ (কোটি টাকা) |
|---|---|
| রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র | ১৫,৪৯৯ |
| ঢাকা এমআরটি লাইন-৫ (উত্তর রুট) | ৭,৩৫০ |
| মাতারবাড়ী বন্দর উন্নয়ন | ৪,৮৩৯ |
| ঢাকা এমআরটি লাইন-১ (পাতাল রেল) | ৩,৯১০ |
| DPDC এলাকায় বিদ্যুৎ বিতরণ ও উন্নয়ন | ৩,৩৯৩ |
| সরকারি মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প | ২,৩৯৩ |
| সরকারি প্রাথমিক বিদ্যালয় ফিডিং কর্মসূচি | ২,১৯৯ |
| ঢাকা এমআরটি লাইন-৬ | ১,৮৯৯ |
| মাধ্যমিক শিক্ষায় লার্নিং অ্যাকসেলারেশন প্রকল্প | ১,৫৫৯ |

- ADP-Annual Development Programme
- RADP-Revised Annual Development Programme
- ADP ঘোষণা করে ১ বছরের জন্য
- ADP অনুমোদন করে Executive Committee of the National Economic Council (ECNEC)
- ECNEC'র সভাপতি : প্রধানমন্ত্রী

F-3 | ক্যামেরুন একটি প্রেসিডেন্ট শাসিত প্রজাতন্ত্র




## কুল-বিএসপিএ বর্ষসেরা

২২ মে ২০২৬ বাংলাদেশ স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশন (BSPA) আয়োজিত 'কুল-বিএসপিএ স্পোর্টস অ্যাওয়ার্ড ২০২৫' অনুষ্ঠানে বর্ষসেরার নাম ঘোষণা করা হয়। ১৯৬৪ সালে দেশে প্রথম ক্রীড়া পুরস্কারের প্রবর্তন করা বিএসপিএ এবার ১৬টি বিভাগে সর্বমোট ১৫ জনকে পুরস্কৃত করে। একনজরে বিজয়ীরা—

- বর্ষসেরা ক্রীড়াবিদ : হামজা চৌধুরী
- পপুলার চয়েস অ্যাওয়ার্ড : হামজা চৌধুরী
- বর্ষসেরা ক্রিকেটার : রিশাদ হোসেন
- বর্ষসেরা ফুটবলার : হামজা চৌধুরী ও ঋতুপর্ণা চাকমা
- বর্ষসেরা হকি খেলোয়াড় : আমিরুল ইসলাম
- বর্ষসেরা আর্চার : আবদুর রহমান আলিফ
- বর্ষসেরা টেবিল টেনিস খেলোয়াড় : খই খই সাই মারমা
- বর্ষসেরা ব্যাডমিন্টন খেলোয়াড় : আল আমিন জুমার
- উদীয়মান ক্রীড়াবিদ : রিপন মণ্ডল (ক্রিকেট)
- বর্ষসেরা কোচ : পিটার বাটলার (নারী ফুটবল)
- বর্ষসেরা আম্পায়ার : সেলিম লাকী (হকি)
- বর্ষসেরা সংগঠক : কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল (আর্চারি)
- তৃণমূলের ক্রীড়া ব্যক্তিত্ব : আলমগীর কবীর (ক্রিকেট কোচ)
- বিশেষ সম্মাননা : শাহনাজ পারভীন মালেকা (কাবাডি কোচ)
- সেরা পৃষ্ঠপোষক : প্রাইম ব্যাংক পিএলসি
- সক্রিয় ফেডারেশন : বাংলাদেশ কাবাডি ফেডারেশন।


হামজা চৌধুরী

## আইসিসির মাসসেরা নাহিদ রানা

২০২৬ সালের এপ্রিল মাসের জন্য আইসিসির মাসসেরা খেলোয়াড় নির্বাচিত হন বাংলাদেশের নাহিদ রানা। ২০২৬ সালের এপ্রিলে ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিপক্ষে ৩টি ওয়ানডে খেলে নাহিদ উইকেট নেয় ৮টি। সর্বশেষ পাকিস্তানের বিপক্ষে মিরপুর টেস্টের দ্বিতীয় ইনিংসে তিনি করেন ক্যারিয়ার সেরা বোলিং, নেন ৪০ রানে ৫ উইকেট। মেয়েদের মধ্যে মাস সেরা হন দক্ষিণ আফ্রিকার লরা ভলভার্ট।

### নাহিদ রানার আগে যারা

| | |
|---|---|
| মে ২০২১ | মুশফিকুর রহিম |
| জুলাই ২০২১ | সাকিব আল হাসান |
| মার্চ ২০২৩ | সাকিব আল হাসান |
| নভেম্বর ২০২৩ | নাহিদা আক্তার |
| এপ্রিল ২০২৫ | মেহেদী হাসান মিরাজ |
| জানুয়ারি ২০২৬ | সোবহানা মোস্তারি |



## ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (IPL)

আয়োজন : ১৯তম • আয়োজক : Board of Control for Cricket in India (BCCI) • সময়কাল : ২৮ মার্চ-৩১ মে ২০২৬ • ভেন্যু : ১২টি • অংশগ্রহণকারী দল : ১০টি • মোট ম্যাচ : ৭৪টি • ক্রিকেটের ধরন : টি-২০ • চ্যাম্পিয়ন : রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুর (দ্বিতীয়বার) • রানার্সআপ : গুজরাট টাইটান্স • সর্বোচ্চ রান : বৈভব সূর্যবংশী (৭৭৬ রান); রাজস্থান রয়্যালস • সর্বোচ্চ উইকেট : কাগিছো রাবাদা (২৯ উইকেট); গুজরাট টাইটান্স • সেরা মূল্যবান খেলোয়াড় : বৈভব সূর্যবংশী (রাজস্থান রয়্যালস)।

## ফেডারেশন কাপ ২০২৫-২৬

আয়োজন : ৩৭তম • আয়োজক : Bangladesh Football Federation (BFF) • সময়কাল : ২৩ সেপ্টেম্বর ২০২৫-২০ মে ২০২৬ • অংশগ্রহণকারী দল : ১০টি • স্বাগতিক : বাংলাদেশ • ভেন্যু : ২টি— কুমিল্লা স্টেডিয়াম ও কিংস অ্যারেনা • মোট ম্যাচ : ২৪টি • মোট গোল : ৬৪টি • চ্যাম্পিয়ন : বসুন্ধরা কিংস (পঞ্চমবার) • রানার্সআপ : মোহামেডান এসসি • সর্বোচ্চ গোলদাতা : দোরিয়েলতন (বসুন্ধরা কিংস); ১২টি • সেরা খেলোয়াড় : দোরিয়েলতন (বসুন্ধরা কিংস) • ফেয়ার প্লে ট্রফি : বসুন্ধরা কিংস।




## ৪৭তম জাতীয় অ্যাথলেটিকস

### পদক তালিকা

| | সোনা | রুপা | ব্রোঞ্জ | মোট |
|---|---|---|---|---|
| নৌবাহিনী | ২১ | ১৬ | ১০ | ৪৭ |
| সেনাবাহিনী | ১৭ | ২০ | ২০ | ৫৭ |
| বিকেএসপি | ২ | ৩ | ৪ | ৯ |
| রাবি | ০ | ১ | ০ | ১ |
| বিমানবাহিনী | ০ | ০ | ৪ | ৪ |
| মাগুরা জেলা | ০ | ০ | ১ | ১ |
| যবিপ্রবি | ০ | ০ | ১ | ১ |

ক্যামেরুনের বর্তমান প্রধানমন্ত্রী Joseph Dion Ngute

CamScanner

## UEFA Champions League

আয়োজন : ৭১তম • আয়োজক : Union of European Football Associations (UEFA) • সময়কাল : ১৬ সেপ্টেম্বর ২০২৫-৩০ মে ২০২৬ • ফাইনালের ভেন্যু : আলিয়াঞ্জ অ্যারিনা, মিউনিখ, জার্মানি • অংশগ্রহণকারী দল : ৮১টি • মোট ম্যাচ : ১৮৯টি • চ্যাম্পিয়ন : পিএসজি (দ্বিতীয়বার) • রানার্সআপ : আর্সেনাল • সর্বোচ্চ গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (রিয়াল মাদ্রিদ): ১৫টি • সেরা খেলোয়াড় : খাভিচা ভারাতাসখেলা (পিএসজি) • সেরা উদীয়মান খেলোয়াড় : আদ্রে গুলার (রিয়াল মাদ্রিদ)।

## FRENCH OPEN



আয়োজন : ১২৫তম • স্বাগতিক : ফ্রান্স • ভেন্যু : স্টেড রোল্যান্ড গ্যারোস, প্যারিস • সময়কাল : ২৪ মে-৭ জুন ২০২৬। ক্যাটাগরি : গ্র্যান্ড স্লাম • একক চ্যাম্পিয়ন : পুরুষ- আলেকজেন্ডার জভেরভ (জার্মানি) ও নারী- মিরা আন্দ্রিভা (রাশিয়া) • মোট প্রাইজমানি : ৬.১৭ কোটি ইউরো (প্রায় ৮৭৯ কোটি টাকা)।



◆ ৩৪ বছরের মধ্যে সবচেয়ে কম বয়সি হিসেবে ফ্রেঞ্চ ওপেনের নারী এককে চ্যাম্পিয়ন হলেন ১৯ বছর বয়সি রুশ এ তারকা।

◆ আলেকজেন্ডার জভেরভের প্রথম ফ্রেঞ্চ ওপেনে গ্র্যান্ড স্লাম এটি এবং ৩০ বছর পর জার্মানির জয়।

## বাংলাদেশ ফুটবল লিগ ২০২৫-২৬

আয়োজন : ১৮তম • আয়োজক : Bangladesh Football Federation (BFF) • সময়কাল : ২৬ সেপ্টেম্বর ২০২৫-২৩ মে ২০২৬ • অংশগ্রহণকারী দল : ১০টি • স্বাগতিক : বাংলাদেশ • মোট ম্যাচ : ৯০টি • চ্যাম্পিয়ন : বসুন্ধরা কিংস (ষষ্ঠবার) • রানার্সআপ : আবাহনী • সর্বোচ্চ গোলদাতা : দোরিয়েলতন (বসুন্ধরা কিংস); ২০টি।

## সাফ নারী চ্যাম্পিয়নশিপ

আয়োজন : অষ্টম • আয়োজক : South Asian Football Federation (SAFF) • সময়কাল : ২৫ মে-৬ জুন ২০২৬ • অংশগ্রহণকারী দল : ৬টি— ভারত, বাংলাদেশ, নেপাল, শ্রীলংকা, ভুটান ও মালদ্বীপ • স্বাগতিক : ভারত • ভেন্যু : পণ্ডিত জওহরলাল নেহেরু স্টেডিয়াম, গোয়া; ভারত • মোট ম্যাচ : ৯টি • চ্যাম্পিয়ন : ভারত (ষষ্ঠবার) • রানার্সআপ : বাংলাদেশ। সর্বোচ্চ গোলদাতা : অভিকা সিং (ভারত); ৪টি • সেরা খেলোয়াড় : সানফিদা নংক্রম (ভারত) • সেরা গোলরক্ষক : পান্থে চানু ইলাংবাম (ভারত) • ফেয়ার প্লে ট্রফি : নেপাল।




## বিসিবি নির্বাচন ২০২৬

সভাপতি
তামিম ইকবাল

সহ-সভাপতি
ফাহিম সিনহা

### বিসিবির নতুন পরিচালনা পর্ষদ

ক্যাটেগরি-১ (জেলা ও আঞ্চলিক)

ঢাকা বিভাগ
সাইদ বিন জামান
এস এম আব্দুল্লাহ আল ফুয়াদ

সিলেট বিভাগ
আব্দুল কাইয়ুম চৌধুরি

চট্টগ্রাম বিভাগ
মিনহাজুল আবেদীন নান্নু
মঈন উদ্দিন চৌধুরি

খুলনা বিভাগ
শফিকুল আলম ও শান্তনু ইসলাম

বরিশাল বিভাগ
মিজানুর রহমান

রাজশাহী বিভাগ
মীর শাকরুল আলম (পরবর্তীতে পদত্যাগ)

রংপুর বিভাগ
মির্জা ফয়সল আমিন

ক্যাটেগরি-২ (ঢাকার ক্লাব)

তামিম ইকবাল, ইসরাফিল খসরু, সাঈদ ইব্রাহিম আহমেদ, মাসুদজ্জ, ইয়াসির মোহাম্মদ ফয়সাল, ফাহিম সিনহা, শানিয়ান তানিম, সাকিফ আহমেদ সালাম, আসিফ, মির্জা ইয়াসির, রফিকুল ইসলাম, প্রফেসর ডা. সরকার মাহবুব আহমেদ শামীম

ক্যাটেগরি-৩ (অন্যান্য)

সিরাজউদ্দিন মো. আলমগীর (বিনা প্রতিদ্বন্দ্বিতায়)

জাতীয় ক্রীড়া পরিষদ মনোনীত

শেখ মো. রুহুল আমিন
সরফরাজ আহমেদ

### ইউরোপের শীর্ষ লিগ

| লিগের নাম | দেশ | সময়কাল | চ্যাম্পিয়ন | সর্বোচ্চ গোলদাতা |
|---|---|---|---|---|
| প্রিমিয়ার লিগ | ইংল্যান্ড | ১৫ আগস্ট ২০২৫-২৪ মে ২০২৬ | আর্সেনাল | আর্লিং হালান্ড; ২৭টি |
| সিরি এ | ইতালি | ২৩ আগস্ট ২০২৫-২৪ মে ২০২৬ | ইন্টার মিলান | লাউতারো মার্টিনেজ; ১৭টি |
| লা লিগা | স্পেন | ১৫ আগস্ট ২০২৫-২৪ মে ২০২৬ | বার্সেলোনা | কিলিয়ান এমবাপ্পে; ২৫টি |
| বুন্দেসলিগা | জার্মানি | ২২ আগস্ট ২০২৫-১৬ জুন ২০২৬ | বায়ার্ন মিউনিখ | হ্যারি কেন; ৩৬টি |
| লিগ আঁ | ফ্রান্স | ১৫ আগস্ট ২০২৫-২৪ মে ২০২৬ | লিংকন সিটি | ডম ব্যালার্ড; ২৩টি |

ক্যামেরুনের প্রথম প্রধানমন্ত্রী Charles Assale



## নতুন কোচ টমাস ডুলি



২২ মে ২০২৬ বাংলাদেশ জাতীয় ফুটবল দলের জন্য টমাস ডুলিকে নতুন কোচ নিয়োগ করে বাংলাদেশ ফুটবল ফেডারেশন। জার্মান বংশোদ্ভূত মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্বকাপ দলের সাবেক এই অধিনায়কের সাথে বাফুফের চুক্তি হবে দুই বছরের। মার্কিন যুক্তরাষ্ট্রের হয়ে দু'টি বিশ্বকাপ (১৯৯৪ ও ১৯৯৮) খেলেন তিনি। জাতীয় দলের হয়ে ৮১টি ম্যাচ খেলেন। গোল করেন ৭টি। এ ছাড়া ক্লাব ফুটবলে ৪৩৩ ম্যাচে ৬৪টি গোল করেন। ২০১৮ সালে তিনি ফিলিপাইনকে প্রথমবারের মতো এশিয়ান কাপের চূড়ান্ত পর্বে নিয়ে যান। তার সময়েই ফিফা র‍্যাংকিংয়ে সর্বোচ্চ স্থানে পৌঁছায় ফিলিপাইন। সর্বশেষ দক্ষিণ আমেরিকার দেশ গায়ানার হেড কোচ ছিলেন।

টমাস ডেনিস ডুলি ▸ বয়স : ৬৫ • নাগরিকত্ব : দ্বৈত যুক্তরাষ্ট্র/জার্মানি • কোচিং লাইসেন্স : উয়েফা প্রো • পছন্দের কৌশল : ৩-৫-২।

## সাথিরার নতুন মাইলফলক

১২ জুন ২০২৬ ইংল্যান্ড ও ওয়েলসে শুরু হয় ২০২৬ নারী টি-২০ বিশ্বকাপ। এতে বাংলাদেশের প্রথম নারী আম্পায়ার হিসেবে আইসিসি নারী টি-২০ বিশ্বকাপে ম্যাচ পরিচালনা করেন সাথিরা জাকির জেসি। ২৮ মে ২০২৬ সাথিরাসহ ১৪ জনকে রেখে টুর্নামেন্টের আম্পায়ার প্যানেল ঘোষণা করে আইসিসি। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে মালয়েশিয়া-থাইল্যান্ড টি-২০ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে আম্পায়ারিং অভিষেক হয় সাথিরার। এবারের বিশ্বকাপ আসরে জেসির সঙ্গে আম্পায়ার হিসেবে আরও অভিষেক হচ্ছে ক্যান্ডেস লা বোর্ডে, গায়ত্রী বেনুগোপালন এবং কেরিন ক্লাস্টের।

## বাংলাদেশের ২ সিরিজ জয়

### অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়



২০২৬ সালের জুন মাসে অনুষ্ঠিত অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশ তিন ম্যাচের ওয়ানডে সিরিজ ২-১ ব্যবধানে জয় লাভ করে। ৯ জুন ২০২৬ ওয়ানডেতে ২১ বছর পর প্রথমবার অস্ট্রেলিয়াকে হারায় সিরিজের প্রথম ম্যাচে। ১১ জুন ২০২৬ দ্বিতীয় ম্যাচেও অস্ট্রেলিয়াকে হারিয়ে ক্রিকেটের পরাশক্তির বিপক্ষে প্রথমবার সিরিজ জিতে টাইগাররা। টেস্ট খেলুড়ে দেশগুলোর মধ্যে এখন কেবল ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয় লাভ করতে পারেনি বাংলাদেশ। এর আগে ২০২১ সালের আগস্টে ঘরের মাঠে টি-২০ সিরিজে অসিদের ৪-১ ব্যবধানে হারায় বাংলাদেশ।

### টেস্ট র‍্যাংকিংয়ে বাংলাদেশের ইতিহাস

২০ মে ২০২৬ সিলেট টেস্টে ৭৮ রানের দারুণ জয়ে পাকিস্তানকে হোয়াইটওয়াশ করে বাংলাদেশ। একই সঙ্গে এবার আইসিসির টেস্ট র‍্যাংকিংয়েও ইতিহাস গড়ে টাইগাররা। সর্বশেষ হালনাগাদ র‍্যাংকিংয়ে দুই ধাপ এগিয়ে সপ্তম স্থানে উঠে আসে নাজমুল হোসেন শান্তর দল। টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ইতিহাসে এটিই এখন সর্বোচ্চ র‍্যাংকিং।

◆ সিলেট টেস্টের জয় সাদা পোশাকের ক্রিকেটে বাংলাদেশের টানা চতুর্থ, যা দেশের টেস্ট ইতিহাসে প্রথম পাকিস্তানের মাটিতে এবং দেশের মাটিতে পাকিস্তানকে ধবলধোলাই করতে পারা প্রথম দল বাংলাদেশ।

◆ বাংলাদেশের অধিনায়ক হিসেবে সবচেয়ে বেশি ৮টি টেস্ট জয়ের রেকর্ড গড়েন নাজমুল হোসেন শান্ত। ৭টি টেস্ট নিয়ে আগে এই রেকর্ডের মালিক ছিলেন মুশফিকুর রহিম।

◆ ২১ বছরের ক্যারিয়ারে প্রথমবার সিরিজ সেরা হয় মুশফিক।

◆ ৯ মে ২০২৬ পাকিস্তানের বিপক্ষে মিরপুর টেস্টের প্রথম ইনিংসে ৩৩ রানে আউট হয় লিটন দাস। এই ইনিংস খেলার পর আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপে বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে ২,০০০ রানের মাইলফলক স্পর্শ করেন এই উইকেট কিপার ব্যাটসম্যান। লিটনের পর তালিকায় দ্বিতীয় মুশফিকুর রহিম।

◆ ১৮ মে ২০২৬ পাকিস্তানের বিপক্ষে সিলেট টেস্টে বাংলাদেশের দ্বিতীয় ইনিংসে ক্যারিয়ারের ১৪তম সেঞ্চুরি করে মুশফিকুর রহিম। তাতেই তিনি ছাড়িয়ে যান মুমিনুল হকের করা সর্বোচ্চ ১৩টি সেঞ্চুরির রেকর্ড। তিন সংস্করণ মিলিয়ে মুশফিকের এটা ২৩তম সেঞ্চুরি। একইসঙ্গে বাংলাদেশের প্রথম ব্যাটার হিসেবে আন্তর্জাতিক ক্রিকেটে ১৬ হাজার রানের মাইলফলক স্পর্শ করেন মুশফিক। দেশের হয়ে সর্বাধিক ৩টি ডাবল সেঞ্চুরির মালিকও মুশফিক।




ক্যামেরুনের ক্ষমতাসীন দল Rassemblement Démocratique du Peuple Camerounais (RDPC)



# বিশ্বকাপ : রোমাঞ্চের বিস্ময়ে বিশ্ব

## বিশ্বকাপের শুরু থেকে শেষ

- গ্রুপ পর্ব : ১১ জুন থেকে ২৮ জুন
- শেষ ৩২ : ২৮ জুন থেকে ৪ জুলাই
- শেষ ১৬ : ৪ জুলাই থেকে ৭ জুলাই
- কোয়ার্টার ফাইনাল : ৯ জুলাই থেকে ১২ জুলাই
- সেমিফাইনাল : ১৪ ও ১৫ জুলাই
- তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচ : ১৮ জুলাই (মায়ামি)
- ফাইনাল : ১৯ জুলাই (নিউজার্সি)

## ত্রি-আলোয় বিশ্বকাপের পর্দা

ট্রফি একটি, আয়োজকও একটি দেশ, উদ্বোধনী অনুষ্ঠানও ছিল একটিই। সেই ধারায় ছেদ পড়ে ২০০২ আসরে। বিশ্বকাপের ইতিহাসে সেবারই প্রথম আয়োজক দুটি দেশ— জাপান ও দক্ষিণ কোরিয়া; কিন্তু উদ্বোধনী অনুষ্ঠানে ধারা পাল্টায়নি। শুধু সিউলেই অনুষ্ঠিত হয় উদ্বোধনী অনুষ্ঠান। বিশ্বকাপের ৯৬ বছরের ইতিহাসে এই প্রথমবারের মতো আয়োজক তিন দেশ— যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা। তিনটি দেশেই হয় উদ্বোধনী অনুষ্ঠান। মেক্সিকোয় মেক্সিকো সিটি, কানাডায় টরন্টো ও যুক্তরাষ্ট্রে লস অ্যাঞ্জেলসে। কিন্তু আলাদা আলাদা সময়ে। 'প্রাসাদের নগরী' মেক্সিকো সিটির আজতেকা স্টেডিয়ামে বিশ্বকাপে প্রথম উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয় ১১ জুন বাংলাদেশ সময় রাত ১১টায়। কানাডার টরন্টো স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠান হয় ১২ জুন রাতে। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলস স্টেডিয়ামে ১৩ জুন বাংলাদেশ সময় ভোর সাড়ে পাঁচটায় উদ্বোধনী অনুষ্ঠান হয়।

## আবারও বিশ্বকাপের মঞ্চে শাকিরা

দীর্ঘ বিরতি কাটিয়ে আবারও ফুটবল বিশ্বকাপের মঞ্চে ফিরেছে ল্যাটিন পপ সম্রাজ্ঞী শাকিরা। ২০২৬ সালে উত্তর আমেরিকা বিশ্বকাপের অফিসিয়াল থিম সং 'দাই দাই'-এর টিজার প্রকাশ করে বিশ্বজুড়ে ভক্তদের চমকে দেন শাকিরা। শাকিরার এবারের গানে তার সঙ্গে কণ্ঠ দেন নাইজেরিয়ান মিউজিক সেনসেশন বার্না বয়। ১৫ মে ২০২৬ আনুষ্ঠানিকভাবে মুক্তি পায় পূর্ণাঙ্গ এই থিম সং। ২০০৬ সালে জার্মানিতে 'হিপস ডোন্ট লাই', ২০১০-এ দক্ষিণ আফ্রিকায় কালজয়ী 'ওয়াকা ওয়াকা' এবং ২০১৪ সালে ব্রাজিলে 'লা লা লা' গেয়ে পুরো বিশ্বকে বুঁদ করে রাখেন তিনি।

## লাল কার্ডের সাতকাহন

১১ জুন ২০২৬ ফিফা বিশ্বকাপে উদ্বোধনী ম্যাচে মেক্সিকো সিটি আজতেকা স্টেডিয়ামে মেক্সিকো দক্ষিণ আফ্রিকার তিনজন ফুটবলার সরাসরি লাল কার্ড দেখানো হ দক্ষিণ আফ্রিকার দুজন ও মেক্সিকো একজন খেলোয়াড়কে রেফারি লা কার্ড দেখান।

■ এক বিশ্বকাপে ১০ বা ততোধিক লাল কার্ড

- জার্মানি (২০০৬) : ২৮টি
- ফ্রান্স (১৯৯৮) : ২২টি
- দক্ষিণ কোরিয়া ও জাপান (২০০২) : ১৭টি
- দক্ষিণ আফ্রিকা (২০১০) : ১৭
- ইতালি (১৯৯০) : ১৬টি
- যুক্তরাষ্ট্র (১৯৯৪) : ১৫টি
- ব্রাজিল (২০১৪) : ১০টি

■ ম্যাচে তিন লাল কার্ড

- ব্রাজিল বনাম চেকোস্লোভাকিয়া : ১২ জুন ১৯৩৮
- হাঙ্গেরি বনাম ব্রাজিল : ২৭ জুন ১৯৫
- দক্ষিণ আফ্রিকা বনাম ডেনমার্ক : ১৮ জুন ১৯৯৮
- ইতালি বনাম যুক্তরাষ্ট্র : ১৭ জুন ২০০
- ক্রোয়েশিয়া বনাম অস্ট্রেলিয়া : ২২ জুন ২০০৬
- মেক্সিকো বনাম দক্ষিণ আফ্রিকা : ১১ জুন ২০২৬

## বিশ্বকাপে জাদুর ফুটবল








## আজতেকায় তিনটি উদ্বোধনী ম্যাচ



২০২৬ বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ দিয়ে নতুন এক ইতিহাসের সাক্ষী হয় মেক্সিকোর বিখ্যাত আজতেকা স্টেডিয়াম। প্রথম স্টেডিয়াম হিসেবে তিনটি বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ হয় আজতেকায়। এর আগে ১৯৭০ ও ১৯৮৬ বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ ও ফাইনাল হয় এখানে। ১৯৩০ সালে উরুগুয়েতে হওয়া সেই প্রথম বিশ্বকাপ থেকে আজকের ২০২৬; বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে সবচেয়ে বেশিবার অংশগ্রহণের রেকর্ডটি মেক্সিকোর— এ নিয়ে আটবার। এমনকি পরপর পাঁচবার উদ্বোধনী ম্যাচে খেলার বিরল রেকর্ডও তাদের। ১৯৭৪-২০০২ পর্যন্ত নিয়ম ছিল, আগেরবারের চ্যাম্পিয়নরা খেলবে প্রথম ম্যাচ। জার্মানিতে হওয়া ১৯৭৪ বিশ্বকাপের পূর্বপর্যন্ত অবশ্য উদ্বোধনী ম্যাচটা কোন দুই দেশ খেলবে তার কোনো বাঁধাধরা নিয়ম ছিল না। ২০০৬ সাল থেকে বর্তমান পর্যন্ত ফিফা নিয়ম বদলে ঠিক করে স্বাগতিক দেশ খেলবে বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ। উল্লেখ্য, মেক্সিকো এই আট ম্যাচের পাঁচটিতে হারে, দুটিতে ড্র করে এবং একটিতে জয় লাভ করে।

## নিষিদ্ধ ভুভুজেলা

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বকাপের ভেন্যুগুলোয় ভুভুজেলা বাঁশি সম্পূর্ণ নিষিদ্ধ করে ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। ফিফার স্টেডিয়াম আচরণবিধি অনুযায়ী, কেবল ভুভুজেলা নয়, এয়ার হর্নসহ মাত্রাতিরিক্ত শব্দ তৈরি করে— এমন যেকোনো ধরনের যন্ত্র ১৬টি ভেন্যুর কোনোটিতেই নেওয়া যাবে না। এছাড়া লেজার রশ্মি ছড়ায়— এমন যন্ত্র বা লেজার পয়েন্টার নেওয়াও সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়।

## যা কিছু নতুন ২০২৬ বিশ্বকাপে


- এই প্রথম তিন দেশে বিশ্বকাপ।
- এই প্রথম ৪৮ দলের বিশ্বকাপ। সর্বশেষ বিশ্বকাপের চেয়ে ১৬টি দল বেড়েছে।
- এই প্রথম রাউন্ড অব থার্টি টু হবে। প্রতি গ্রুপের চ্যাম্পিয়ন ও রানার্সআপ এবং সেরা ৮টি তৃতীয় দল উঠবে এই রাউন্ডে।

### ১০ সেকেন্ডে বদলি




চতুর্থ রেফারি খেলোয়াড় বদলের সংকেত দেওয়ার ১০ সেকেন্ডের মধ্যে সেই খেলোয়াড়কে সবচেয়ে নিকটবর্তী সীমানা দিয়ে মাঠ ছাড়তে হবে। এই সময়ের মধ্যে সেই খেলোয়াড় মাঠ ছাড়তে ব্যর্থ হলে ওই দলকে পুরো ১ মিনিট ১০ জন নিয়ে খেলতে হবে।

### ৫ সেকেন্ডের নিয়ম



রেফারির যদি মনে হয় খেলোয়াড়ের থ্রো ইন কিংবা গোল কিক করতে ইচ্ছে করে বেশি সময় নিচ্ছেন তবে '৫ সেকেন্ডের' সময় গণনা শুরু করবেন। ৫ সেকেন্ড পেরিয়ে গেলে বিপক্ষ দল থ্রো ইন পাবে। গোল কিকের ক্ষেত্রে বিপক্ষ দলকে কর্নার কিক দেওয়া হবে।

### ভিএআরে যা কিছু নতুন




ভুল করে দেওয়া কর্নার কিকের রিভিউ। তবে খেলা আবার শুরু করতে দেরি হওয়ার সম্ভাবনা থাকলে দেওয়া হবে না। এবারই প্রথম কর্নার কিক বা ফ্রি-কিক নেওয়ার ঠিক আগে যদি আক্রমণকারী দলের কোনো খেলোয়াড় বক্সে ফাউল করেন এবং এর সরাসরি প্রভাবে যদি কোনো গোল বা পেনাল্টি হয়, তবে ভিএআর তা যাচাই করতে পারবে। দ্বিতীয় হলুদ কার্ড থেকে লাল কার্ডের ঘটনায়ও সীমিত পরিসরে ভিএআর হস্তক্ষেপ করতে পারবে। বিশেষ করে ভুল খেলোয়াড়কে দ্বিতীয় হলুদ কার্ড দেখানো হলে সেটি পর্যালোচনা করা যাবে। খেলোয়াড়েরা হাত, বাহু বা জার্সি দিয়ে মুখ ঢেকে কথা বললে রেফারিরা বিষয়টি গুরুত্ব দিয়ে দেখবেন। যদি সেটি উত্তেজনাপূর্ণ কথাবার্তা, গালাগালি বা গোপন যোগাযোগ বলে মনে হয়, তাহলে লাল কার্ডও দেখানো হতে পারে। তবে স্বাভাবিক কথোপকথনের ক্ষেত্রে কোনো শাস্তি হবে না।

### মাঠের বাইরে চিকিৎসা

গোলকিপারের বাইরে কারও ছোটখাটো চিকিৎসার প্রয়োজন হলে তাকে অবশ্যই ১ মিনিটের জন্য মাঠ ছাড়তে হবে।

### রাগ করে মাঠ ছাড়লেই শাস্তি

কোনো সিদ্ধান্তের প্রতিবাদ করে মাঠ ছেড়ে গেলে সরাসরি লাল কার্ড। মাঠের বাইরে থেকে কেউ প্ররোচিত করলেও লাল কার্ড দেখবেন সেই ব্যক্তি। আর পুরো দল মাঠ ছেড়ে গেলে প্রতিপক্ষকে জয়ী ঘোষণা করা হবে।

## ফিফা বিশ্বকাপে বাংলাদেশ



■ **উদ্বোধনী মঞ্চে সঞ্জয় :** ১২ জুন ২০২৬ টরন্টো স্টেডিয়ামে কানাডার উদ্বোধনী ম্যাচের আগে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত হিসেবে পারফর্ম করেন সঞ্জয়। নোরা ফাতেহি ও ফরাসি হিপ-হপ শিল্পী জেজেভ্রিমের সঙ্গে মঞ্চ মাতান তিনি। অনুষ্ঠানে তারা পরিবেশন করেন ফিফার অফিসিয়াল গান 'সির সির'। এ সময় সঞ্জয়কে দেখা যায় বিশেষভাবে তৈরি একটি জ্যাকেট পরিহিত অবস্থায়। জ্যাকেটের ডান হাতের স্লিভে এম্ব্রয়ডারির মাধ্যমে ফুটিয়ে তোলা হয় বাংলাদেশের জাতীয় পশু রয়েল বেঙ্গল টাইগার, জাতীয় ফুল শাপলা ও সবুজের মাঝে লাল বৃত্তে অঙ্কিত জাতীয় পতাকার নকশা। সঞ্জয়ের জন্ম বাংলাদেশের মৌলভীবাজারের শ্রীমঙ্গলে। বর্তমানে লস অ্যাঞ্জেলেসভিত্তিক এই শিল্পী বাংলা সংগীতের উপাদানকে ইলেকট্রনিক সাউন্ডের সঙ্গে মিশিয়ে আন্তর্জাতিক অঙ্গনে নিজের স্বতন্ত্র পরিচিতি তৈরি করেন।

■ **বিশ্বকাপ সম্প্রচার :** ২০২৬ ফিফা বিশ্বকাপ সম্প্রচারের জন্য সরকার বাংলাদেশ টেলিভিশনের (BTV) মাধ্যমে কয়েকটি অংশীদার প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে সম্প্রচারের ব্যবস্থা করে। বাংলাদেশের নীতিমালার আলোকে এবারের ফুটবল বিশ্বকাপ সম্প্রচারের চূড়ান্ত চুক্তিমূল্য নির্ধারিত হয় ৩.৮৫ মিলিয়ন মার্কিন ডলার, যা বর্তমান বিনিময় হার অনুযায়ী বাংলাদেশি টাকায় প্রায় ৪৭,২৫,৮৭,৫০০ টাকা (ভ্যাট, আয়করসহ মোট মূল্য দাঁড়াবে ৬৩,৭৯,৯৩,০০০ টাকা)। টেলকো, স্যাটেলাইট চ্যানেল এবং ওটিটি প্ল্যাটফর্মের কাছে নীতিমালা অনুযায়ী অ্যাডভারটাইজমেন্ট (বিজ্ঞাপন) এবং রাইটস (স্বত্ব) বিক্রি করে নামমাত্র খরচে BTV খেলা দেখাবে। BTV, Somoi TV ও T Sports বিশ্বকাপের ম্যাচ সম্প্রচার করবে। Somoi TV ও T Sports তাদের ডিজিটাল প্ল্যাটফর্ম এবং ইউটিউব চ্যানেলেও ম্যাচ দেখাবে।

■ **বিশ্ব ফুটবলের সর্বোচ্চ 'আসর' :** ফিফা ওয়ার্ল্ড কাপ স্বেচ্ছাসেবক কার্যক্রমের গুরুত্বপূর্ণ দায়িত্বে যুক্ত হয় বাংলাদেশি বংশোদ্ভূত মাহমুদুর রহমান বাপ্পী। কানাডার হোস্ট সিটির সমর্থন বিভাগে স্বেচ্ছাসেবক কার্যক্রম তদারককারী পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালনের সুযোগ পান তিনি। ১ জুন ২০২৬ চূড়ান্তভাবে নির্বাচিত স্বেচ্ছাসেবকদের তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়। তার বাড়ি সিলেট শহরের মেন্দিবাগ এলাকায়।

## সংখ্যায় বিশ্বকাপ তথ্য

**১৭ বছর ২৪০ দিন**
মেক্সিকোর হিলবার্তো মোরার বয়স, এই বিশ্বকাপে তিনিই সর্বকনিষ্ঠ ফুটবলার

**৩০ বছর ১৫৫ দিন**
পানামার খেলোয়াড়দের গড় বয়স, যা এই বিশ্বকাপে সবচেয়ে বেশি

**৪৩ বছর ১৬২ দিন**
স্কটল্যান্ডের ক্রেইগ গর্ডনের বয়স, এবারের বিশ্বকাপে তিনি বয়োজ্যেষ্ঠ ফুটবলার।



**১,৬৮,৯০,০০০**
পাউন্ডে জর্ডান দলের বাজারমূল্য, যা এই বিশ্বকাপে ৪৮ দলের মধ্যে সর্বনিম্ন

**১৩২,০০,০০,০০০**
পাউন্ডে ফ্রান্স দলের বাজারমূল্য, যা এই বিশ্বকাপে সবচেয়ে বেশি। টাকার অঙ্কে দাঁড়ায় ২১ হাজার ৮২০ কোটি

**৯০,০০,০০০ টনের**
বেশি কার্বন ডাই-অক্সাইড নির্গত হবে বিশ্বকাপে

**৫,০০,০০,০০০**
ডলার চ্যাম্পিয়ন দলের প্রাইজমানি

### রক্তের সম্পর্কে মানচিত্রের দেয়াল

রক্তের বন্ধন এক হলেও জাতীয়তার ভিন্ন সমীকরণে চার জোড়া ভাই এবার খেলতে নামছেন আলাদা দেশের জার্সিতে।



দেজিরে দুয়ে (ফ্রান্স) | গুয়েলা দুয়ে (আইভরি কোস্ট) | জন সুটার (স্কটল্যান্ড) | হ্যারি সুটার (অস্ট্রেলিয়া)



ইনিয়াকি উইলিয়ামস (ঘানা) | নিকো উইলিয়ামস (স্পেন) | ব্রায়ান ব্রবি (নেদারল্যান্ডস) | ডেরিক লাকাশেন (ঘানা)

### বাজারমূল্যে বিশ্বকাপের সর্বোচ্চ ৫ দল

• ফ্রান্স : ১.৪৬ বিলিয়ন ইউরো • স্পেন : ১.৪১ বিলিয়ন ইউরো • ইংল্যান্ড : ১.৪০ বিলিয়ন ইউরো • জার্মানি : ১.১৩ বিলিয়ন ইউরো • পর্তুগাল : ১.০১ বিলিয়ন ইউরো।

### সবচেয়ে মূল্যবান ৩ ফুটবলার

১. লামিনে ইয়ামাল (স্পেন) : ৪০১.৩১ মিলিয়ন ডলার
২. আর্লিং হ্যালান্ড (নরওয়ে) : ২৯৮.৩৭ মিলিয়ন ডলার
৩. কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স) : ২৫৩.২৩ মিলিয়ন ডলার

পশ্চিম আফ্রিকার সর্বোচ্চ আগ্নেয়গিরি Mount Cameroon (8,080 মিটার)



## রেকর্ডবুক

■ আর্জেন্টিনার হয়ে সর্বোচ্চ তিন বিশ্বকাপ আসরে অধিনায়কের আর্মব্যান্ড পরেন লিওনেল মেসি। দু'বার সেই কীর্তি নিয়ে এর পরের অবস্থানে কিংবদন্তি দিয়েগো ম্যারাডোনা। বিশ্বকাপে যৌথভাবে সর্বোচ্চ ষষ্ঠ আসর খেলার রেকর্ড গড়েন মেসি। তিনি বিশ্বকাপে সর্বোচ্চ ২৬ ম্যাচ খেলার রেকর্ডটিও আগেই দখলে নেয়। এবার সেই সংখ্যাটি আরও বাড়িয়ে নেওয়ার পালা। ইতোমধ্যে বিশ্বকাপে টানা ১৮ ম্যাচে আর্জেন্টিনাকে নেতৃত্ব দেন LM-10।

■ ১১ জুন ২০২৬ মেক্সিকান ফরোয়ার্ড জুলিয়ান কিনিয়োনেসের ইতিহাস গড়তে সময় লাগে মাত্র ৮ মিনিট ৩২ সেকেন্ড। ২০২৬ বিশ্বকাপে প্রথম গোলটি তার। এ তালিকায় সর্বশেষ সংযোজন হিসেবে যাদের পাশে বসেন— পেলে (১৯৬৬), পল ব্রাইটনার (১৯৭৪), আদেমির (১৯৫০), ইয়ুর্গেন ক্লিন্সমান (১৯৯৪) ও ফিলিপ লাম (২০০৬)। বিশ্বকাপে কোনো আসরে প্রথম গোল এই প্রথমবারের মতো কোনো মেক্সিকানের কাছ থেকে দেখা গেল। কিনিয়োনেস জন্মসূত্রে মেক্সিকান নন, তার জন্ম কলম্বিয়ায় কফির শহর মাণ্ডই পায়ানে। বিশ্বকাপের ইতিহাসে এই প্রথমবারের মতো কোনো আসরের প্রথম গোলটি এমন এক খেলোয়াড় করলেন, যিনি তার দলের দেশে জন্মাননি। শুধু তাই নয়, বিশ্বকাপের ইতিহাসে এই প্রথম কনক্যাকাফ অঞ্চলের কোনো দলের খেলোয়াড় আসরের প্রথম গোলটি করলেন।

■ মাঠে নামার আগেই রেকর্ড বইয়ে নাম লেখান ইউতো নাগাতোমো। জাপানের এবারের বিশ্বকাপ দলে জায়গা পেয়েই তিনি হয়ে যান এশিয়ার প্রথম ফুটবলার, যিনি পাঁচটি ভিন্ন বিশ্বকাপের স্কোয়াডে অন্তর্ভুক্ত হন। ২০১০, ২০১৪, ২০১৮, ২০২২ ও ২০২৬— টানা পাঁচ বিশ্বকাপে জাপান দলে আছেন এই অভিজ্ঞ ডিফেন্ডার। বয়স ৩৯ হলেও তার গল্প এখনো শেষ হয়নি। বিশ্বকাপে সবচেয়ে বেশি ম্যাচ খেলা এশীয় ফুটবলারের তালিকার শীর্ষে নাগাতোমো।

■ **৮ বুড়ো নিয়ে রেকর্ড বিশ্বকাপ :** ২০২৬ বিশ্বকাপে ৪০ বছর বা তার বেশি বয়সি খেলোয়াড়ের সংখ্যা রেকর্ড ৮ জন। এক আসরে এই বয়সি এত ফুটবলার এর আগে কখনো দেখা যায়নি। এবার ন্যূনতম ৪০ বছর বয়সি আট ফুটবলার হলেন— ক্রেগ গর্ডন, ক্রিস্টিয়ানো রোনালদো, গিয়ের্মো ওচোয়া, লুকা মদরিচ, এডিন জেকো, ম্যানুয়াল নয়্যার, জোসিমার দিয়াজ ও ফার্নান্দো মুসলেরা। তবে বিশ্বকাপের ইতিহাসে সবচেয়ে বয়স্ক খেলোয়াড়ের রেকর্ড মিসরের সাবেক গোলরক্ষক হিসাম আল হাদারির (৪৫ বছর ১৬১ দিন)। ২০১৮ বিশ্বকাপে এই রেকর্ড গড়েন তিনি।

■ **প্রথম পয়েন্ট পেল কানাডা ও কাতার :** দারুণ খেলেও বসনিয়া ও হার্জেগোভিনার বিপক্ষে ১-১ গোলে ড্র করে কানাডা। এর আগে ১৯৮৬ ও ২০২২ বিশ্বকাপে মোট ৬ ম্যাচ খেলে সব কটিতেই হারে কানাডা। এবার স্বাগতিক হিসেবে বিশ্বকাপে প্রথম ম্যাচেই পয়েন্ট পায়।

■ **সর্বোচ্চ গোলের রেকর্ড :** ১৪ জুন ২০২৬ কুরাসাওকে ৭-১ গোলে উড়িয়ে দেওয়ার ম্যাচে বিশ্বকাপ ইতিহাসে সবচেয়ে বেশি গোল করা দলের তালিকায় শীর্ষে উঠে আসে চারবারের বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানি।

| অবস্থান | দেশ | ম্যাচ | গোল |
|---|---|---|---|
| ১ | জার্মানি | ১১৩ | ২৩৯ |
| ২ | ব্রাজিল | ১১৫ | ২৩৮ |
| ৩ | আর্জেন্টিনা | ৮৯ | ১৫৫ |
| ৪ | ফ্রান্স | ৭৪ | ১৩৯ |
| ৫ | ইতালি | ৮৩ | ১২৮ |

[আপডেট : ১৮ জুন ২০২৬]

ক্যামেরুনের অন্যতম জনপ্রিয় খেলা ফুটবল

## বিশ্বকাপের রেকর্ড

০ বিশ্বকাপের দীর্ঘ ৯৬ বছরের ইতিহাসে বিদেশি কোচ নিয়ে বিশ্বকাপ জিততে পারেনি কোনো দল।

১ খেলোয়াড় হিসেবে সবচেয়ে বেশি বিশ্বকাপ জিতেন ব্রাজিল কিংবদন্তি পেলে।

২ দুটি বিশ্বকাপজয়ী একমাত্র কোচ ইতালির ভিত্তরিও পোজ্জো (১৯৩৪ ও ১৯৩৮)। টানা দু'বার করে চ্যাম্পিয়ন ব্রাজিল (১৯৫৮ ও ১৯৬২) এবং ইতালি (১৯৩৪ ও ১৯৩৮)

৩ এক ফাইনালে সবচেয়ে বেশি গোল ইংল্যান্ডের জিওফ হার্স্ট (১৯৬৬) ও ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পের (২০২২)।

৫ সবচেয়ে বেশিবার চ্যাম্পিয়ন ব্রাজিল। এক ম্যাচে সবচেয়ে বেশি গোল রাশিয়ার ওলেগ সালেঙ্কোর ১৯৯৪ সালে ক্যামেরুনের বিপক্ষে।

৬ সর্বোচ্চ ছয়টি বিশ্বকাপ খেলেন তিনজন— মেক্সিকোর গিয়ের্মো ওচোয়া, আর্জেন্টিনার লিওনেল মেসি ও পর্তুগালের ক্রিস্টিয়ানো রোনালদো।

ফাইনাল খেলেছে জার্মানি ৮ বার।
বিশ্বকাপের চূড়ান্ত পর্বে সর্বোচ্চ উপস্থিতি ব্রাজিলের ২৩ বার।
বিশ্বকাপে মোট হ্যাটট্রিক গোল ৫৫টি।
এবারের আগে বিশ্বকাপ খেলা মোট দলের সংখ্যা ৮০টি।

## সর্বোচ্চ গোলদাতা

| গোল | খেলোয়াড় | দল | ম্যাচ |
|---|---|---|---|
| ১৬ | মিরোস্লাভ ক্লোসা | জার্মানি | ২৪ |
| ১৬ | লিওনেল মেসি | আর্জেন্টিনা | ২৭ |
| ১৫ | রোনালদো | ব্রাজিল | ১৯ |
| ১৪ | গার্ড মুলার | জার্মানি | ১৩ |
| ১৪ | কিলিয়ান এমবাপ্পে | ফ্রান্স | ১৫ |
| ১৩ | জ্যাস্ট ফন্তেঁ | ফ্রান্স | ৬ |
| ১২ | পেলে | ব্রাজিল | ১৪ |

## গোলকের মাইলফলক

১
লুসিয়েঁ লরাঁ, ফ্রান্স-মেক্সিকো, ১৯৩০

১০০
অ্যাঞ্জেলো শিয়াভিও, ইতালি-যুক্তরাষ্ট্র, ১৯৩৪

৫০০
ববি কলিন্স, স্কটল্যান্ড-প্যারাগুয়ে, ১৯৫৮

১০০০
রব রেনসেনব্রিঙ্ক, নেদারল্যান্ডস-স্কটল্যান্ড, ১৯৭৮

১৫০০
ক্লদিও ক্যানিজিয়া, আর্জেন্টিনা-নাইজেরিয়া, ১৯৯৪

২০০০
মার্কাস আলবাক, সুইডেন-ইংল্যান্ড, ২০০৬

২৫০০
ফখরেদ্দিন বেন ইউসেফ, তিউনিসিয়া-পানামা, ২০১৮